WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET___WBTET
TET___পর্যালোচনা
GK+GI+GS+CA

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2017

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

www.ekarmakshetra.com

বর্ষ ৪০ সংখ্যা ৩২ | কলকাতা | বুধবার, ৪ মার্চ ২০২০/১ | বাঙালির কর্মজীবনের প্রবেশপথ | ২০ ফাল্গুন ১৪২৬ | দাম ৫.০০ টাকা | ২৪ পাতা | R. N. 37120/80

জীবিকার আটঘাট
...পৃঃ ৯-১৬

## জীবনবিমায় অফিসার ও ইঞ্জিনিয়ার

অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, অ্যাসিস্ট্যান্ট আর্কিটেক্ট এবং অ্যাসিস্ট্যান্ট অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে ২১৮ জনকে নেবে লাইফ ইনশিওরেন্স কর্পোরেশন (এল আই সি)। নিয়োগ হবে সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, চার্টার্ড অ্যাকাউন্টেন্সি-সহ বিভিন্ন শাখায়। এক থেকে দু'বছরের প্রবেশন। প্রার্থী বাছাইয়ের জন্য অনলাইন পরীক্ষা নেওয়া হবে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

শূন্যপদের বিবরণ: অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার: সিভিল: ২৯টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৩, ও বি সি ৬, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং চলাফেরায় অসুবিধা আছে এমন প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। ইলেক্ট্রিক্যাল: ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। স্ট্রাকচারাল: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। ইলেক্ট্রিক্যাল/মেকানিক্যাল: ৩টি (সাধারণ ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। অ্যাসিস্ট্যান্ট আর্কিটেক্ট: ৪টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)।

শিক্ষাগত যোগ্যতা: সিভিল শাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে বি ই বা বি টেক, সঙ্গে বহুতল ভবন নির্মাণ-সংক্রান্ত কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে বি ই বা বি টেক, সঙ্গে বহুতল ভবন নির্মাণ-সংক্রান্ত কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। স্ট্রাকচারাল শাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে এম ই বা এম টেক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মেকানিক্যাল/ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে বি ই বা বি টেক, সঙ্গে বহুতল ভবন নির্মাণ-সংক্রান্ত কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অ্যাসিস্ট্যান্ট আর্কিটেক্ট পদের ক্ষেত্রে বি আর্ক, সঙ্গে অটো ক্যাড সফটওয়্যার বা সমতুল প্রযুক্তির ব্যবহার জানতে হবে এবং কাউন্সিল অব আর্কিটেকচারে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। এর পাশাপাশি

এরপর তেইশের পাতায়

## এয়ার ইন্ডিয়ায় ১২২

বিভিন্ন পদে ১২২ জন কর্মী নেবে এ আই এয়ারপোর্ট সার্ভিসেস (পূর্বতন এয়ার ইন্ডিয়া এয়ার ট্রান্সপোর্ট সার্ভিসেস)। নিয়োগ করা হবে কাস্টোমার এজেন্ট, জুনিয়র এক্সিকিউটিভ ও প্যারা মেডিক্যাল এজেন্ট পদে। নির্দিষ্ট মেয়াদের চুক্তিতে নিয়োগ করা হবে। ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। পরীক্ষার তারিখ ১০ ও ১১ মার্চ। পরীক্ষাকেন্দ্র মুম্বই।

শূন্যপদের বিন্যাস: কাস্টোমার এজেন্ট: ১০০টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কম্পিউটার জ্ঞান থাকতে হবে। আই এ টি এ-ইউ এফ টি এ এ বা আই এ টি এ-এফ আই এ টি বা আই এ টি এ-ডি জি আর বা আই এ টি এ-কার্গো বিষয়ে ডিপ্লোমা করে থাকলে অগ্রাধিকার। বয়স: ২৮ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ ২-৩-১৯৯২ থেকে ১-৩-২০০২-এর মধ্যে হতে হবে। বেতন: নির্দিষ্ট মাসিক ২১,৩০০ টাকা।

প্যারা মেডিক্যাল এজেন্ট-কাম-কেবিন সার্ভিসেস এজেন্ট: ১২টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। সেই সঙ্গে নার্সিংয়ে ডিপ্লোমা থাকতে হবে। অথবা

এরপর তেইশের পাতায়

## ভেতরের পাতায়

### একদিনের প্রশিক্ষণে ভেষজ আবির তৈরি

ফুল থেকে তৈরি ভেষজ আবিরের সবচেয়ে বড় গুণ তা ত্বক ও চোখের ক্ষতি করে না। দাম তুলনায় বেশি হলেও বিক্রি প্রতি বছরই বাড়ছে। ভেষজ আবির বানানো শিখে দোলের সময় ভালো উপার্জন করতে পারেন। ...পৃঃ ৯

### মাধ্যমিকের পর টুল অ্যান্ড ডাই মেকিং কোর্স

যন্ত্র ছাড়া বানানো যায় না কোনও পণ্যই। আর সেই যন্ত্রটিই বানান টুল অ্যান্ড ডাই মেকাররা। দক্ষ টুল অ্যান্ড ডাই মেকারদের তাই দারুণ চাহিদা কাজের বাজারে। মাধ্যমিকের পরই পড়তে পারেন ডিপ্লোমা কোর্স। ...পৃঃ ১৩

### হোটেল ম্যানেজমেন্টের প্রবেশিকা পরীক্ষার খুঁটিনাটি

...পৃঃ ১০

### তথ্য-বিশ্লেষকের পেশায় অপার সম্ভাবনা

দক্ষ তথ্য-বিশ্লেষকের চাহিদা রয়েছে শিল্প-ও আর্থিক সংস্থাগুলিতে। অঙ্ক ও রাশিবিজ্ঞানে আগ্রহ থাকলে পড়তে পারেন কোয়ালিটি, রিলায়েবিলিটি অ্যান্ড অপারেশনস রিসার্চের স্নাতকোত্তর কোর্স। পড়া যাচ্ছে ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটের কলকাতা কেন্দ্রে। বয়সের বিধিনিষেধ নেই। ...পৃঃ ৯

## হিন্দুস্তান উর্বরক অ্যান্ড রসায়নে ইঞ্জিনিয়ার

### গেট-২০১৯ পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে

৯০ জন ইঞ্জিনিয়ার নেবে হিন্দুস্তান উর্বরক অ্যান্ড রসায়ন। এটি কোল ইন্ডিয়া, এন টি পি সি, ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন, ফার্টিলাইজার কর্পোরেশন অব ইন্ডিয়া এবং হিন্দুস্তান ফার্টিলাইজার কর্পোরেশনের যৌথ উদ্যোগে গঠিত একটি সংস্থা। নিয়োগ করা হবে কেমিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল এবং ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে।

শাখা অনুসারে শূন্যপদ: ভ্যাকেন্সি নম্বর ০১/২০: কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং: শূন্যপদ ৩৮টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং)। সেই সঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় সংশ্লিষ্ট 'সি এইচ' (কেমিক্যাল) পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

ভ্যাকেন্সি নম্বর ০২/২০: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: শূন্যপদ ২৫টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং)। সেই সঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় সংশ্লিষ্ট 'এম ই' (মেকানিক্যাল) পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

ভ্যাকেন্সি নম্বর ০৩/২০: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং: শূন্যপদ ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং)। সেই সঙ্গে গেট-

এরপর তেইশের পাতায়

## মালদায় ১২৯ আশাকর্মী

১২৯ জন আশা (অ্যাক্রেডিটেড সোশ্যাল হেলথ অ্যাক্টিভিস্ট) কর্মী নেবে মালদা জেলার চাঁচলের সাব-ডিভিশনাল অফিস। নিয়োগ হবে জেলার চাঁচল-১, চাঁচল-২, হরিশ্চন্দ্রপুর-১, হরিশ্চন্দ্রপুর-২, রতুয়া-১ এবং রতুয়া-২ ব্লকের অন্তর্ভুক্ত বিভিন্ন হেলথ সাব-সেন্টারে। শুধু বিবাহিত, আইনগতভাবে বিবাহবিচ্ছিন্ন এবং বিধবা মহিলারাই দরখাস্ত করতে পারবেন। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের স্থায়ী বাসিন্দা হতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 285/SDO/CHL.

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। উচ্চতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীরাও আবেদন করতে পারেন। তবে সেক্ষেত্রে মাধ্যমিকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতেই প্রার্থীর যোগ্যতা বিবেচিত হবে। কোনও স্বনির্ভর গোষ্ঠীর সদস্যা বা লিঙ্ক ওয়ার্কার হলে বা ধাইয়ের কাজে প্রশিক্ষণ থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে।

বয়স: ১-১-২০২০ তারিখে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিদের ক্ষেত্রে ২২ থেকে ৪০ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করা যাবে।

মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

এরপর তেইশের পাতায়

## নর্দার্ন কোলফিল্ডসে মাইনিং সর্দার, সার্ভেয়র

৯৫ জন মাইনিং সর্দার ও সার্ভেয়র নেবে নর্দার্ন কোলফিল্ডস। টেকনিক্যাল অ্যান্ড সুপারভাইজরি ক্যাটেগরিতে নিয়োগ করা হবে মধ্যপ্রদেশের সিংগ্রৌলি জেলা এবং উত্তরপ্রদেশের শোনভদ্র জেলার বিভিন্ন খনি ও সংস্থায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর NCL/HQ/PD/Manpower/DR/2019-20/145.

শূন্যপদের বিবরণ: মাইনিং সর্দার: শূন্যপদ ৮৮টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৩৫, ও বি সি ৯, আর্থিকভাবে অনগ্রসর ৬)।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে ডিরেক্টোরেট জেনারেল অব মাইনস অ্যান্ড সেফটি (ডি জি এম এস) কর্তৃক স্বীকৃত বৈধ মাইনিং সর্দার কম্পিটেন্সি সার্টিফিকেট বা মাইনিং সংক্রান্ত কোনও অন্য সার্টিফিকেট। সঙ্গে বৈধ ফার্স্ট এইড সার্টিফিকেট এবং বৈধ গ্যাস টেস্টিং সার্টিফিকেট থাকতে হবে। অথবা মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে মাইনিং

এরপর সাতের পাতায়

## দক্ষিণ ২৪ পরগনায় অঙ্গনওয়াড়ি কর্মী

দক্ষিণ চব্বিশ পরগনায় মগরাহাট-১ ও অতিরিক্ত মগরাহাট-১ সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্পে ৬০ জন অঙ্গনওয়াড়ি কর্মী ও অঙ্গনওয়াড়ি সহায়িকা নেওয়া হবে। কেবল মহিলা প্রার্থীরা আবেদন করবেন। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির স্থায়ী বাসিন্দা হতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ৯১/আই সি ডি এস/এম জি টি-১।

শূন্যপদের বিবরণ: অঙ্গনওয়াড়ি কর্মী: ১৭টি। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক বা সমতুল। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির স্থায়ী বাসিন্দা

এরপর তেইশের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন




## ভারত ইলেক্ট্রনিক্সে ১৪৮ ট্রেড অ্যাপ্রেন্টিস

১৪৮ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ভারত ইলেক্ট্রনিক্স। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ অনুসারে গাজিয়াবাদে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: 12930/64/HRD/GAD/05.

ট্রেড অনুসারে আসন: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৬৯টি। ফিটার: ১৬টি, টার্নার: ৪টি, ইলেক্ট্রিশিয়ান: ১৪টি, ইলেক্ট্রনিক মেকানিক: ১৯টি, মেশিনিস্ট: ৫টি, ড্রাফটসম্যান (সিভিল): ৪টি, ড্রাফটসম্যান (মেকানিক্যাল): ৯টি, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং: ৪টি, ইলেক্ট্রোপ্লেটার: ৪টি। ইলেক্ট্রোপ্লেটার ট্রেডের ক্ষেত্রে শুধু পুরুষরাই আবেদন করবেন।

শিক্ষাগত যোগ্যতা: এন সি ভি টি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। বয়স: ৩১-৩-২০২০ তারিখে ২১ বছরের মধ্যে হতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

৩১-৩-২০২০ তারিখ অনুসারে তিন বছর আগে আই টি আই পাশ প্রার্থীরা আবেদন করবেন না। এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে আবেদন করবেন না।

স্টাইপেন্ড: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডের ক্ষেত্রে প্রতি মাসে ৭,২৮৫ টাকা এবং অন্যান্য ট্রেডের ক্ষেত্রে প্রতি মাসে ৮,১৯৬ টাকা।

প্রাথমিকভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে।

প্রথমে প্রার্থীকে অ্যাপ্রেন্টিস হিসেবে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeship.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। রেজিস্ট্রেশনের পর ওই ওয়েবসাইটেই এস্টাব্লিশমেন্ট সার্চ অপশনে গিয়ে ভারত ইলেক্ট্রনিক্সে অ্যাপ্রেন্টিসশিপের জন্য আবেদন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (২০ কেবি সাইজের মধ্যে), আধার কার্ড (১ এম বি সাইজের মধ্যে) এবং শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র (১ এম বি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনের শেষ তারিখ ১৬ মার্চ।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in
বর্ষ ৪০ সংখ্যা ৩২ □ ৪ মার্চ ২০২০

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com

## কর্মখালি

**SBI/ UCO/ HDFC/ YES BANK/** ব্যাংক অফিস ও MNC Co.-তে সরাসরি অফিসিয়াল / স্থায়ীপদে 254 জন স্মার্ট বাংলাভাষী (18-36) M/F শীঘ্রই নিয়োগ। বেতন: 11,754/- – 34,850/- (PF + ESI + Inc) W2C, Kol-56. বেলঘরিয়া/ ব্যারাকপুর: 83348-59516, বেহালা/ ধর্মতলা: 62892-51870, বিধাননগর/ হাওড়া: 90513-83837, গড়িয়া/ টালিগঞ্জ: 62911-81432.

□

বিশ্বস্ত প্রতিষ্ঠানের জন্য অষ্টম শ্রেণী পাশ যোগ্যতায় ও ১৮ বৎসরের ঊর্ধ্বে উপযুক্ত পারিশ্রমিকের ভিত্তিতে শ্রমিক নিযুক্ত করা হবে। সত্বর যোগাযোগ করুন: Ram Ram Handicraft, 244/7, Badu Road, Digberia, VKD Complex, Madhyamgram, Kolkata-700 128. Phone No.: 82072-06869 / 85829-33001. Time: 11 AM-2 PM.

□

### হোটেল ম্যানেজমেন্ট

কেন্দ্র-রাজ্য সরকার ISO স্বীকৃত সংস্থায় কম সময়ে কম খরচে কোর্স করে ভবিষ্যৎ গড়ুন। ৮,০০০/- + থাকা, খাওয়া, উন্নতি। bshm.co.in / 92316-80654.

□

### 3-5 স্টার হোটেলে স্থায়ী কাজ

**Salary 10,700-19,900/- থাকা খাওয়া** Free. Acropolish Mall, Kol-107. Sonar Bangla : 086977-55628.

□

### ৫ জন টেলি কলার চাই

কামাল হোসেনের কলেজ স্ট্রিটের ইনস্টিটিউটে ৯.৩০ থেকে ৬টা পর্যন্ত ছাত্র-ছাত্রীদের সঙ্গে ফোনে কথা বলার জন্য কথাবলায় পটু, স্মার্ট মাধ্যমিক উত্তীর্ণা মহিলারা ফটো ও বায়োডাটা-সহ আসুন ১২, ১৩, ১৪ মার্চ, ২০২০ ঠিক ১২-১ টার মধ্যে। প্রত্যহ ২৫০/-। কামাল হোসেন কোচিং, কলেজ স্ট্রিট কফি হাউসের পিছনে।

□

### কোচিং-এর ম্যানেজার চাই

কামাল হোসেনের কলেজ স্ট্রিটের ইনস্টিটিউটে ৯.৩০ থেকে ৬টা পর্যন্ত চাকরির পরীক্ষার ছাত্র-ছাত্রীদের ক্লাসে নজরদারি ও পরিচালনা করার জন্য গ্র্যাজুয়েট অত্যধিক স্মার্ট ও গাম্ভীর্যপূর্ণ ৩০ ঊর্ধ্ব পুরুষ/ মহিলা ফটো ও বায়োডাটা-সহ আসুন ১৪ মার্চ, ২০২০ ঠিক ২-৪-টের মধ্যে। প্রত্যহ ২৫০/-। কামাল হোসেন কোচিং, কলেজ স্ট্রিট কফি হাউসের পিছনে।

□

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৭ মার্চ দুপুর ২টো পর্যন্ত।

□□□

১৮ মার্চ **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৪ মার্চ দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

### সরাসরি কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co, নার্সিং হোম, Pvt. হাসপাতাল, Co-তে কর্মী নিয়োগ চলছে। বেতন: (12,500/- – 18,500/-). M.J.S., Kol-9, (M): 89728-69872.

□

### BSNL/VODA/JIO 4G

কাস্টমার কেয়ারে (10-6 PM) রাজ্যের বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক-M.A) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: (18-38), Sal: 13,500/- – 48,900/- + PF + ESI + মেস। IING, Kol-108. বেহালা: 96742-56755, উঃ/দঃ ২৪ পরগনা: 93308-35785.

□

### GUARANTED JOB

সরাসরি Pvt. ব্যাঙ্কে Payroll ও DSA-তে ব্যাঙ্ক অফিস ও Operation-এ Urgent প্রার্থী চাই। (MP-MA) PF + ESI. হাওড়া/ হুগলি: 70443-81672 শ্রীরামপুর/ ব্যান্ডেল: 86976-16060 ব্যারাকপুর/ ডানলপ: 74497-02185 নৈহাটি/ কল্যাণী: 86975-95918 বনগাঁ ও দমদম: 84208-88113. (N. C.)

□

### আর্জেন্ট ভ্যাকান্সি

23 জেলায় Pvt. নার্সিং হোম, টাওয়ার Co, ATM গার্ড ও ব্যাঙ্ক (DSA)-তে কাজের কর্মী চাই। বেতন: 12,500/- – 18,900/-) MEGHDOOT, R. M. Lane, Kol-09, (M): 83369-73383.

□

পঃ বঃ ২৩টি জেলায়, Pvt নার্সিং হোম, হসপিটালে স্থায়ী কাজে কর্মী চাই। বেতন: 11,400/- – 19,500/-, R. L., Kol-9. (M): 78726-66501.

□

প্রতিটি জেলায় Pvt হসপিটাল, নার্সিং হোম, শপিং মলে কাজের জন্য M/F চাই। বেতন: 11,500/- – 18,500/-. (M): 78727-52502, M.J.S., Kol-9.

□

**SBI/Naptol/ Jio কাস্টঃ কেয়ারে** বাংলা ভাষা জানা M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক, বেতন: INC + OT-সহ 12,800/-, Z.M.S, Salt Lake, Sec-V, Kol-91. M: 96744-97493.

## স্কুল-কলেজ শিক্ষা

**Math, G.I, G.K Guide** বেলঘরিয়া CGL, 10+2, রেল (Gr. D/SM), পুলিশ PSC ক্লার্ক, WBCS, ব্যাঙ্ক (ক্লার্ক/PO) মাসিক ফি, চন্দ্রস্যার: 99035-00682.

□

**350 টাকা মাসে PSC, ক্লার্ক, RAIL** WBSSC কোচিং, MATH, GK, GI, শিয়ালদহ, ঢাকুরিয়া,-Kol-34. Pathsala: 98046-61270.

□

### টিচার্স ট্রেনিং

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Installment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর (স্টেশনের নিকটে): 92315-51285/70449-27065.

□

**কর্মক্ষেত্র**
কার্যালয়ে যোগাযোগের ঠিকানা:
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:
অর্ণব দাশগুপ্ত: [illegible]
সুমনা সেনগুপ্ত: [illegible]

## স্কুল-কলেজ শিক্ষা

### ভারত সরকার স্বীকৃত নার্সিং ট্রেনিং কলেজ (বালিগঞ্জ)-এ ভর্তির বিজ্ঞপ্তি

**'2 Years BSS প্র্যাক্টিক্যাল নার্সিং ট্রেনিং'**-এ (Approved by BSS, Ministry of HRD, Govt. of India) সরাসরি ভর্তি চলছে। যোগ্যতা: মাধ্যমিক/ উঃ মাধ্যমিক। ট্রেনিং-এর শেষে চাকরি। Hospital Practice ও Installment-এ ফিস দেওয়ার সুযোগ। রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 97326-84328, 97329-37726. Web: www.nursingtrainingkolkata.com

□

### Math & Eng সোনারপুর

**WBCS, PSC, SSC, পুলিশ, Gr. D** ক্লার্ক, Rail, Bank, প্রাইমারি টেট, S. I. শর্টকাট। Alakesh Sir, 98360-45234.

□

### সরকারি টিচার্স ট্রেনিং

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, Govt. of India approved, Installment ও Placement-এর সুযোগ। Rabindra Path Bhaban. বেলঘরিয়া: 83350-66915 শ্যামবাজার: 83350-66914 কল্যাণী: 83350-66916.

□

### নার্সিং ট্রেনিং

ভর্তি চলছে। ANM Nursing Training (2 Yrs). Approved by BSS / NCVT/ NSDC (Govt. of India), Installment ও Hostel-এর সুবিধা এবং চাকরির বিশেষ সুযোগ। Global Technical Institute (বেলেঘাটা, ফুলবাগান), M: 92301-13485 / 92315-51285.

□

## স্কুল-কলেজ শিক্ষা

### টিচার্স ট্রেনিং

প্রি-প্রাইমারী, প্রাইমারী ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। Approved by B.S.S Govt. of India & IAO (USA). Placement Assistance. কবিগুরুপাঠভবন, শ্যামবাজার, টালিগঞ্জ, হাওড়া: 98308-15220 / 90510-74736.

□

### সরকারি টিচার্স ট্রেনিং

ভারত সরকার অনুমোদিত টিচার্স ট্রেনিং কোর্স (প্রি-প্রাইমারি ও প্রাইমারি) একমাত্র শিক্ষা প্রতিষ্ঠান। Installment ও Placement-এর সুযোগ। রবীন্দ্র পাঠ ভবন, ঠিকানা: শ্যামবাজার, ২২, আর. জি. কর রোড, শ্যামবাজার, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাঙ্কের বিপরীতে, কোল-০৪, 83350-66914 শ্যামবাজারে আমাদের আর কোনও শাখা নেই।

রেজিস্ট্রেশন অব নিউজপেপারস (সেন্ট্রাল) রুলস ১৯৫৬-এর ৮ম ধারা অনুসারে নির্ধারিত তথ্যসমূহ প্রকাশ করা হচ্ছে।
১। প্রকাশস্থান: ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯।
২। প্রকাশকাল: সাপ্তাহিক
৩। প্রকাশক ও মুদ্রকের নাম: অমরেন্দ্র চক্রবর্তী।
নাগরিকত্ব: ভারতীয়
ঠিকানা: ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯।
৪। সম্পাদকের নাম: মহাশ্বেতা সমাজদার।
নাগরিকত্ব: ভারতীয়
ঠিকানা: ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯।
৫। যেসব ব্যক্তি এই সংবাদপত্রের মালিক এবং অংশীদার অথবা যাঁরা মোট মূলধনের এক শতাংশের বেশি শেয়ারের অধিকারী তাঁদের নাম ও ঠিকানা:
(ক) মালিক: স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড, রেজিস্টার্ড অফিস ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯।
(খ) মোট মূলধনের এক শতাংশের বেশি শেয়ারের অধিকারী: এবিপি প্রাইভেট লিমিটেড, ৬ প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭০০ ০০১
আমি অমরেন্দ্র চক্রবর্তী এতদ্বারা ঘোষণা করছি যে উপরোক্ত তথ্যগুলি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।
স্বা
১ মার্চ, ২০২০ প্রকাশক

## সরকারি গবেষণাকেন্দ্রে প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট

প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট (লেভেল-১) পদে ৭৫ জনকে নেবে কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চের অধীনস্থ ন্যাশনাল এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউট। উত্তরপ্রদেশে সরকারি প্রকল্পে চুক্তিতে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/WTMD/2020.

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ ফিজিক্স বা কেমিস্ট্রি বা বায়োলজি বা মাইক্রোবায়োলজি বা বায়ো-কেমিস্ট্রিতে বি এসসি। কম্পিউটার অপারেশনের জ্ঞান থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ২৮ বছরের মধ্যে হতে হবে। মহিলা, তফসিলি এবং ও বি সিরা ৫ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতন:** প্রতি মাসে ১৫,০০০ টাকা।

প্রাথমিকভাবে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১৯ ও ২০ মার্চ, লখনউয়ে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.neeri.res.in দরখাস্তের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি ফটো সেঁটে দেবেন ও আড়াআড়িভাবে ফটোর উপর সই করে দেবেন।

পূরণ করা দরখাস্তটি স্ক্যান করে নেবেন। প্রয়োজনীয় নথিপত্রের স্ক্যান্ড কপি-সহ দরখাস্তটি ১২ মার্চের মধ্যে ই-মেল করতে হবে এই ঠিকানায়: wtmd@neeri.res.in এছাড়া ডাকেও দরখাস্ত পাঠানো যাবে।

· খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা, একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/ পার্ট, এজেন্ট/ ব্যানডামার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ৬০০ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন।

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448
E-mail: advt@swarnakshar.in

WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP_D_RAIL
TARGET_WBTET
TET_পর্যালোচনা
GK+GI+GS+CA

**DISCLAIMER**
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## স্বর্ণাক্ষরে বাংলা বই

**শঙ্খ ঘোষের**
ইছামতীর মশা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০
বেড়াতে যাবার সিঁড়ি
আরও একগুচ্ছ ভ্রমণকথা ₹১২০

**নবনীতা দেব সেনের**
ভ্রমণের নবনীতা
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে। ৩য় মুদ্রণ ₹১২৫

প্রথম ভারতীয় ভূপর্যটক
**বিমল মুখার্জির**
দুচাকায় দুনিয়া
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
৭ম মুদ্রণ ₹৩০০

**অমরেন্দ্র চক্রবর্তীর**
বন্ধুভরা বসুন্ধরা
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

**রবীন চক্রবর্তীর**
বাঁধা পথের বাঁধন ছেড়ে
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
দ্বিতীয় সংস্করণ ₹৯০

**শঙ্কররঞ্জন রায়চৌধুরীর**
চিন তিব্বত মোঙ্গোলিয়া
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। দ্বিতীয় মুদ্রণ ₹৯০

**সেরা ভ্রমণ কাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনি।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

**মহাশ্বেতা দেবীর**
বিস্ময়কর বই
তুতুল তৃতীয় মুদ্রণ ₹৬০

**সুভাষ মুখোপাধ্যায়ের**
ছড়ার বই বকবকম ₹১৫

**কানাইলাল চক্রবর্তীর**
খুব ছোটদের জন্য এক আশ্চর্য বই
চলো দেখে আসি
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹৫০
চড়ুইয়ের সঙ্গে ₹১৫
কুমির হয়ে জলে গেল ₹৩০

**মৈত্রেয়ী নাগের**
বাঘ বেড়ালের ছড়া ছবি ₹৩০
আষাঢ়ে গল্প ₹৬০

**অমরেন্দ্র চক্রবর্তীর**
ছোটদের বই
চোখে দেখা গল্প ₹১৫০
মাতলাগাঙের ভূত ₹৭৫
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
গরিলার চোখ ₹৮০
লিচুবাগানের চৌকিদার ₹৮০
বরফের বাগান ₹১২০
ছেঁড়াকাঁথার গল্প ₹৭৫
আমাজনের জঙ্গলে
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
হীরু ডাকাত
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘন্টার MP3 সিডি
শাদা ঘোড়া ৭ম মুদ্রণ ₹৭০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
গৌর যাযাবর
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত। পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
টিয়াগ্রামের ফিঙেনদী
সুগাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
ঋষিকুমার ₹২০ পাখির খাতা ₹৪০
ভূতের বাঁশি ₹৪০
তালগাছের ডোঙা ₹২০

### প্রাপ্তিস্থান

শিশু সাহিত্য সংসদ প্রাঃ লিঃ, ৩২এ, আচার্য প্রফুল্লচন্দ্র রোড, কলকাতা-৯ ফোন: [illegible]-৭৬৬৯/ ৩১৯৫ ফ্যাক্স: ০৩৩ ২৩৬০-৩৫০৮। কথাশিল্প, কলেজ স্ট্রিট। [illegible]ন বুক স্টোর, ১০/২এ, রমানাথ মজুমদার স্ট্রিট, কলকাতা-৯ ফোন: ৮০১৭০ ৯০৬৫৫। দে বুক স্টোর (আদি), দে বুক স্টোর (দীপু), বলাকা বুক স্টল ইত্যাদি। ■ বাংলাদেশে: বাতিঘর চট্টগ্রাম, প্রেস ক্লাব ভবন, ১৪৬/১৫১ জামাল খান রোড, চট্টগ্রাম-৪০০০। ফোন: ০৩১২৮৬৯৩৯১/০১৭৩৩০৬৭০০৫। বাতিঘর ঢাকা, বিশ্বসাহিত্য কেন্দ্র ভবন, ১৭, ময়মনসিংহ রোড, বাংলা মোটর, ঢাকা ১০০০। ফোন: ০২৯৬৩৫৩৩৯/ ০১৯৭৩০০৪০৪৪। বাতিঘর সিলেট, গোল্ডেন সিটি কমপ্লেক্স, ৬৮২, পূর্ব জিন্দাবাজার, সিলেট ৩১০০ ফোন: ০১৯১১৫০৯৬৯৬

**অনলাইন কিনতে হলে: www.readbengalibooks.com**

সব বই এখান থেকেও কেনা যাবে

**স্বর্ণাক্ষর**
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ফোন: ৯৮৩৬৬-৩৯১৭৩ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
ই-মেল: swarnakshar.books@gmail.com

স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# রসগোল্লা তৈরির মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** রসগোল্লা বাঙালির অতি প্রিয়। সারা বছরই এর চাহিদা থাকে। এই মেশিনের সাহায্যে ছানা থেকে স্বয়ংক্রিয় পদ্ধতিতে রসগোল্লার বল তৈরি হবে। যে-কোনও মিষ্টির দোকানে যেমন এই মেশিনের চাহিদা আছে, তেমনই নিজেও এই মেশিন কিনে রসগোল্লা তৈরি করে দোকানে বা উৎসব-অনুষ্ঠানে সাপ্লাই করতে পারেন।

**কীভাবে করবেন:** প্রথমে ৫ কেজি ছানা মেশিনের হপারে দিতে হবে। এরপর মেশিন চালু করলেই সম্পূর্ণ স্বয়ংক্রিয় পদ্ধতিতে সেই ছানা মাখা হয়ে যে মাপের রসগোল্লা করতে চান সেই মাপের গোল বল তৈরি হয়ে বেরিয়ে আসবে। ৫ কেজি ছানা থেকে মাত্র ৩০ মিনিটে ২০০টি রসগোল্লার বল তৈরি হবে। এরপর একটি কড়াইয়ে চিনির রস তৈরি করে, তাতে ওই বলগুলি ফেলে ফুটিয়ে নিলেই রসগোল্লা তৈরি হয়ে যাবে। এই মেশিনটি চালাতে ½ হর্সপাওয়ার বিদ্যুৎ লাগবে।

**কোন মেশিনের কী দাম:** সম্পূর্ণ স্বয়ংক্রিয় রসগোল্লা তৈরির এই মেশিনটির দাম ৩ লাখ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com


## নিশ্চিত চাকুরি মুখী কোর্স

**100% Placement Assistance**

3 Months / 6 Months /1 Yr. / 2 Yrs. / 3Yrs. courses available

| Name of Courses | Minimum Fees |
|---|---|
| Mobile Repairing (Android / I-Phone) | 5000 /- |
| Hardware Networking | 5000 /- |
| Journalism & Mass Comm. | 7500 /- |
| Fashion Design | 7500 /- |
| Interior Decoration | 7500 /- |
| Lab Technology ( DMLT ) | 7500 /- |
| Management Courses : ( Office / Tourism / Digital Marketing Retail / Export & Import / Share Trading & Insurance) | 5000 /- |
| Ast. Nursing (ANM /GNM) | 5000 /- |
| Medical Representive | 5000 /- |
| Para Medical (X-RAY , OTT, PT, DT, MHW, NUTRITION ) | 7500 /- |

+যোগ্যতা - Min. Class X / Appeared for Basics Course and Class XII /Appeared for Advance Course

+ ডিগ্রি / ডিপ্লোমা Under UGC Approved University
+ Get Salary Up to 3 lacs P.A. + Loan Facility
+ A.C Class room + Hostel Facility (Boys / Girls) @4500/-P.M
+ Flexible class timing (Also Sunday)
+ International Job Assistance ( IELTS / TOEFL )

**Mindmine**
Institute For Skill Training (Group Estd.1998 )
Website :www.mindmineskillindia.com
+ মৌলালী (Lenin Sarani) @7595077657
+ ঠাকুরপুকুর (Joka Metro) @7595077656



## দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট

ESTD.-1920

ট্রেনিং পার্টনার অফ

ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (N.S.D.C)

Skill India | N.S.D.C National Skill Development Corporation

100 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2020 — জীবন গড়ার ১০০ বছর

# TEXMACO GEORGE TELEGRAPH Centre Of Excellence BELGHARIA : 9830780280

DAIKIN Centre Of Excellence SEALDAH : 8336939682

AUTOMOBILE ENGINEERING Centre of Excellence SALAP (Howrah) : 9903967142 • RAJARHAT : 9903967146

** * COURSES JOINTLY WITH NETAJI SUBHAS OPEN UNIVERSITY (RECOGNISED BY UGC-DEB)

- ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
- কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড অ্যাডভান্সড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং #
- নেটওয়ার্ক এক্সপার্ট *
- ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং *
- মোবাইল অ্যান্ড টেলিফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- স্মার্টফোন রিপেয়ারিং টেকনিশিয়ান *
- অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
- এসি অ্যান্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং #
- ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান
- সোলার পাওয়ার টেকনোলজি
- সাইবার সিকিউরিটি এণ্ড ইনফরমেশন
- সিসিটিভি টেকনিসিয়ান *
- ডিপ্লোমা ইন মেডিক্যেল ল্যাব টেকনিশিয়ান

যোগ্যতা ক্লাস X/XII বোর্ড পরীক্ষা

- প্রফেশনাল এক্সিকিউটিভ সেক্রেটারী #
- সার্টিফায়েড প্রফেশনাল অ্যাকাউন্ট্যান্ট * (Tally.ERP9 সহ) (গ্রাজুয়েট)
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যান্ড প্রোগ্রামিং #
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যান্ড অফিস ম্যানেজমেন্ট * #
- স্টেনোগ্রাফি *
- ডট নেট টেকনোলজি *
- ডাটা অ্যানালিটিক্স ইউজিং আর
- ডাটা অ্যানালিটিক্স ইউজিং পাইথন
- মেশিন লার্নিং ইউজিং আর
- মেশিন লার্নিং ইউজিং পাইথন
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন কসমেটোলজি *
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন বিউটি *

- অ্যাডভান্স ডিপ্লোমা ইন মেকআপ *
- ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবোরেটরি টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন রেনাল ডায়ালিসিস টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনিশিয়ান
- ইন্টিরিয়র ডিজাইন অ্যান্ড সাইট সুপারভাইজার (Godrej Interio) } পার্ক স্ট্রিট কেন্দ্র
- ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন } পার্ক স্ট্রিট কেন্দ্র
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন } পার্ক স্ট্রিট কেন্দ্র
- টিভিএস অটোমোবাইল টেকনিশিয়ান (TVS Motor Co. Ltd. দ্বারা পরিচালিত)
- গোদরেজ অ্যাডভান্স কোর্স ইন এসি, রেফ্রিজারেশন অ্যান্ড ওয়াশিং মেশিনস (Godrej দ্বারা পরিচালিত)
- অটোমোবাইল ইলেকট্রনিক্স এসি অ্যান্ড ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান (BOSCH দ্বারা পরিচালিত)
- ডাইকিন এয়ার কন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং (DAIKIN দ্বারা পরিচালিত)

অনলাইন অ্যাডমিশনে স্কলারশিপ www.georgetelegraph.org

*Scan QR code for more details

HDFC BANK Easy EMI Scheme (Only Sealdah Centre)

মেন ক্যাম্পাস শিয়ালদহ ✆ 8336939682 / 83 / 84 / 85

অ্যাডমিশন হেল্পলাইন : 9836428285 • WhatsApp 8336939684

CENTRES

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ■ আলিপুরদুয়ার | 9836408027 | ■ দুর্গাপুর | 9051111246 | কাকদ্বীপ | 9830077802 |
| ■ আমতা | 8334975533 | ডাকঘর | 8017522288 | ■ খড়গপুর | 9073610876 |
| ■ আসানসোল | 9051117895 | ডায়মন্ড হারবার | 8017522287 | ■ লিলুয়া (হাওড়া) | 9830136688 |
| বেলঘরিয়া (টেক্সম্যাকো) | 9830780280 | গুয়াহাটি | 9127066277 | মালবাজার | 9674165584 |
| ■ বাগনান | 9051110638 | গার্ডেনরিচ | 9230613574 | ■ মালদা | 9674165585 |
| ■ বোলপুর | 9073333262 | ■ হরিপাল | 9874136799 | ■ মেদিনীপুর | 8335062606 |
| ■ বারাসাত (চাঁপাডালি রোড) | 9674165589 | হাবরা | 9093037766 | মেমারি | 8777687853 |
| ■ বারাসাত (যশোর রোড) | 8336911041 | হলদিয়া | 9732727609 | পাণ্ডুয়া | 9831840004 |
| ■ বেহালা | 9836616668 | ■ জয়নগর | 9836666773 | ■ শিলিগুড়ি | 8335051715 |
| ■ বহরমপুর | 9674165587 | জলপাইগুড়ি | 9434154082 | ■ সোনারপুর | 9830720005 |
| বাঁকুড়া | 9932870010 | ■ কল্যাণী | 9674165588 | সিউড়ি | 9475074332 |
| ব্যারাকপুর (চিড়িয়া মোড়) | 9830596844 | ■ কৃষ্ণনগর | 9674162462 | তমলুক | 9735521383 |
| বর্ধমান | 9007129736 | কোন্নগর | 8697140843 | ঠাকুরপুকুর | 8017522286 |
| ■ কাঁথি | 9674165582 | | | | |

Paramedical

| | |
|---|---|
| বাগনান | 9051110638 |
| বালুরঘাট | 9734935600 |
| বারাসাত | 8336911041 |
| বসিরহাট | 8910505980 |
| বর্ধমান | 8335053588 |
| বেহালা | 8336911653 |
| দুর্গাপুর | 9051111246 |
| ঝাড়গ্রাম | 9547240202 |
| লিলুয়া | 9830136688 |
| মেদিনীপুর | 8944007742 |
| সোনারপুর | 9073727474 |
| শিলিগুড়ি | 8335078359 |
| তারকেশ্বর | 9800119669 |

Smart Centre

| | |
|---|---|
| ■ শ্রীরামপুর | 9073610884 |
| ■ বর্ধমান | 8335053588 |
| নাকতলা (গড়িয়া) | 9831166575 |
| সোনারপুর | 9874055586 |

Beauty

| | |
|---|---|
| ■ ভবানীপুর | 9073952154 |
| ■ বর্ধমান | 8335053588 |
| ■ বাগনান | 9051110638 |
| গার্ডেনরিচ | 6290939559 |
| নাকতলা (গড়িয়া) | 9831166575 |
| ■ বারাসাত (যশোর রোড) | 9073952156 |
| ■ দুর্গাপুর | 9836428286 |
| ■ কল্যাণী | 9674165588 |
| ■ গড়িয়া (বোরাল) | 9674165418 |
| সল্টলেক (এফ ডি ব্লক) | 9830080238 |
| ■ শিলিগুড়ি | 8335051715 |

Interior Design

| | |
|---|---|
| পার্ক স্ট্রিট | 9073610877 |

E-mail : queries@georgetelegraph.org Website : www.georgetelegraph.org


WhatsApp Group STUDY_MATERIALS_LINK PSC_GROUP D_RAIL TARGET — WBTET TET — পর্যালোচনা GK+GI+GS+CA

WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__ পর্যালোচনা
GK+GI+GS+CA

# কারেন্ট অ্যাফেয়ার্স

১৮ ফেব্রুয়ারি-২৫ ফেব্রুয়ারি

**১৮ ফেব্রুয়ারি** চিনে করোনা ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ১৮৭১। মৃত্যুমিছিল মূলত চিনের উহান প্রদেশেই সীমাবদ্ধ। ভাইরাসের সংক্রমণে প্রাণ হারিয়েছেন উহানের উচাং হাসপাতালের ডিরেক্টর নিউরো-সার্জন লি ঝিমিংও। অন্যদিকে জাপানের ইয়োকোহামাতে কোয়ারান্টাইন করে রাখা হয়েছে প্রমোদতরী ডায়মন্ড প্রিন্সেসে যাত্রী ও কর্মী মিলিয়ে থাকা ৩৭০০ জনকে। এঁদের মধ্যে ৫৪২ জন করোনা সংক্রমণের শিকার হয়েছেন বলে জানা গিয়েছে।

## ভারত সফরে ট্রাম্প



২৪ ফেব্রুয়ারি: দু'দিনের ভারত সফরে এসে দিল্লির অশান্তির প্রসঙ্গ এড়িয়ে গিয়ে মোদীর 'সম্প্রীতির' প্রশংসা করে গেলেন ট্রাম্প। সফরের প্রাক্কালে ভারতের বিরুদ্ধে মুখ খোলার ইঙ্গিত দিয়ে রাখলেও আমেদাবাদের মোতেরা স্টেডিয়ামে মোদীর গুণগানই করলেন ট্রাম্প। স্টেডিয়ামের উৎসবমুখর পরিবেশে সিএএ-এনআরসি বা কাশ্মীর থেকে ৩৭০ অনুচ্ছেদ প্রত্যাহারের মতো অস্বস্তিকর প্রসঙ্গ তুলে মোদী সরকারকে বিড়ম্বনায় ফেলেননি তিনি। বরং ভারতের 'বহুত্ববাদ' এবং 'বৈচিত্রের মধ্যে ঐক্যের' দিকটিকে তুলে ধরে নিজের বক্তৃতায় বললেন, 'ভারত এমন একটি দেশ যা ব্যক্তিগত স্বাধীনতা, মানুষের সম্মান ও উদারতাকে গৌরবজনক ভাবে একাত্ম করে নিয়েছে। গোটা বিশ্ব সর্বদাই আপনাদের দেশের প্রশংসা করে। কারণ ভারতে লক্ষ লক্ষ হিন্দু, মুসলমান, শিখ, জৈন, খ্রিস্টান এবং ইহুদি সম্প্রীতির সঙ্গে নিজেদের ধর্মাচরণ করে এসেছে।' ছবি: পি টি আই

**১৯ ফেব্রুয়ারি** দেশের অর্থনীতির গতি নিয়ে উদ্বেগ প্রকাশ করলেন প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং। দেশের অর্থনীতির গতি শ্লথ হলেও মোদী সরকার তা স্বীকার করতে চাইছে না বলে মন্তব্য করেছেন প্রাক্তন প্রধানমন্ত্রী। তাঁর বক্তব্য, সমস্যা চিহ্নিত করা না হলে তো তার সমাধান সূত্র খুঁজে বার করা অসম্ভব। এ দিন অধুনালুপ্ত যোজনা কমিশনের প্রাক্তন ডেপুটি চেয়ারম্যান মন্টেক সিংহ আহলুওয়ালিয়ার বই প্রকাশ করতে গিয়ে মনমোহন সিং বলেন, 'এমন সরকার কেন্দ্রে রয়েছে, যারা স্বীকারই করছে না যে, অর্থনীতির শ্লথ গতি বলে কিছু হয়। এটা দেশের পক্ষে ভাল নয়। সমস্যার কথা স্বীকার না-করলে সমাধানও সম্ভব নয়। এটাই সবচেয়ে বড় বিপদ।'

**২০ ফেব্রুয়ারি** শিশুদের জন্য ভারত তেমন নিরাপদ নয় বলে জানা গেল রাষ্ট্রপুঞ্জের এক রিপোর্টে। সংস্থার সাম্প্রতিক রিপোর্ট বলছে বিভিন্ন দেশের তালিকায় ভারতের স্থান অনেক নীচে, ১৩৩ নম্বরে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু), রাষ্ট্রপুঞ্জের শিশু তহবিল (ইউনিসেফ) ও ল্যানসেট মেডিক্যাল পত্রিকার পক্ষ থেকে ১৮৮টি দেশের উপর সমীক্ষাটি করা হয়েছে।

**জার্মানিতে বন্দুকবাজের হানায়** ১০ জনের মৃত্যু হল। অতি দক্ষিণ চরমপন্থী এক বন্দুকবাজের গুলিতে মৃত্যু হয় ন'জনের। পরে নিজের মাকেও গুলি করে হত্যা করে আত্মঘাতী হয় ওই আততায়ী। জার্মানির হানাউ শহরে ঘটনাটি ঘটে। জার্মান চ্যান্সেলর আঙ্গেলা মার্কেল জানিয়েছেন, জাতিবিদ্বেষের ফলেই এই ঘটনা। তুরস্কের প্রেসিডেন্ট রিচেপ তায়িপ এর্ডোয়ান জানিয়েছেন, নিহতদের মধ্যে অন্তত পাঁচ জন তাঁর দেশের নাগরিক। তাঁর আশা, জার্মান সরকারের যথাযথ তদন্তে হামলার প্রকৃত উদ্দেশ্য উঠে আসবে।



“এ তো ভয়ঙ্কর! পুলিশের কাছে অজস্র উস্কানিমূলক মন্তব্যের ভিডিয়ো রয়েছে, তার পরেও এফ আই আর দায়ের করা হচ্ছে না? কখন উপযুক্ত সময় আসবে? গোটা শহর পুড়ে ছাই হয়ে গেলে?”

এস মুরলীধর, *বিচারপতি, দিল্লি হাইকোর্ট*

চার বিজেপি নেতার উস্কানিমূলক ভিডিয়ো দেখার পর দিল্লি পুলিশকে ভর্ৎসনা করে

## প্রয়াত ক্যাথরিন জনসন



২৪ ফেব্রুয়ারি: নাসার আফ্রো-মার্কিন গণিতজ্ঞ ক্যাথরিন জনসন (১০১) প্রয়াত হলেন। মহাকাশ গবেষণায় ক্যাথরিনের অবদান এবং তাঁর জাতি ও সামাজিক বিভেদ ভাঙার লড়াইকে সম্মান জানিয়ে সম্প্রতি ওয়াশিংটনে নাসার সদর দপ্তরের সামনের রাস্তাটি তাঁর নামে রাখা হয়। ২০১৬ সালে অস্কার মনোনীত ছবি 'হিডেন ফিগারস'-এ তুলে ধরা হয়েছিল ক্যাথরিনের লড়াই। মহাকাশ অভিযানের সময়ে রকেটের গতিপথ, পৃথিবীর কক্ষপথের অবস্থান এরকমই সব কঠিন হিসেব করার জন্য বিখ্যাত ছিলেন ক্যাথরিন।

## পদত্যাগ করলেন মহাথির মহম্মদ



২৪ ফেব্রুয়ারি: দেশের টালমাটাল রাজনৈতিক পরিস্থিতিতে পদত্যাগ করলেন মালয়শিয়ার ৯৪ বছর বয়সি প্রধানমন্ত্রী মহাথির মহম্মদ। এ দিন দেশের রাজার কাছে তিনি পদত্যাগ পত্র পাঠিয়ে দিয়েছেন বলে জানিয়েছে তাঁর দল বেরসাতুর এক মুখপাত্র। ২০১৮ সালে ইউএমএনও-র জোট সরকারকে হারিয়ে ক্ষমতায় এসেছিলেন মহাথির ও তাঁর জোট সরকার। তৎকালীন প্রধানমন্ত্রী নাজিব রাজাকের বিরুদ্ধে দীর্ঘদিন ধরেই দুর্নীতির অভিযোগ ছিল। নাজিবকে হারিয়েই ক্ষমতায় আসেন মহাথির। তাঁর সঙ্গে জোট বাঁধেন তাঁর আর এক প্রতিদ্বন্দ্বী আনওয়ার ইব্রাহিম। ক্ষমতায় এসে যদিও মহাথির বলেছিলেন, যে কোনও সময় প্রধানমন্ত্রীর পদ আনওয়ারের হাতে তুলে দিতে পারেন তিনি। যদিও তার কোনও দিনক্ষণ ঘোষণা করেননি মহাথির। এ বারও অবশ্য তেমন পরিস্থিতি তৈরি হয়নি। উল্টে মহাথির নিজেই জোট ছেড়ে বেরিয়ে গিয়েছেন।

**২১ ফেব্রুয়ারি** পশ্চিমবঙ্গ ক্যাডারের অবসরপ্রাপ্ত আইএএস ভাস্কর খুলবে ও প্রাক্তন গ্রামোন্নয়ন সচিব বিহার ক্যাডারের আইএএস অফিসার অমরজিৎ সিনহাকে দু'বছরের চুক্তির ভিত্তিতে নিজের উপদেষ্টা হিসেবে নিয়োগ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভাস্কর দিল্লিতে পশ্চিমবঙ্গ সরকারের রেসিডেন্ট কমিশনার হিসেবে কাজ করেছেন। অন্যদিকে, অমরজিতের কাঁধেই গ্রামোন্নয়ন সচিব হিসেবে প্রধানমন্ত্রী আবাস যোজনার মতো নানাবিধ প্রকল্প দেখভালের দায়িত্ব ছিল।

**২২ ফেব্রুয়ারি** জাতীয়তাবাদ এবং 'ভারত মাতা কি জয়' স্লোগানের অপব্যবহার করা হচ্ছে বলে মন্তব্য করলেন প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং। প্রাক্তন প্রধানমন্ত্রীর মতে, ভারত সম্পর্কে একটি উগ্র ও সম্পূর্ণ আবেগতাড়িত ভাবনা গড়ে তোলার উদ্দেশ্যেই এটি করা হচ্ছে। রাজনৈতিক উদ্দেশ্য-প্রণোদিত এই ধরনের কার্যকলাপ 'দেশের সংহতির পরিপন্থী বলে তাঁর ধারণা।

**ভারতের জাতীয় ফুটবল দলের প্রাক্তন** ফুটবলার অশোক চট্টোপাধ্যায় (৭৮) প্রয়াত হলেন। ভারতের হয়ে ৩০টি ম্যাচে প্রতিনিধিত্ব করা- স্বর্ণযুগের স্ট্রাইকার অশোক প্রথম জাতীয় দলের জার্সি গায়ে নামেন ১৯৬৫ সালের মারডেকা কাপে জাপানের বিরুদ্ধে। জাতীয় দলের হয়ে ১০টি গোল রয়েছে তাঁর। যার মধ্যে ১৯৬৬ সালের মারডেকা কাপে জাপানের বিরুদ্ধে ভারতের ৩-০ জয়ে দু-গোল করেছিলেন তিনি। ভারতের হয়ে ১৯৬৬ সালের এশিয়ান গেমসেও খেলেছিলেন তিনি। কলকাতার দুই প্রধান ইস্টবেঙ্গল এবং মোহনবাগান দুই দলেই দাপটের সঙ্গে খেলেছেন তিনি।

**২৩ ফেব্রুয়ারি** সিপিএমের কৃষক সভার নেতা ও হুগলির আরামবাগের তিনবারের বিধায়ক বিনয় দত্ত (৭২) প্রয়াত হলেন। আরামবাগ থেকে নির্বাচিত হয়ে ১৯৯৬ থেকে ২০১১ পর্যন্ত বিধায়ক ছিলেন তিনি।

**ভারত সফরে রওনা হওয়ার প্রাক্কালে** তালিবানদের সঙ্গে শান্তি চুক্তির পক্ষে সওয়াল করলেন মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প। তালিবানরা নিজেরাই শান্তিচুক্তি করতে চায় বলে মন্তব্য করেছেন তিনি। তাঁর কথায়, 'তালিবানের সঙ্গে সাম্প্রতিক সমঝোতার ভিত্তিতে এক সপ্তাহ ধরে পরিস্থিতির উপরে নজর রাখব আমরা। যদি সমঝোতা কার্যকরী হয়েছে বলে মনে হয় তবে শান্তিচুক্তি করব আমরা। মার্কিন সেনাদের ঘরে ফেরার সময় এসেছে।' ভারতে আসার আগে ট্রাম্পের এই মন্তব্য তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন কূটনীতিকরা। যদিও ভারতের আশঙ্কা মার্কিন সেনা আফগানিস্তান থেকে সরে গেলে পাকিস্তান ফের সেখানে প্রভাব বাড়ানোর চেষ্টা করবে।

**রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদের যুদ্ধাপরাধ** বিষয়ক ২০১৫-র প্রস্তাব থেকে শ্রীলঙ্কা সরকারি ভাবে সরে আসার সিদ্ধান্ত নিল। ২০০৯ সাল পর্যন্ত শ্রীলঙ্কায় চলা গৃহযুদ্ধের শেষ দিকে একাধিক মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে সম্প্রতিই শ্রীলঙ্কার সেনাপ্রধান লেফটেন্যান্ট জেনারেল শভেন্দ্র সিলভার আমেরিকায় প্রবেশে নিষেধাজ্ঞা জারি করেছে মার্কিন প্রশাসন। তার প্রতিবাদেই শ্রীলঙ্কার এই সিদ্ধান্ত।

**২৪ ফেব্রুয়ারি** অযোধ্যা মামলায় সুপ্রিম কোর্টের নির্দেশ মোতাবেক উত্তরপ্রদেশ সরকারের বরাদ্দ করা জমি গ্রহণ করল উত্তরপ্রদেশ সুন্নি ওয়াকফ বোর্ড। শীর্ষ আদালত উত্তরপ্রদেশ সরকারকে পাঁচ একর জমি বরাদ্দের নির্দেশ দিয়েছিল। সেই নির্দেশ অনুযায়ী, অযোধ্যা থেকে ৩০ কিলোমিটার দূরে লখনউ-গোরক্ষপুর হাইওয়েতে ধারিপুরে জমি বরাদ্দ করে উত্তরপ্রদেশ সরকার। জমি আনুষ্ঠানিক ভাবে গ্রহণ করার পর এক বৈঠকে সুন্নি ওয়াকফ বোর্ডের তরফে জানানো হয়েছে, ওই পাঁচ একর জমিতে মসজিদের পাশাপাশি ইন্দো-ইসলামিক রিসার্চ সেন্টার, হাসপাতাল ও গ্রন্থাগার তৈরি করা হবে। এ দিন বোর্ডের চেয়ারম্যান জাফর ফারুকি জানান, মসজিদ তৈরির জন্য শীঘ্রই ট্রাস্ট গঠন করা হবে। মসজিদের নাম কী হবে, তা-ও ঠিক করবে ট্রাস্ট।

**হলিউডের প্রযোজক** হার্ভি ওয়াইনস্টিনকে যৌন নিগ্রহ এবং ধর্ষণে দোষী সাব্যস্ত করল নিউ ইয়র্কের আদালত। এই দোষী সাব্যস্ত হওয়া মিটু আন্দোলনকে বড় জয় এনে দিল। প্রথম সারির এই নামী প্রযোজকের বিরুদ্ধে এক ডজনেরও বেশি মামলা রয়েছে। এ দিন ২০০৬ সালের একটি মামলার রায় প্রযোজকের বিরুদ্ধে গেল।

**২৫ ফেব্রুয়ারি** বিহার বিধানসভায় এনআরসি এবং এনপিআর বিরোধী প্রস্তাব পাশ হল। সেই প্রস্তাবে বলা হয়েছে রাজ্যে এনআরসি কার্যকর হবে না। বিহার সরকারের শর্ত মানলে তবেই রাজ্যে এনপিআর-কার্যকর হবে। মুখ্যমন্ত্রী নীতীশ কুমার বিধানসভায় জানিয়েছেন, এনপিআরের ফর্মে আপত্তিকর অংশগুলি বাদ দেওয়ার জন্য কেন্দ্রকে চিঠি লিখেছেন তিনি।

## অগ্নিগর্ভ দিল্লিতে মৃত ৪২



২৪ ফেব্রুয়ারি: সিএএ-এনআরসি বিরোধী আন্দোলনকে ঘিরে অগ্নিগর্ভ হয়ে উঠল দিল্লি। প্রতিবাদীদের উপর সিএএ-সমর্থকদের হামলা থেকে রীতিমত গণহত্যার পরিস্থিতির সৃষ্টি হয়। ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত ৪২ জনের প্রাণহানি এবং সাড়ে তিনশোর বেশি মানুষ জখম বলে জানা গিয়েছে। ডোনাল্ড ট্রাম্পের ভারত সফরের প্রথম দিনেই পাথরবৃষ্টি থেকে গুলি, দোকানে-বাড়িতে আগুন লাগিয়ে দেওয়া— সব কিছুরই সাক্ষী রইল রাজধানী দিল্লি। ছবি: পি টি আই

## প্রয়াত কৃষ্ণা বসু



২২ ফেব্রুয়ারি: প্রাক্তন সাংসদ-শিক্ষাবিদ কৃষ্ণা বসু (৮৯) প্রয়াত হলেন। নেতাজি রিসার্চ ব্যুরোর প্রধান হিসেবে দীর্ঘ সময় ধরে গবেষণামূলক কর্মকাণ্ড, অধ্যয়ন ও লেখালিখি করেছেন। সুভাষচন্দ্র বসুর ভাইপো শিশিরকুমার বসুর স্ত্রী কৃষ্ণা বসুর মৃত্যুতে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, নোবেলজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন প্রমুখ গভীর শোকপ্রকাশ করেছেন।

## সি-হক মাল্টি রোল কপ্টার কিনছে ভারত



২১ ফেব্রুয়ারি: ভারত মহাসাগরে বিশেষ নজরদারি চালাতে আমেরিকার কাছ থেকে ২৪টি এমএইচ-৬০ রোমিও সি-হক মাল্টি-রোল হেলিকপ্টার কেনার সিদ্ধান্ত নিল ভারত। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ভারত সফরে ২৪ ফেব্রুয়ারি অন্যান্য চুক্তির সঙ্গে এটিও স্বাক্ষরিত হয়েছে। উল্লেখ্য, সমর বিশেষজ্ঞদের মতে ভারত মহাসাগরে যে কারও সঙ্গে টক্কর দিতে চিন মাল্টি রোল 'জেড-২০' হেলিকপ্টার তৈরি করে ফেলেছে। ভয়ানক শক্তিশালী এই হেলিকপ্টার থেকে সমুদ্রের নীচে লুকিয়ে থাকা ডুবোজাহাজকেও চিহ্নিত করে টর্পেডো ছুড়ে ধ্বংস করে দেওয়া যায়। ভারতের হাতে সমুদ্রে নজরদারির জন্য থাকা কপ্টারগুলির সে ক্ষমতা নেই। ভারতীয় নৌ-সেনার জন্য মার্কিন সংস্থা লকহিড মার্টিনের তৈরি এই ২৪টি কপ্টারের জন্য ভারতকে ২৬০ কোটি ডলার খরচ করতে হবে। কেন্দ্রীয় মন্ত্রিসভার নিরাপত্তা বিষয়ক কমিটি এই সিদ্ধান্তে সিলমোহর দিয়েছে।

# কী পড়বেন, কোথায় পড়বেন

## ওয়াটার, স্যানিটেশন ও হাইজিনের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স



ওয়াটার, স্যানিটেশন ও হাইজিনের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্সেসের স্কুল অব রুর্যাল ডেভেলপমেন্ট। কোর্সটি পড়ানো হবে মহারাষ্ট্রের তুলজাপুর ক্যাম্পাসে।

আসনসংখ্যা: ২০টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। গ্রামোন্নয়ন-সংক্রান্ত কাজে যুক্ত প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স: ১-৬-২০২০ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য।

প্রাথমিকভাবে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে।

অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.tiss.edu আবেদনের শেষ তারিখ ২০ মার্চ। আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## নিখরচায় রাজ্যের উচ্চমাধ্যমিক পাশ সংখ্যালঘু তরুণ-তরুণীকে ফ্যাশন টেকনোলজির প্রশিক্ষণ



**প্রশিক্ষণ দেবে ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজি**

রাজ্যের সংখ্যালঘু (মুসলিম, খ্রিস্টান, শিখ, বৌদ্ধ, পারসি ও জৈন ধর্মাবলম্বী) তরুণ-তরুণীকে ফ্যাশন টেকনোলজি-সংক্রান্ত একগুচ্ছ বিষয়ে নিখরচায় ১ বছরের প্রশিক্ষণ দেবে ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজি (নিফট)। কোর্স শেষে সফলভাবে উত্তীর্ণ প্রার্থীদের সংস্থার তরফে সার্টিফিকেট দেওয়া হবে। কোর্সগুলি ওয়েস্ট বেঙ্গল মাইনরিটিজ ডেভেলপমেন্ট অ্যান্ড ফিনান্স কর্পোরেশন কর্তৃক অনুমোদিত। প্রার্থীকে অবশ্যই পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রশিক্ষণ শুরু হবে এপ্রিলে।

**বিষয়গুলি হল:** ক্লোদিং প্রোডাকশন টেকনোলজি, ফ্যাশন নিটওয়্যার অ্যান্ড প্রোডাকশন টেকনোলজি, অ্যাপারেল ডিজাইনিং অ্যান্ড ফ্যাশন টেকনোলজি, ফ্যাশন লেদার অ্যাকসেসরিজ ডিজাইন।

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ। পোশাক শিল্পের সঙ্গে জড়িত প্রার্থীদের অগ্রাধিকার। **বয়স:** ১-৪-২০২০ তারিখে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। ক্লাস হবে সপ্তাহে ৫ দিন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbmdfc.org আবেদনের শেষ তারিখ ১৫ মার্চ। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর অ্যাকনলেজমেন্ট নম্বর-সহ পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যাবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## বর্ধমান বিশ্ববিদ্যালয়ে নেট-সেট পরীক্ষার কোচিং প্রোগ্রাম

নেট-সেট পরীক্ষার প্রস্তুতির জন্য প্রশিক্ষণ দিচ্ছে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ সেন্টার ফর নেট সেট স্টাডিজ। প্রশিক্ষণের মেয়াদ ৩ মাস। শুরু হবে ১১ মার্চ থেকে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.buruniv.ac.in

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি, ও বি সি, সংখ্যালঘু এবং বি পি এল তালিকাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ফি জমা দিতে হবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার এই অ্যাকাউন্ট নম্বরে: ৩০৩২২৫৯৩৬৮২ (SBI, Burdwan University Branch, IFSC Code: SBIN0002033).

ফি জমা দেওয়ার প্রমাণপত্র ও প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল-সহ পূরণ করা আবেদনপত্র ৬ মার্চের মধ্যে সরাসরি জমা দিতে হবে এই ঠিকানায়: Humanities Building, Second Floor, Room No.64, Golapbag, Burdwan-713104. আবেদনপত্র জমা দেওয়া যাবে যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## এন আই টি-এম সি এ কমন এন্ট্রান্স টেস্ট ২৪ মে



দেশের দশটি ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজিতে (এন আই টি) মাস্টার অব কম্পিউটার অ্যাপ্লিকেশন (এম সি এ) কোর্সে ভর্তির যোগ্যতামান নির্ধারণের জাতীয় স্তরের পরীক্ষা 'এন আই টি-এম সি এ কমন এন্ট্রান্স টেস্ট ২০২০' আয়োজিত হবে ২৪ মে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**মোট আসনসংখ্যা:** ৮৭১টি। **শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশে) নম্বর-সহ বি ই বা বি টেক অথবা বি এসসি বা বি এসসি (অনার্স) বা বি সি এ বা বি আই টি। অথবা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে বি ভোক কোর্স পাশ, স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স বা স্ট্যাটিস্টিক্স পড়ে থাকতে হবে।

ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন।

পরীক্ষা ২৪ মে, সকাল ১০টা থেকে দুপুর ১২টা। পরীক্ষায় ১২০টি মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা (সেন্টার কোড ৩০)। পরীক্ষার অ্যাডমিট কার্ড ১১ মে থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: https://nimcet.in

অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nimcet.in অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ মার্চ। অনলাইনে দরখাস্ত পূরণ করার সময় প্রার্থীর প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল স্ক্যান করে আপলোড করতে হবে।

পরীক্ষার ফি ২,৫০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,২৫০ টাকা)।

দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর পূরণ করা অ্যাপ্লিকেশন ফর্মের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## রাজ্যের আই টি আইয়ে ভর্তি

ন্যাশনাল কাউন্সিল ফর ভোকেশনাল ট্রেনিং কর্তৃক অনুমোদিত সি টি এস কোর্সে ভর্তি নিচ্ছে রাজ্যের সরকারি আই টি আই প্রতিষ্ঠানগুলি। অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbscvt.org দরখাস্ত করা যাবে ২৬ এপ্রিল পর্যন্ত। কোর্সের খুঁটিনাটি, শিক্ষাগত যোগ্যতা এবং আবেদনপদ্ধতি-সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### স্কলারশিপের খোঁজখবর

## ও এন জি সি স্কলারশিপ ফর ও বি সি ক্যাটেগরি ২০১৯-২০২০

ইঞ্জিনিয়ারিং বা মেডিক্যাল সায়েন্সের স্নাতক কোর্সে অথবা এম বি এ বা জিওফিজিক্স বা জিওলজির স্নাতকোত্তর ডিগ্রি কোর্সের প্রথম বর্ষে পাঠরত এবং আর্থিকভাবে পিছিয়ে থাকা ৫০০ ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে ও এন জি সি ফাউন্ডেশন। স্কলারশিপ বাবদ দেওয়া হবে বছর প্রতি ৪৮,০০০ টাকা।

বিষয় অনুসারে স্কলারশিপের সংখ্যা: ইঞ্জিনিয়ারিং: ৩০০টি, এম বি বি এস: ৫০টি, এম বি এ: ৫০টি, জিওলজি/জিওফিজিক্স: ১০০টি। মোট স্কলারশিপের ৫০ শতাংশ ছাত্রীদের জন্য সংরক্ষিত থাকবে।

**আবেদনের যোগ্যতা:** স্নাতক কোর্সে পাঠরতদের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। স্নাতকোত্তর কোর্সে পাঠরতদের ক্ষেত্রে স্নাতক স্তরে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকতে হবে। বয়স: ১-১-২০২০ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ২ লাখের নীচে।

আবেদন করতে হবে অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ongcscholar.org আবেদনের শেষ তারিখ ৫ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি ও মোবাইল নম্বর থাকতে হবে।

**আবেদনের সময় আপলোড করতে হবে এই সব নথি:** ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র। ✓বার্ষিক পারিবারিক আয়ের নথি। ✓ব্যাঙ্ক কর্তৃক প্রত্যয়িত ই সি এস ফর্ম। ✓প্যান কার্ড (থাকলে)। আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## নিখরচায় ৫০০ তফসিলি তরুণ-তরুণীকে প্লাস্টিক শিল্পে ব্যবহৃত মেশিন পরিচালনার প্রশিক্ষণ

নিখরচায় রাজ্যের তফসিলি উপজাতিভুক্ত ৫০০ বেকার প্রার্থীদের প্লাস্টিক শিল্পে ব্যবহার হওয়া অত্যাধুনিক মেশিন পরিচালনার প্রশিক্ষণ দেবে হলদিয়ার সেন্ট্রাল ইনস্টিটিউট অব প্লাস্টিক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (সিপেট)। এটি কেন্দ্রীয় সরকারের সার ও রসায়ন মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। ছয় মাসের এই প্রশিক্ষণটি সিপেট এবং ওয়েস্ট বেঙ্গল শিডিউলড কাস্টস, শিডিউলড ট্রাইবস অ্যান্ড আদার ব্যাকওয়ার্ড ক্লাসেস ডেভেলপমেন্ট অ্যান্ড ফিনান্স কর্পোরেশনের যৌথ উদ্যোগে দেওয়া হবে।

প্রশিক্ষণের বিবরণ: মেশিন অপারেটর-ইঞ্জেকশন মোল্ডিং (এম ও-আই এম): আসনসংখ্যা: ২০০টি। মেশিন অপারেটর-এক্সট্রুশন প্রসেস (এম ও-ই পি): আসনসংখ্যা: ১০০টি। মেশিন অপারেটর-প্লাস্টিক প্রসেসিং (এম ও-পি পি): আসনসংখ্যা: ১০০টি। মেশিন অপারেটর-ব্লো মোল্ডিং (এম ও-বি এম): আসনসংখ্যা: ১০০টি।

এগুলি আবাসিক কোর্স। কোনও কোর্স ফি নেই।

শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ক্লাস এইট। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে।

প্রার্থীর বাবা-মা বা অভিভাবকের বার্ষিক আয় ৩ লাখ টাকার মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ নেওয়া হবে সিপেট হলদিয়ায়। ইন্টারভিউ ১২, ১৩, ১৯ ও ২০ মার্চ, সকাল ১০টা থেকে।

### ইন্টারভিউয়ে সঙ্গে নেবেন

✓প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ৫ কপি ফটো।
✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
✓বয়সের প্রমাণপত্র হিসেবে বার্থ সার্টিফিকেট বা মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের প্রত্যয়িত নকল।
✓পরিবারের বার্ষিক আয়ের প্রমাণপত্রের প্রত্যয়িত নকল।
✓কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
✓আধার কার্ডের প্রত্যয়িত নকল।
✓প্রার্থীর সচিত্র প্রমাণপত্র হিসেবে ভোটার কার্ড বা প্যান কার্ড বা ড্রাইভিং লাইসেন্সের প্রত্যয়িত নকল।
✓অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র।

প্রয়োজনীয় আসল নথিপত্র এবং নথিপত্রের প্রত্যয়িত নকল-সহ নির্দিষ্ট দিনে নির্ধারিত সময়ে পৌঁছতে হবে এই ঠিকানায়: সিপেট, সিটি সেন্টার, পো: দেভোগ, হলদিয়া, জেলা পূর্ব মেদিনীপুর, পিন-৭২১ ৬৫৭।

খুঁটিনাটি তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০৩২২৪-২৫৫৫০৪/৯৪৩৪০৩৯৪৬৬/৮০০৮৫৫৮৬৪৪ (সকাল ৯টা থেকে বিকেল সাড়ে ৫টা)।

ই-মেল: cipet.haldia.stc@gmail.com



WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__পর্যালোচনা
GK+GI+GS+CA



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তবে খুব জরুরি কোনও চিঠি পাঠালে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে ‘জীবিকাজিজ্ঞাসা’ কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## ইউ পি এস সি

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত ‘সিভিল সার্ভিসেস (মেন) এক্সামিনেশন, ২০২০’ সম্পর্কে বিশদে জানাবেন। —জয়িতা চক্রবর্তী, তারাপুর, নদিয়া।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত ‘সিভিল সার্ভিসেস (মেন) এক্সামিনেশন, ২০২০’ পরীক্ষায় প্রথমে পেপার ‘এ’ এবং পেপার ‘বি’-এর পরীক্ষা হয়। ৩০০ নম্বরের পেপার ‘এ’-র জন্য ভারতীয় সংবিধান অনুযায়ী অষ্টম তফসিলভুক্ত যে-কোনও একটি ভাষা নিতে হয়। পেপার ‘বি’-তে থাকে ৩০০ নম্বরের ইংরেজি ভাষা। এই পেপার দু’টিতে পাওয়া নম্বর মেধাতালিকা তৈরিতে গ্রাহ্য হয় না। এই দু’টি পেপারে শুধুমাত্র কোয়ালিফাইং নম্বর থাকতে হয়। মেধাতালিকার ক্ষেত্রে থাকে ১,৭৫০ নম্বরের লিখিত পরীক্ষা। থাকে মোট ৭টি পেপার। ডেসক্রিপটিভ টাইপ প্রশ্ন হবে। পেপার ১-এ থাকবে ২৫০ নম্বরের এসে রাইটিং। পেপার-২, ৩, ৪ ও ৫: জেনারেল স্টাডিজ (প্রতি পেপার ২৫০ নম্বর)। পেপার টুতে থাকে ইন্ডিয়ান হেরিটেজ অ্যান্ড কালচার, হিস্ট্রি অ্যান্ড জিওগ্রাফি অব দ্য ওয়ার্ল্ড অ্যান্ড সোসাইটি; পেপার থ্রিতে থাকে গভর্ন্যান্স, কনস্টিটিউশন, পোলিটি, সোশ্যাল জাস্টিস অ্যান্ড ইন্টারন্যাশনাল রিলেশনস; পেপার ফোরে থাকবে টেকনোলজি, ইকনমিক ডেভেলপমেন্ট, বায়ো-ডাইভার্সিটি, এনভায়রনমেন্ট, সিকিউরিটি অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট; পেপার ফাইভে থাকে এথিক্স, ইন্টিগ্রিটি অ্যান্ড অ্যাপ্টিটিউড। পেপার ৬ ও ৭: একটি ঐচ্ছিক (অপশনাল) বিষয় (প্রতি পেপারে ২৫০ নম্বর)। বিশদ সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: www.upsc.gov.in

## পি এস সি

□ *ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে লাইফ সায়েন্স বিষয়ে রাজ্য সরকারের বাংলা মাধ্যম স্কুলে সহশিক্ষক পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —মৈনাক তালুকদার, আসানসোল, পশ্চিম বর্ধমান।*

□□ ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে লাইফ সায়েন্স বিষয়ে রাজ্য সরকারের বাংলা মাধ্যম স্কুলে সহশিক্ষক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: জুলজিতে দ্বিতীয় শ্রেণিতে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। সে ক্ষেত্রে সহযোগী বিষয় হিসেবে বটানি পড়ে থাকতে হবে। অথবা বটানিতে দ্বিতীয় শ্রেণির নম্বর-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। সেক্ষেত্রে সহযোগী বিষয় হিসেবে জুলজি পড়ে থাকতে হবে। অথবা ফিজিওলজিতে দ্বিতীয় শ্রেণিতে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি থাকা চাই। সেক্ষেত্রে অবশ্য সহযোগী বিষয় হিসেবে [illegible] বি টি বা বি এড বা সমতুল ডিগ্রিধারীরা অগ্রাধিকার পাবেন। দেখুন এই ওয়েবসাইট: https://wbpsc.gov.in

## উচ্চশিক্ষা

□ *ভোকলেট পরীক্ষায় বসতে চাই। বিস্তারিত জানাবেন। —সুমন দে, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

□□ ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট কর্তৃক স্বীকৃত বিভিন্ন সরকারি ও বেসরকারি পলিটেকনিকগুলিতে ল্যাটারাল এন্ট্রির মাধ্যমে সরাসরি ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিংয়ের দ্বিতীয় বর্ষে ভর্তি হওয়ার ক্ষেত্রে প্রবেশিকা পরীক্ষা ভোকলেট-২০২০ (ভোকেশনাল ল্যাটারাল এন্ট্রি) পরীক্ষা হবে ২৬ এপ্রিল। বিষয়গুলি হল: এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কম্পিউটার সফটওয়্যার টেকনোলজি, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রিয়াল কন্ট্রোল, ইলেক্ট্রিক্যাল পাওয়ার সিস্টেম, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ফুড প্রসেসিং টেকনোলজি, ফুটওয়্যার টেকনোলজি, জিওগ্রাফিক ইনফর্মেশন সিস্টেম অ্যান্ড গ্লোবাল পজিশনিং সিস্টেম, ইনফর্মেশন টেকনোলজি, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, লেদার গুডস টেকনোলজি, ইন্টিরিয়র ডেকরেশন, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাকশন), মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি, মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং, মাইন সার্ভেয়িং, মাইনিং ইঞ্জিনিয়ারিং, মাল্টিমিডিয়া টেকনোলজি, প্যাকেজিং টেকনোলজি, ফটোগ্রাফি, প্রিন্টিং টেকনোলজি, রিনিউয়েবল এনার্জি, সার্ভে ইঞ্জিনিয়ারিং। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক পাশ অথবা মাধ্যমিক-সহ ২ বছরের আই টি আই কোর্স পাশ করে থাকতে হবে। যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিচ্ছেন তাঁরাও আবেদন করতে পারেন। বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই। ভোকলেট পরীক্ষা ১০০ নম্বরের। মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে ম্যাথমেটিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি, মেকানিক্স এবং কম্পিউটার সায়েন্স বিষয়ে। প্রতিটি বিষয়ে থাকবে ২০টি করে প্রশ্ন। পরীক্ষা দুপুর ১টা ৩০মিনিট থেকে বিকেল সাড়ে তিনটে পর্যন্ত। উভয় ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং আছে। আবেদন করা যাবে অনলাইন ও অফলাইন, দু’পদ্ধতিতেই। অফলাইনের ক্ষেত্রে ৫০০ টাকার (কন্যাশ্রী প্রকল্পে যাঁদের নাম নথিভুক্ত আছে তাঁদের ক্ষেত্রে ২৫০ টাকার) বিনিময়ে ইনফর্মেশন ব্রোশিওর-সহ ও এম আর আবেদনপত্র পাওয়া যাবে ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট কর্তৃক স্বীকৃত যে-কোনও পলিটেকনিকের অফিস থেকে। ১৬ মার্চের মধ্যে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে জমা দেবেন এই ঠিকানায়: ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট, কারিগরি ভবন, ফোর্থ ফ্লোর, প্লট নম্বর-বি/৭, অ্যাকশন এরিয়া-থ্রি, নিউটাউন, রাজারহাট, কলকাতা-৭০০ ১৬০। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.webscte.co.in অনলাইন দরখাস্ত করা যাবে ৩১ মার্চ পর্যন্ত। ফি বাবদ দিতে হবে ৪৫০ টাকা (কন্যাশ্রী প্রকল্পে যাঁদের নাম নথিভুক্ত আছে, তাঁদের ক্ষেত্রে ২২৫ টাকা)।

□ *পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি এবং বেসরকারি কলেজে ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিম্যাল হাজবেন্ড্রির ডিগ্রি কোর্সে ভর্তির পরীক্ষা ‘ইভেটস’-এ বসতে চাই। বিস্তারিত জানাবেন। —সায়ক চ্যাটার্জি, শক্তরী, পূর্ব বর্ধমান।*

□□ ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিম্যাল হাজবেন্ড্রির ডিগ্রি কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা ‘ইভেটস’। পরীক্ষার আয়োজনে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি এবং ইংলিশে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ পাশ। তবে প্রতিটি বিষয়েই পাশ নম্বর থাকতে হবে। এ বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। পরীক্ষা নেওয়া হবে দু’টি পত্রে— ফিজিক্স অ্যান্ড কেমিস্ট্রি (১০০ নম্বর) এবং বায়োলজিক্যাল সায়েন্সেস (১০০ নম্বর)। প্রশ্ন হবে মাল্টিপল চয়েস ধরনের। প্রতিটি পত্রে ৫০টি করে প্রশ্ন থাকবে। নেগেটিভ মার্কিং আছে। বিস্তারিত তথ্য জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.wbjeeb.in

## নার্সিং

□ *সেন্ট্রাল কাউন্সিল ফর রিসার্চ ইন আয়ুর্বেদিক সায়েন্সেসে স্টাফ নার্স পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —নিবেদিতা দাশগুপ্ত, দুর্গাপুর।*

□□ সেন্ট্রাল কাউন্সিল ফর রিসার্চ ইন আয়ুর্বেদিক সায়েন্সেসে স্টাফ নার্স পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: বি এসসি নার্সিং অথবা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। সঙ্গে অধ্যাপনা বা গবেষণার কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। স্টেট নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। ওয়েবসাইট: www.ccras.nic.in

## রেল

□ *ডেডিকেটেড ফ্রেইট করিডরে ইনফর্মেশন টেকনোলজি বিভাগে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে জানাবেন। —প্রমোদ হাজরা, পাঁচলা, হাওড়া।*

□□ ডেডিকেটেড ফ্রেইট করিডরে ইনফর্মেশন টেকনোলজি বিভাগে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ এম বি এ বা এম সি এ বা কম্পিউটার সায়েন্সে এম টেক অথবা কম্পিউটার সায়েন্স বা আই টি বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনসে বি ই বা বি টেক। এ এম আই ই-রাও আবেদনের যোগ্য। এর পাশাপাশি বিভিন্ন বিষয়ে এস এ পি কোর্স করে থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটারভিত্তিক পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষায় ১২০টি মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। সময়সীমা ২ ঘণ্টা। পরীক্ষা হতে পারে এপ্রিলের শেষ সপ্তাহে। বিশদ তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.dfccil.com

## কোর্স, ট্রেনিং

□ *ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটে মাস্টার অব টেকনোলজি ইন কোয়ালিটি, রিলায়েবিলিটি অ্যান্ড অপারেশনস রিসার্চ কোর্সে ভর্তি হতে চাই। বিশদ জানাবেন। —দেবায়ন মণ্ডল, সুনির্মল মণ্ডল, কিশোরপুর, হুগলি।*

□□ মাস্টার অব টেকনোলজি ইন কোয়ালিটি, রিলায়েবিলিটি অ্যান্ড অপারেশনস রিসার্চ কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট (আই এস আই)। পড়ানো হবে প্রতিষ্ঠানের কলকাতা ক্যাম্পাসে। কোর্সের মেয়াদ ২ বছর। প্রার্থী বাছাইয়ের প্রবেশিকা পরীক্ষা ১০ মে। আসনসংখ্যা ২৫। শিক্ষাগত যোগ্যতা: স্ট্যাটিস্টিক্সে স্নাতকোত্তর ডিগ্রি, সেক্ষেত্রে উচ্চমাধ্যমিক স্তরে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স ও কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। অথবা ম্যাথমেটিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। সেক্ষেত্রে স্নাতক বা স্নাতকোত্তর স্তরে অন্যতম বিষয় হিসেবে স্ট্যাটিস্টিক্স এবং উচ্চমাধ্যমিক স্তরে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স এবং কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। বি ই বা বি টেক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে নির্দিষ্ট মাসিক ১২,৪০০ টাকা। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.isical.ac.in অনলাইন দরখাস্ত করা যাবে ৬ মার্চ পর্যন্ত। অনলাইনে ফি বাবদ দিতে হবে ১,২৫০ টাকা (মহিলাদের ক্ষেত্রে ৭৫০ টাকা, তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৬২৫ টাকা)। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১০ মার্চ।

## অন্যান্য চাকরি

□ *ভারতীয় উপকূলরক্ষী বাহিনীতে যান্ত্রিক পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা দরকার? —জয়ন্ত নাথ, কালিনগর, মুর্শিদাবাদ।*

□□ ভারতীয় উপকূলরক্ষী বাহিনীতে যান্ত্রিক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে অল ইন্ডিয়া কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশন কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন (রেডিও/পাওয়ার) ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। তফসিলি জাতিভুক্ত প্রার্থীরা নম্বরের ক্ষেত্রে ৫ শতাংশ ছাড় পাবেন। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হবে অন্তত ১৫৭ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। দৃষ্টিশক্তি চশমা ছাড়া ৬/২৪ এবং চশমা-সহ ভালো ও খারাপ চোখে যথাক্রমে ৬/৯ এবং ৬/১২ হতে হবে। ওয়েবসাইট: www.joinindiancoastguard.gov.in

□ *নয়াদিল্লি এইমসে মেডিক্যাল ফিজিসিস্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —অতনু সাহা, দুর্লভপুর, উত্তর দিনাজপুর।*

□□ নয়াদিল্লি এইমসে মেডিক্যাল ফিজিসিস্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা বি এসসি। অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স পড়ে থাকতে হবে। সেই সঙ্গে রেডিওলজিক্যাল বা মেডিক্যাল ফিজিক্সে এম এসসি ডিপ্লোমা এবং কোনও রেডিয়েশন থেরাপি ডিপার্টমেন্টে ১২ মাসের ইন্টার্নশিপ করে থাকতে হবে। ওয়েবসাইট: www.aiimsexams.org

□ *গেইলে ইনস্ট্রুমেন্টেশন শাখায় এক্সিকিউটিভ ট্রেনি পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন? —অয়ন্তিকা পাল, জঙ্গিপুর, মুর্শিদাবাদ।*

□□ গেইলে ইনস্ট্রুমেন্টেশন শাখায় এক্সিকিউটিভ ট্রেনি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৬০ শতাংশ) নম্বর-সহ ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্সে স্নাতক, সঙ্গে ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং (আই এন) পত্রে গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। বিশদে জানতে দেখুন এই ওয়েবসাইট: www.gailonline.com

□ *রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে জুনিয়র ইলেক্ট্রিশিয়ান পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —রাজীব কয়াল, মোহনপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে জুনিয়র ইলেক্ট্রিশিয়ান পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। এ ছাড়া স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট বিষয়ে প্রফিসিয়েন্সি সার্টিফিকেট থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে ৭০ নম্বরের লিখিত পরীক্ষা এবং ৩০ নম্বরের ইন্টারভিউয়ের মাধ্যমে। জেনারেল নলেজ, রিজনিং, ইংলিশ, ম্যাথমেটিক্স বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে থাকবে অতিরিক্ত কম্পিউটার নলেজ। সময় দেড় ঘণ্টা। ৬ মার্চের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে যে-কোনও একটি ওয়েবসাইটের মাধ্যমে: www.rbu.ac.in, www.rburecruitment.net

□ *নয়াদিল্লি এইমসে স্টোর কিপার (জেনারেল) পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —সঞ্জয় রায়, নবগ্রাম, হাওড়া।*

□□ নয়াদিল্লি এইমসে স্টোর কিপার (জেনারেল) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইকনমিক্স বা কমার্স বা স্ট্যাটিস্টিক্সে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। যে-কোনও বিষয়ে স্নাতক হলেও আবেদন করা যাবে। স্নাতকদের ক্ষেত্রে মেটিরিয়াল ম্যানেজমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা থাকতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা (যে-কোনও বিষয়ে স্নাতকদের ক্ষেত্রে ৩ বছর) থাকলে অগ্রাধিকার। ওয়েবসাইট: www.aiimsexams.org

□ *ভারতীয় বিমানবাহিনীতে শর্ট সার্ভিস কমিশনে ফ্লাইং শাখায় অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? —অনির্বাণ চৌধুরি, রাধামোহনপুর, বাঁকুড়া।*

□□ ভারতীয় বিমানবাহিনীতে শর্ট সার্ভিস কমিশনে ফ্লাইং শাখায় অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ৩ বছরের স্নাতক ডিগ্রি থাকতে হয়। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ৪ বছরের বি ই বা বি টেক ডিগ্রি থাকলেও আবেদন করা যায়। উভয়ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও ম্যাথমেটিক্সে ৬০ শতাংশ করে নম্বর থাকতে হয়। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়া বা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্সের (ইন্ডিয়া) অ্যাসোসিয়েট মেম্বারশিপের সেকশন এ, বি পাশ করে থাকতে হয়। পূর্বে কম্পিউটারাইজড পাইলট সিলেকশন সিস্টেম বা পাইলট অ্যাপ্টিটিউড ব্যাটারি টেস্টে ব্যর্থ হয়ে থাকলে আর আবেদন করা যায় না। এর পাশাপাশি, উচ্চতা হতে হয় ১৬২.৫ সেমি। পায়ের দৈর্ঘ্য হতে হয় ৯৯ থেকে ১২০ সেমির মধ্যে। থাইয়ের দৈর্ঘ্য সর্বাধিক ৬৪ সেমি। বসে থাকা অবস্থায় উচ্চতা হতে হয় ৮১.৫ থেকে ৯৬ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হয়। দৃষ্টিশক্তি ন্যূনতম দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬ /৯ থাকতে হয়। রং চেনার ক্ষমতা সি পি-ওয়ান মানের হতে হয়। চশমা থাকলে আবেদন করা যায় না। বিশদে জানতে দেখুন এই ওয়েবসাইট: https://careerindianairforce.cdac.in

□ *সি আই এস এফে কনস্টেবল পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানাবেন। —রাহুল দাস, গোয়ালতোড়, পশ্চিম মেদিনীপুর।*

□□ কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনীতে কনস্টেবল পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৭০ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি)। বুকের ছাতি হতে হবে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি)। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। চশমা ছাড়া ন্যূনতম দূরের ক্ষেত্রে ভালো চোখে দৃষ্টিশক্তি হতে হবে ৬/৬, খারাপ চোখে ৬/৯। প্রার্থী বাছাই করা হবে শারীরিক মাপজোক যাচাই, শারীরিক সক্ষমতার পরীক্ষা, নথিপত্র যাচাই, লিখিত পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে হাইট বার টেস্ট এবং ২৪ মিনিটে ৫ কিলোমিটার দৌড়। লিখিত পরীক্ষায় জেনারেল অ্যাওয়ারনেস বা জেনারেল নলেজ, এলিমেন্টারি ম্যাথমেটিক্স, অ্যানালিটিক্যাল অ্যাপ্টিটিউড, এবিলিটি টু অবজার্ভ অ্যান্ড ডিসটিংগুইশ প্যাটার্নস, জেনারেল ইংলিশ বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। মোট ১০০ নম্বরের পরীক্ষা। সময় ২ ঘণ্টা। ওয়েবসাইট: http://cisfrectt.in

নাম : ..............................
ঠিকানা : ..............................
..............................
..............................
আপনি কি ‘পেশাপ্রবেশ’ পড়েন? হ্যাঁ/না

# নর্দার্ন কোলফিল্ডসে চাকরি

অ্যাকাউন্ট্যান্ট, ওভারসিয়ার, আমিন ও জুনিয়র কেমিস্ট পদে ৯৩ জন কর্মী নেবে নর্দার্ন কোলফিল্ডস। নিয়োগ করা হবে মধ্যপ্রদেশের সিংগ্রৌলি জেলা এবং উত্তরপ্রদেশের শোনভদ্র জেলার বিভিন্ন খনি ও সংস্থায়। এক বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NCL/HQ/PD/Manpower/DR/2019-20/188.

**শূন্যপদের বিবরণ: অ্যাকাউন্ট্যান্ট/কস্ট অ্যাকাউন্ট্যান্ট:** শূন্যপদ ৪১টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ১৫, আর্থিকভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে আই সি ডব্লু এ বা সি এ ইন্টারমিডিয়েট এক্সামিনেশন পাশ করে থাকতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৩৭,০৬৩.৪১ টাকা।

**ওভারসিয়ার:** শূন্যপদ ৩৫টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে তিন বছরের ডিপ্লোমা। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৩১,৮৫২.৫৬ টাকা।

**আমিন:** শূন্যপদ ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে আমানত এক্সামিনেশন সার্টিফিকেট বা সার্ভেয়রশিপ সার্টিফিকেট থাকতে হবে। পাশাপাশি, রাজ্য সরকার বা স্থানীয় প্রশাসনের অধীনে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ২৯,৪৬০.৩০ টাকা।

**জুনিয়র কেমিস্ট:** শূন্যপদ ৭টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে বিজ্ঞান শাখায় স্নাতক। অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ২৯,৪৬০.৩০ টাকা।

**বয়স:** সব ক'টি পদের ক্ষেত্রেই ৩০-৩-২০২০ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ১০০ নম্বরের পরীক্ষা। সময় দেড় ঘণ্টা। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। কোনও নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nclcil.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৩০ মার্চ পর্যন্ত। ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না। এস বি কালেক্টের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পরে পেমেন্ট অ্যাকনলেজ রিসিপ্ট বা এস বি কালেক্ট রেফারেন্স নম্বর নিয়ে নেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কলকাতা পুরসভায় সার্জেন্ট

সার্জেন্ট পদে ১৫ জনকে নেবে কলকাতা পুরসভা। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। মহিলারাও আবেদনের যোগ্য। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 05 of 2020.

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক। দৈহিক মাপজোক: উচ্চতা: অন্তত ৫ ফুট ৭ ইঞ্চি। বুকের ছাতি অন্তত ৩৪ ইঞ্চি হতে হবে। প্রাক্তন মিলিটারি বা আর্মড পুলিশ বা ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্স পার্সোনেলদের অগ্রাধিকার।

**বয়স:** ১-১-২০২০ তারিখে ১৮ থেকে ৩৭ বছরের মধ্যে হতে হবে।

দরখাস্ত করতে হবে অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mscwb.org দরখাস্তের শেষ তারিখ ৭ এপ্রিল। ফি বাবদ দিতে হবে ২২০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭০ টাকা)। ফি দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয়ভাবেই।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নর্দার্ন কোলফিল্ডসে মাইনিং সর্দার, সার্ভেয়র

*প্রথম পাতার পর*

ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। এ ছাড়া ডিরেক্টোরেট জেনারেল অব মাইনস অ্যান্ড সেফটি (ডি জি এম এস) কর্তৃক স্বীকৃত বৈধ ওভারম্যান কম্পিটেন্সি সার্টিফিকেট বা মাইনিং সংক্রান্ত কোনও অন্য সার্টিফিকেট থাকা বাধ্যতামূলক।

**সার্ভেয়র:** শূন্যপদ ৭টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ৪)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক অথবা মাইনিং ইঞ্জিনিয়ারিং বা মাইন সার্ভেয়িং ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। সেই সঙ্গে সার্ভেয়র কম্পিটেন্সি সার্টিফিকেট থাকতে হবে।

**বয়স:** উভয় পদের ক্ষেত্রেই ২৪-৩-২০২০ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতন:** মাইনিং সর্দার পদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ৩১,৮৫২.৫৬ টাকা এবং সার্ভেয়র পদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ৩৪,৩৯১.৬৫ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ১০০ নম্বরের পরীক্ষা। সময় দেড় ঘণ্টা। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। কোনও নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nclcil.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৪ মার্চ পর্যন্ত। ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। তফসিলি ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না। এস বি কালেক্টের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পরে পেমেন্ট অ্যাকনলেজ রিসিপ্ট বা এস বি কালেক্ট রেফারেন্স নম্বর নিয়ে নেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কলকাতায় সরকারি প্রকল্পে ডাক্তার

৩৫ জন মেডিক্যাল অফিসার নিয়োগ করবে কলকাতা সিটি ন্যাশনাল আর্বান হেলথ মিশন সোসাইটি। পূর্ণ ও আংশিক সময়ের জন্য চুক্তিতে নিয়োগ হবে কলকাতার বিভিন্ন আর্বান প্রাইমারি হেলথ সেন্টারে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ৭ মার্চ, কলকাতায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 10/Kolkata City NUHM Society/2019-20.

**শিক্ষাগত যোগ্যতা:** এম বি বি এস। সঙ্গে ১ বছর মেয়াদের বাধ্যতামূলক ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। **বয়স:** ১-৩-২০২০ তারিখে ৬৬ বছরের মধ্যে হতে হবে।

**বেতন:** পূর্ণ সময়ের ক্ষেত্রে প্রতি মাসে ৪০,০০০ টাকা এবং আংশিক সময়ের ক্ষেত্রে প্রতি মাসে ২৪,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.kmcgov.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

## ওয়াক-ইন-ইন্টারভিউয়ে সঙ্গে নিয়ে যাবেন

- ✓নির্দিষ্ট বয়ানে পূরণ করা দরখাস্ত। প্রার্থীর এক কপি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓প্রার্থীর সচিত্র পরিচয়পত্র হিসেবে পাসপোর্ট বা ভোটার আই ডি-র নকল।
- ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের নকল।
- ✓প্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র এবং রেজিস্ট্রেশন সার্টিফিকেটের নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

মূল নথিপত্রগুলিও ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যাবেন।

ইন্টারভিউ ৭ মার্চ, সকাল সাড়ে ১১টা থেকে। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: Room No. 254, 2nd Floor, PMU, Kolkata City NUHM Society, 5, S. N. Banerjee Road, Kolkata-700 013.

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাইটসে সিভিল ইঞ্জিনিয়ার

সিভিল ইঞ্জিনিয়ার পদে ৩৫ জনকে নেবে রাইটস লিমিটেড। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/20.

**শিক্ষাগত যোগ্যতা:** সিভিল ইঞ্জিনিয়ারিং শাখায় অন্তত ৬০ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং), সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন প্রতি বছরে ৮ লাখ টাকা।

প্রাথমিকভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rites.com দরখাস্তের শেষ তারিখ ২৩ মার্চ।

এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# পাওয়ার গ্রিডে এক্সিকিউটিভ ট্রেনি

এক্সিকিউটিভ ট্রেনি (ফিনান্স) পদে ২৫ জনকে নেবে পাওয়ার গ্রিড কর্পোরেশন অব ইন্ডিয়া। প্রথমে এক বছরের ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CC/03/2020.

**শিক্ষাগত যোগ্যতা:** সি এ বা আই সি ডব্লু এ (সি এম এ) পাশ।

**বয়স:** ৬-৪-২০২০ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে।

**বেতনক্রম:** ৬০,০০০-১,৮০,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষা, ইন্টারভিউ ও গ্রুপ ডিসকাশনের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.powergridindia.com প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৭ মার্চ থেকে ৬ এপ্রিল পর্যন্ত।

বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# মাজাগন ডকে অ্যাপ্রেন্টিস

৭৯ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে মাজাগন ডক শিপবিল্ডার্স। এটি ভারত সরকারের অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসশিপ (সংশোধিত) অ্যাক্ট ১৯৭৩ অনুসারে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায়। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: ADVT/MDLATS/01/2020.

**আসনসংখ্যার বিবরণ: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস:** সিভিল: ৩টি। ইলেক্ট্রিক্যাল: ১৫টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম: ৫টি। মেকানিক্যাল: ৪৩টি। প্রোডাকশন: ৫টি। শিপবিল্ডিং টেকনোলজি: ৫টি।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস:** মেকানিক্যাল: ৩টি।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি বা ডিপ্লোমা।

**স্টাইপেন্ড:** গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে প্রতি মাসে ৯,০০০ টাকা এবং ডিপ্লোমা অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে প্রতি মাসে ৮,০০০ টাকা।

এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে আবেদন করবেন না।

মেধার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in এরপর ওই ওয়েবসাইটের সার্চ এস্টাব্লিশমেন্ট অপশনে গিয়ে সংশ্লিষ্ট সংস্থায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য আবেদন করতে হবে। এস্টাব্লিশমেন্ট আই ডি: WMHMCS000044. আবেদনের শেষ তারিখ ১১ মার্চ।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.mazagondock.in


**মহিলা টেলি কলার আবশ্যক**

Domestic Inbound Call receive করার জন্য ইংরাজী/ হিন্দী জানা মহিলা টেলি কলার (বয়সসীমা ৩৮) প্রয়োজন।
Salary 8k থেকে 20k + incentive.
Contact : 8420291516/8420090256



**VACANCY POSITION**

**Applications are invited for the following post at Tribeni Tissues Vidyapith, Chandrahati, Hooghly , pin – 712 504, email-Vidyapith.ttv@gmail.com ( English Medium CISCE School )**

**PRIMARY TEACHER :**

**Essential qualification :** Higher Secondary/ Graduate with 2 yrs of Diploma in Teachers Training Course ( D.El.Ed)

**COMPUTER TEACHER : (For classes I to VIII )**

**Essential Qualification :** Graduate in Computer science or equivalent.

Application must reach by 11th March, 2020 with necessary documents else the application will be rejected.

2nd March, 2020

Dr. R S Sharma
Principal



www.shmi.org

SCOTT
HOTEL MANAGEMENT INSTITUTE
KOLKATA

ADMISSION TODAY.
JOB TODAY.
CALL 9748405966 NOW.

SCOTT is India's only Hotel Management Institute that will give you an immediate Appointment Letter at your time of Admission. This is because of SCOTT's extensive Industry network and India's current Hospitality boom. So, now's the perfect time to secure your future.

BUT HURRY !!!

3 Year Advanced Program in Hospitality Administration
1 Year Certificate Courses ( NSDC supported )



Scott Hotel Management Institute
SC-121, Sec -1, Salt Lake, Kolkata-64
Phone: (033) 6525 7470
(033) 6450 8941
M: 9120166666
E-mail : admin@shmi.org
www.shmi.org



WhatsApp Group
STUDY MATERIALS LINK
PSC GROUP D RAIL
TARGET — WBTET
GK+GI+GS+CA

WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__পর্যালোচনা
GK+GI+GS+CA



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*লক্ষ্যে না পৌঁছনো পর্যন্ত লড়াইটা ছেড়ো না। ওই লড়াইটাই তোমার কাছে তোমার পরিচয়।*
*— এ পি জে আব্দুল কালাম*
*(ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি)*

*✓ ইতিহাস অনার্সের দ্বিতীয় বর্ষে পড়ছি। টাইপিং শিখছি। চাকরির প্রয়োজন। চাকরির খোঁজ দিলে উপকৃত হব।*

*দিব্যেন্দু সাহা, পানিহাটি, উত্তর ২৪ পরগনা।*

□ বর্তমানে উচ্চমাধ্যমিক যোগ্যতার চাকরিগুলির জন্য আবেদন করতে পারবেন। টাইপিংয়ের গতি কেমন, চিঠি থেকে তা জানা যাচ্ছে না। মিনিটে অন্তত ৩০-৩৫টি ইংরেজি শব্দ টাইপ করার গতি আয়ত্ত করতে পারলে চাকরির পরিসর বাড়বে। অর্থাৎ টাইপিং জানা বাধ্যতামূলক, এমন চাকরিগুলির জন্যও আবেদন করতে পারবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু জুনিয়র অ্যাসিস্ট্যান্ট নেবে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়। যে-কোনও শাখার উচ্চমাধ্যমিকরা এই পদে আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। 'কর্মক্ষেত্র'-র ২৬ ফেব্রুয়ারি সংখ্যায় 'রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে ১১৬' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। দরখাস্ত করতে হবে ৬ মার্চের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rbu.ac.in

> কিছু জুনিয়র অ্যাসিস্ট্যান্ট নেবে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়। যে-কোনও শাখার উচ্চমাধ্যমিকরা এই পদে আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে।

কিছু অফিস অ্যাটেন্ড্যান্ট নিয়োগ করা হবে নিউ আলিপুরের জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৬ ফেব্রুয়ারি সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে ১৩৫৫ চাকরি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত খুঁটিনাটি তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ২০ মার্চের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssc.nic.in এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Phase-VIII/2020/Selection Posts.

***পরে আবেদন করতে পারবেন:*** উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে এবং টাইপিং জানা থাকলে আবেদন করতে পারবেন রেলের এইসব পদে: জুনিয়র ক্লার্ক-কাম-টাইপিস্ট, অ্যাকাউন্টস ক্লার্ক-কাম-টাইপিস্ট, জুনিয়র টাইমকিপার, কমার্শিয়াল-কাম-টিকিট ক্লার্ক। এ ছাড়াও আপনি ট্রেনস ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। এই পদটির ক্ষেত্রে টাইপিং জানা বাধ্যতামূলক নয়। টাইপিং জানা থাকলে ডাকবিভাগে পোস্টাল অ্যাসিস্ট্যান্ট ও সর্টিং অ্যাসিস্ট্যান্ট এবং কেন্দ্রীয় ও পশ্চিমবঙ্গ সরকারের লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করা যায়।

উচ্চমাধ্যমিক যোগ্যতায় কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, পুরসভায় সহায়ক বা অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন।

*✓ মাইক্রোবায়োলজির গ্র্যাজুয়েট। চাকরির জন্য পড়াশোনা করছি। চাকরির কথা জানাবেন। সঙ্গে দু'-একটা এমন পেশাদারি কোর্সের কথা জানতে চাই, যেখানে মাইক্রোবায়োলজির শিক্ষা কাজে লাগবে।*

*সায়ন্তনী মজুমদার, কাঁকুড়গাছি, কলকাতা।*

□ গ্র্যাজুয়েট যোগ্যতার বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদন করতে পারবেন। পছন্দ ও ক্ষমতা অনুযায়ী বাছাই করা চাকরিগুলির জন্য পরীক্ষার অনেকটা আগে থেকেই প্রস্তুতি নেওয়ার দরকার রয়েছে।

***এখনই আবেদন করতে পারেন:*** জুলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায় কিছু সিনিয়র জুলজিক্যাল অ্যাসিস্ট্যান্ট নেওয়া হবে। এটি একটি কেন্দ্রীয় সংস্থা। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। আপনি আবেদন করতে পারেন। কিছু সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট নেওয়া হবে সল্টলেকের ন্যাশনাল টেস্ট হাউসে। এটিও একটি কেন্দ্রীয় সংস্থা। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। যে-কোনও একটি পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৬ ফেব্রুয়ারি সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে ১৩৫৫ চাকরি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত খুঁটিনাটি তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ২০ মার্চের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssc.nic.in এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Phase-VIII/2020/Selection Posts.

***পরে আবেদন করতে পারবেন:*** স্টাফ সিলেকশন কমিশন পরিচালিত কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারেন। এই পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগ ও সংস্থায় কয়েকশো অফিসার নিয়োগ করা হয়। একইভাবে মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারে অফিসার নিয়োগ করা হয়। পরীক্ষা নেয় পাবলিক সার্ভিস কমিশন। আপনি এই পরীক্ষার জন্য আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে ক্লার্ক ও প্রবেশনারি অফিসার পদে আবেদন করতে পারবেন ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষার মাধ্যমে। তবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার এই দুই পদের ক্ষেত্রে আই বি পি এসের পরীক্ষার স্কোর দরকার হয় না। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারেন। আছে আরও চাকরি, 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আরও নানা চাকরির খবর পাবেন।

**পেশাদারি কোর্স:** মাইক্রোবায়োলজি বিষয়ে গ্র্যাজুয়েশন করা থাকলে ফার্মাকোভিজিল্যান্সের কোর্স করা যায়। এটি একটি নতুন পেশা। ওষুধপত্রে নজরদারির পেশা। ফার্মাসিউটিক্যাল সংস্থা, বড় নার্সিংহোম, হাসপাতাল, গবেষণা সংস্থায় চাকরি হয়। পেশাদারদের চাকরির বাজারে ভালো চাহিদা আছে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারে এই কোর্সটি করানো হয়। ৯ মাসের সার্টিফিকেট কোর্স। চাকরির ব্যাপারে বিশ্ববিদ্যালয় থেকে সহায়তা করা হয়। তথ্যের জন্য ফোন করতে পারেন এই নম্বরে: ৯০৮৮৪০১৩৫৪।

আগ্রহ থাকলে প্যাকেজিং টেকনোলজির কোর্স করতে পারেন। প্যাকেজিং টেকনোলজিতে মাইক্রোবায়োলজির বিশেষ ভূমিকা আছে। কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠান ইন্ডিয়ান ইনস্টিটিউট অব প্যাকেজিংয়ে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স করা যায়। মোট ৪টি সেমেস্টারের কোর্স। এ ছাড়া তিন মাসের সার্টিফিকেট কোর্সও আছে। কলকাতায় প্রতিষ্ঠানের ঠিকানা: ব্লক-সি পি-১০, সেক্টর ফাইভ, সল্টলেক, কলকাতা-৯১। ফোন: ২৩৬৭-০৭৬৩। ওয়েবসাইট: www.iip-in.com

'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আপনার শিক্ষাগত যোগ্যতা অনুসারে আরও নানা পেশাদারি কোর্সের খবর পাবেন।

*✓ মাধ্যমিক পরীক্ষা দেওয়া হয়নি। নবম শ্রেণি উত্তীর্ণ। বয়স ২৪ বছর। সরকারি চাকরি পেতে পারি কি?*

*চিন্ময় ঢালি, কাঁথি, পূর্ব মেদিনীপুর।*

□ চাকরির পরীক্ষার জন্য কিছুদিন আপনাকে পড়াশোনা করে প্রস্তুতি নিতে হবে। অন্তত তিন মাসের প্রস্তুতি তো নিতেই হবে। তারপর চাকরির পরীক্ষায় বসুন। পশ্চিমবঙ্গে ক্লাস নাইন পাশ যোগ্যতায় গ্রুপ 'ডি' পদের চাকরি আছে। সরাসরি রাজ্য সরকারে এবং সরকারি বিভিন্ন সংস্থায় ও আঞ্চলিক প্রশাসনে গ্রুপ 'ডি' কর্মী নিয়োগ করা হয়ে থাকে। ফলে একই প্রস্তুতিতে আপনি বিভিন্ন সংস্থায় এই পদে আবেদন করতে পারবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** ক্লাস এইট পাশ যোগ্যতায় জুনিয়র অ্যাটেন্ড্যান্ট, জুনিয়র গার্ড, জুনিয়র সিকিউরিটি নায়েক, জুনিয়র ফরাস, জুনিয়র সুইপার পদে আবেদন করা যাচ্ছে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে। যে-কোনও একটি পদে আবেদন করতে পারেন। শিক্ষাগত যোগ্যতা ক্লাস এইট পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। 'কর্মক্ষেত্র'-র ২৬ ফেব্রুয়ারি সংখ্যায় 'রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে ১১৬' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। দরখাস্ত করতে হবে ৬ মার্চের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rbu.ac.in

## কয়েক মাসের নিরবচ্ছিন্ন প্রস্তুতি নিন চাকরি আপনি পাবেনই



সৌমাভ রায়
অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার, কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অব ইন্ডিয়া

আমাদের দেশে চাকরি নিয়ে হা-হুতাশ তো আছেই। সরকারি চাকরি মহার্ঘ। লক্ষ লক্ষ তরুণ-তরুণী সরকারি চাকরি পাওয়ার জন্য অপেক্ষা করছেন। যত চাকরির প্রয়োজন, তত সরকারি চাকরি নেই। তাই ক্ষুরধার প্রতিযোগিতা এক্ষেত্রে। আবার এটাও ঠিক যে, কিছু সরকারি চাকরি তো রয়েছেও, যেগুলির জন্য লোক চেয়ে নিয়মিত বিজ্ঞপ্তিও বেরোয়। আমি গ্র্যাজুয়েট যোগ্যতার সরকারি চাকরির কথা বলতে চাইছি। প্রধানত লিখিত পরীক্ষার মাধ্যমে এইসব চাকরির জন্য প্রার্থী বাছাই করা হয়ে থাকে। ওই লিখিত পরীক্ষার জন্য আপনি কতটা প্রস্তুত তার উপরেই নির্ভর করবে আপনার সাফল্য।

২০০৯ সালে কেমিস্ট্রিতে অনার্স-সহ গ্র্যাজুয়েশন সম্পূর্ণ করার আগে থেকেই সরকারি চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নেওয়া শুরু করেছিলাম। যদি বলেন, আগে থেকে, মানে ঠিক কোন সময় থেকে, তবে বলব, গ্র্যাজুয়েশনের পড়াশোনার ফাঁকে ফাঁকে কিছু পড়াশোনা করতাম, তবে তা খুব সংগঠিত পাঠ ছিল না। বরং, কী কী পড়তে হবে, কীভাবে পড়তে হবে, কোন দিকটাতে আমাকে বিশেষ জোর দিতে হবে, এগুলো বুঝে নিতে চেয়েছিলাম। চাকরির পরীক্ষার জন্য প্রকৃত পড়াশোনা শুরু হয়েছিল গ্র্যাজুয়েশনের তৃতীয় বর্ষের ফাইনাল পরীক্ষার পর থেকে, পরীক্ষার ফল প্রকাশের আগে থেকে। ডব্লু বি সি এস পরীক্ষার জন্য বিশেষ প্রস্তুতি নিচ্ছিলাম। একটা কথা বলে রাখি, ডব্লু বি সি এসের 'সি' ও 'ডি' গ্রুপের পরীক্ষার জন্যও যদি প্রস্তুতি নেওয়া যায়, তবে সেই প্রস্তুতি আরও কয়েকটি সরকারি চাকরির পরীক্ষার জন্য প্রস্তুত করে দেয়। অন্তত ৬ মাসের নিরবচ্ছিন্ন প্রস্তুতির দরকার হবে সেক্ষেত্রে। আর, ডব্লু বি সি এসের 'এ' ও 'বি' গ্রুপের পরীক্ষায় বসতে চাইলে নয় নয় করে ১০ মাসের প্রস্তুতির দরকার হবে। ডব্লু বি সি এসের প্রস্তুতির সঙ্গে সঙ্গে অন্যান্য চাকরির পরীক্ষায় বসতে শুরু করেছিলাম। ডব্লু বি সি এস এবং স্টাফ সিলেকশন কমিশনের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মধ্যে ৭০ শতাংশ মিল রয়েছে। কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেলের পরীক্ষা দিয়ে ২০১০-এ কেন্দ্রীয় সরকারের অডিটরের চাকরি পাই। প্রথম চাকরি। পোস্টিং ছিল কানপুরে। পারিবারিক সমস্যার কারণে এই চাকরিটিতে যোগ দিতে পারিনি। ২০১১-য় ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ক্লারিক্যাল গ্রেডে চাকরি পেলাম। যোগ দিলাম ব্যাঙ্কের চাকরিতে। অন্যান্য চাকরির পরীক্ষাগুলোরও ফল প্রকাশিত হতে থাকল। চাকরি হল পি এস সি-র মিসেলেনিয়াস সার্ভিসেসে, ইন্টেলিজেন্স ব্যুরোর ইন্টেলিজেন্স অফিসার পদে, ডব্লু বি সি এসের 'সি' গ্রুপে অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ট্যাক্স অফিসার পদে। এর কোনওটিতেই অবশ্য যোগ দিইনি। কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসেছিলাম আবারও। চাকরি হ'ল দ্বিতীয়বারেও। ব্যাঙ্কের চাকরি ছেড়ে যোগ দিলাম কেন্দ্রীয় সরকারের চাকরিতে, অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার পদে। ২০১২-র শেষে এই চাকরিতে যোগ দিই। বর্তমানে এই চাকরিতেই বহাল রয়েছি। বিভাগীয় পরীক্ষার মাধ্যমে পদোন্নতিও ঘটেছে।

ব্যক্তিগত অভিজ্ঞতা থেকেই বলছি, ৬-৭ মাসের নিরবচ্ছিন্ন পড়াশোনা চাকরির পরীক্ষার জন্য আপনাকে ৯০ শতাংশ প্রস্তুত করে দেবে। তারপর পরীক্ষাগুলোতে বসতে থাকুন। পড়াশোনাও চলতে থাকুক। চাকরি না পাওয়া পর্যন্ত পড়াশোনা থামানো যাবে না। প্রথম দু-তিনটে পরীক্ষায় বসলেই নিজের সবলতা-দুর্বলতার দিকগুলো ধরতে পারবেন। দুর্বলতার জায়গাগুলো মেরামত করে নিলেই আপনার প্রস্তুতি পূর্ণতা পাবে। তারপর চাকরি পাওয়া শুধু সময়ের অপেক্ষা।

> ক্লাস এইট পাশ যোগ্যতায় জুনিয়র অ্যাটেন্ড্যান্ট, জুনিয়র গার্ড, জুনিয়র সিকিউরিটি নায়েক, জুনিয়র ফরাস, জুনিয়র সুইপার পদে আবেদন করা যাচ্ছে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে।

*✓ পাওয়ার ইলেক্ট্রনিক সিস্টেম ট্রেডে আই টি আই কোর্স সম্পূর্ণ হয়েছে। চাকরির চেষ্টা চলছে। চাকরির সন্ধান দেবেন।*

*সায়ন মিত্র, লিলুয়া, হাওড়া।*

***এখনই আবেদন করতে পারেন:*** ১৪১জন টেকনিশিয়ান 'বি' নেবে ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন (ইসরো)। পাওয়ার ইলেক্ট্রনিক সিস্টেম-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেড কোর্স পাশ প্রার্থীরাই এই পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-র ১২ ফেব্রুয়ারি সংখ্যায় 'ইসরোয় ১৪১' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ৬ মার্চের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.isro.gov.in

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__ পর্যালোচনা
GK+GI+GS+CA



উড সায়েন্স ও পেপার টেকনোলজি ...পৃঃ ১২
মাধ্যমিকের পর টুল অ্যান্ড ডাই মেকিং ...পৃঃ ১৩

কর্মক্ষেত্র
# জীবিকার আটঘাট

স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার
প্রতি মাসেই ৫০০০ টাকা
পুরস্কৃত প্রবন্ধ ১১ পাতায়

স্বনির্ভরতার নানা পথ

## একদিনের প্রশিক্ষণে ভেষজ আবির তৈরি

**ফুল থেকে তৈরি ভেষজ আবিরের সবচেয়ে বড় গুণ তা ত্বক ও চোখের ক্ষতি করে না। দাম তুলনায় বেশি হলেও বিক্রি প্রতি বছরই বাড়ছে। ভেষজ আবির বানানো শিখে দোলের সময় ভালো উপার্জন করতে পারেন। স্বল্প মেয়াদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।**

**নিজস্ব প্রতিনিধি:** আর ক'দিন পরেই দোল। রঙের খেলায় মেতে উঠবেন সকলে। কিন্তু অনেকেই আছেন যাঁরা রং খেলার নাম শুনলেই ঘরে খিল দেন। রঙে তাঁদের প্রবল আতঙ্ক। এই আতঙ্ক তৈরি হয়েছে রং মাখার পরে ত্বক ও চোখের বিভিন্ন সমস্যা থেকে। রাসায়নিক মেশানো রং বা আবির ত্বক, চোখ ও চুলের জন্য ভীষণ ক্ষতিকারক। তাই হয়তো বিগত কয়েক বছর ধরে, সাধারণ আবিরের চেয়ে দামে একটু বেশি হলেও, ভেষজ আবিরের দিকে মানুষ ঝুঁকছেন। শিশুরাও নির্দ্বিধায় এই রং ব্যবহার করতে পারে।

সাধারণত, ফুলের নির্যাস থেকে তৈরি হয় ভেষজ আবির। পলাশ ও গাঁদাফুলের মিশেলে পাওয়া যায় হলুদ রং, গোলাপ থেকে গোলাপি, অপরাজিতা ও কাঁচা হলুদ মিশিয়ে সবুজ রং ইত্যাদি। দোলের আগে নিজেরাই ভেষজ আবির তৈরি করে ব্যবসা করতে পারেন। বেশ লাভজনক ব্যবসা। মাত্র পনেরো থেকে কুড়ি হাজার টাকা পুঁজি নিয়ে শুরু করা যায়। দোলে তো বটেই, পাড়ার ক্লাবের টুর্নামেন্ট জয় থেকে শুরু করে রাজনৈতিক নির্বাচনের সাফল্য উদযাপনেও এখন আবির অপরিহার্য।



ভেষজ আবির তৈরি করার পদ্ধতি মোটেও কঠিন নয়। বেশ কয়েক বছর হল, ভেষজ আবির তৈরির প্রশিক্ষণ দেওয়ার ব্যাপারে উদ্যোগী হয়েছে রাজ্য সরকার। গত বছর পুরুলিয়ার বলরামপুরে বাজারে বিক্রয়যোগ্য ভেষজ আবির তৈরির এমনই একটি প্রশিক্ষণ শিবিরের আনুষ্ঠানিক উদ্বোধন করেছিলেন রাজ্যের পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ মন্ত্রী শান্তিরাম মাহাতো। ৫০ জন মহিলা প্রশিক্ষণ নিয়ে আবির তৈরি করেছিলেন। শিশু বিকাশ, নারী ও সমাজ কল্যাণ দপ্তর এবং পুরুলিয়া জেলা প্রশাসনের আর্থিক সহায়তায় কন্যাশ্রী স্বাবলম্বী প্রকল্পে তৈরি এই আবিরের নাম দেওয়া হয়েছিল

এরপর পনেরোর পাতায়

### ফুল শুকিয়ে আবির তৈরি করলে রং উজ্জ্বল থাকে



অসীম চট্টোপাধ্যায়, *প্রাক্তন টেকনিক্যাল সুপারিন্টেন্ডেন্ট, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়*

কৃষককে রক্ষা করা, কৃষিজাত দ্রব্যের অপচয় বন্ধ করা এবং উপার্জন করার একটা পথ দেখিয়ে দেওয়া— এই তিনটি বিষয়ে গুরুত্ব দিয়ে ২০০৭-০৮ সাল নাগাদ ভেষজ আবির তৈরির পরিকল্পনা নেয় যাদবপুর বিশ্ববিদ্যালয়। সেই সময় আমি এই বিশ্ববিদ্যালয়ে চাকরি করতাম। আমার তত্ত্বাবধানে এই কর্মসূচি শুরু হয়। অবসর নেওয়ার পরও আমি এই কাজ করে চলেছি। আমার কাছে অনেকে প্রশিক্ষণ নিতে আসেন। শুধু ভারতের রাজ্যগুলি থেকেই নয়, পৃথিবীর বিভিন্ন জায়গা থেকে উৎসাহীরা এসেছেন প্রশিক্ষণ নিতে। এখন তাঁরা নিজেরা ভেষজ আবির তৈরি করছেন। আমি ভেষজ আবির বিক্রিও করি। ভারতের বিভিন্ন প্রান্ত থেকে এবং বিদেশ থেকেও প্রচুর অর্ডার পাই।

মূলত ফুলের নির্যাস থেকে ভেষজ আবির তৈরি করা হলেও, আমি শেখাই কীভাবে ফুলের পাপড়ি শুকিয়ে তা থেকে আবির তৈরি করতে হয়। এতে কিন্তু রং একইরকম উজ্জ্বল থাকে। বিভিন্ন জায়গায় ১০ থেকে ১২ দিনের প্রশিক্ষণ দেয় বটে কিন্তু আমি ভেষজ আবির তৈরির পদ্ধতি একদিনেই শেখাই। আমার মতে, এর চেয়ে বেশি সময় লাগার কথা নয়। যে কেউ এসে এই প্রশিক্ষণ নিতে পারেন, কোনওরকম শিক্ষাগত যোগ্যতার প্রয়োজন নেই। শুধুমাত্র লিখতে-পড়তে জানা চাই। ব্যবসা করার মানসিকতা ও আগ্রহকে আমি অগ্রাধিকার দিই।

প্রসঙ্গত বলি, রজনীগন্ধার পাপড়ি ও নিমপাতা মিশিয়ে প্রথম আমিই সাদা আবির তৈরি করি। যে-সময়ে যে-ফুলের সিজন অর্থাৎ বেশি পাওয়া যায়, তখন সেই ফুল প্রচুর পরিমাণে কিনে শুকিয়ে প্রিজার্ভ করে রাখি। পলাশফুলের ক্ষেত্রেও তাই করি। ফুল শুকিয়ে আবির তৈরি করলেও রং ঠিকই থাকে।

এতদিনের অভিজ্ঞতা থেকে দেখেছি, ভেষজ আবির যথেষ্ট জনপ্রিয় হয়েছে। যেহেতু এটা ত্বকের পক্ষে ক্ষতিকর নয়, তাই সকলেই ঝুঁকছেন এই আবিরের দিকে। তবুও এ ব্যাপারে সরকারিভাবে যদি প্রচার হয় বা বিক্রির ব্যবস্থা করা হয়, তাহলে এই আবির বিক্রেতারা এই ব্যবসা চালিয়ে নিয়ে যাওয়ার উৎসাহ পাবেন।

## তথ্য-বিশ্লেষকের পেশায় অপার সম্ভাবনা

**দক্ষ তথ্য-বিশ্লেষকের চাহিদা রয়েছে শিল্প ও আর্থিক সংস্থাগুলিতে। অঙ্ক ও রাশিবিজ্ঞানে আগ্রহ থাকলে পড়তে পারেন কোয়ালিটি, রিলায়েবিলিটি অ্যান্ড অপারেশনস রিসার্চের স্নাতকোত্তর কোর্স। পড়া যাচ্ছে ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটের কলকাতা কেন্দ্রে। বয়সের বিধিনিষেধ নেই।**



**নিজস্ব প্রতিনিধি:** স্ট্যাটিস্টিক্স বিষয়টি জটিল হলেও আকর্ষণীয় এবং কর্মমুখী। কোনও পরিস্থিতির প্রকৃত চিত্র বোঝাতে স্ট্যাটিস্টিক্যাল ডেটা বা পরিসংখ্যানের কোনও বিকল্প নেই। আধুনিক যুগে প্রতিযোগিতামূলক বাজারব্যবস্থায় অংশগ্রহণকারী সব বড় সংস্থাকেই প্রভূত পরিমাণে পরিসংখ্যানের উপর নির্ভর করতে হয়। বাজারের চাহিদা কেমন, ক্রেতার প্রয়োজন কী, নতুন কোনও পণ্য বাজারে এলে কোন ধরনের ক্রেতার কাছে তা জনপ্রিয় হবে, এইসব তথ্য-পরিসংখ্যানের ভিত্তিতেই উৎপাদক সংস্থা স্থির করে ব্যবসার কৌশল। খাদ্য, বস্ত্র, যন্ত্র, টেলিকম-সহ যাবতীয় ক্ষেত্রে উৎপাদন থেকে বিক্রি পর্যন্ত চুলচেরা তথ্য-বিশ্লেষণের এই কাজটিই করেন কোয়ালিটি, রিলায়েবিলিটি অ্যান্ড অপারেশনস রিসার্চের দক্ষ পেশাদাররা।

কোয়ালিটি, রিলায়েবিলিটি অ্যান্ড অপারেশনস রিসার্চ স্ট্যাটিসটিক্স বা রাশিবিজ্ঞানের একটি প্রয়োগমূলক

এরপর চোদ্দোর পাতায়

### কাজের নতুন নতুন সম্ভাবনা তৈরি হচ্ছে



সন্দীপ দে, *সিনিয়র ইঞ্জিনিয়ার, ডেটা সায়েন্স, অ্যাডভান্সড অ্যানালিটিক্স, টি সি এস*
*প্রাক্তন ছাত্র, কোয়ালিটি রিলায়েবিলিটি অ্যান্ড অপারেশনস রিসার্চ বিভাগ, ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট*

স্ট্যাটিসটিক্সে স্নাতকোত্তর কোর্স করেছিলাম কলকাতা বিশ্ববিদ্যালয়ে। সেখানে শেষ ছয় মাসে কোয়ালিটি, রিলায়েবিলিটি অ্যান্ড অপারেশনস রিসার্চ নিয়ে একটা স্পেশ্যালাইজেশন কোর্স পড়তে হয়েছিল। তখনই ঠিক করি এই বিষয়টি নিয়ে আরও পড়ব। স্ট্যাটিস্টিক্সের প্রায়োগিক দিক নিয়ে কাজ করার ইচ্ছেও ছিল। তাই ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটে স্নাতকোত্তরে ভর্তি হই। কোর্স শেষে ক্যাম্পাস ইন্টারভিউ দিয়ে চাকরি শুরু।

প্রথমে ব্যাঙ্কিং সেক্টরে কাজ করি। ক্রেডিট রিস্ক অ্যানালিস্ট হিসেবে এইচ ডি এফ সি ব্যাঙ্কে। পরে সেখানেই বিভাগীয় প্রধান হই। তারপর সংস্থা বদল করে রিটেল অ্যানালিটিক্স নিয়ে কাজ শুরু করি। কোন প্রোডাক্ট কোথায় ভালো চলছে, কেন চলছে, তার চুলচেরা বিশ্লেষণ। যেমন, পাঁউরুটি কিনতে গিয়ে একজন ক্রেতা সঙ্গে কোনটা কিনবেন, মাখন না দুধ— সেই অনুযায়ী অ্যানালিসিস করতে হয়, দোকান সাজানো হয়, এই সাজানোর পিছনে তথ্য বিশ্লেষকদের একটা বড় ভূমিকা থাকে।

পরে কগনিজেন্ট-এ যোগ দিই। এখন আছি টি সি এস সংস্থায়, এই দু'টি জায়গাতেই কাজের ধরন আবার বদলে গেল। কর্মসূত্রে আমেরিকাতে ছিলাম, মাইক্রোসফট সংস্থার জন্য কাজ। বিষয়টা ভালোবাসি বলে কাজটা সবসময়ই উপভোগ করেছি। ফলে ইন্ডাস্ট্রি বদলে গেলেও কোনও সমস্যা হয়নি। এই বিষয়টি নিয়ে পড়লে চাকরির অভাব নেই। ক্রমাগত এত নতুন দিক আবিষ্কৃত হচ্ছে যে, কাজের নতুন নতুন সম্ভাবনা তৈরি হয়ে চলেছে।

# হোটেল ম্যানেজমেন্টের প্রবেশিকা পরীক্ষার খুঁটিনাটি

**হসপিটালিটি ও হোটেল অ্যাডমিনিস্ট্রেশনের ডিগ্রি কোর্সে ভর্তির জন্য প্রবেশিকা পরীক্ষা নেওয়া হয় দেশ জুড়ে। এ-বছরের পরীক্ষা এপ্রিলের শেষে। যাঁরা এ-বছর পরীক্ষায় বসবেন তাঁদের জন্য বিশেষ ভাবে প্রস্তুত এই প্রতিবেদন।**



**নিজস্ব প্রতিনিধি:** উচ্চমাধ্যমিক স্তরে পড়াশোনার ফাঁকেই ভবিষ্যতে কী নিয়ে পড়বে সেই বিষয়ে চলতে থাকে চিন্তাভাবনা। নিজের মেধা ও ইচ্ছে অনুযায়ী অনেকে বেছে নেয় ইঞ্জিনিয়ারিং-ডাক্তারি-আইন প্রভৃতি বিষয়। কিন্তু শুধু পড়ার বিষয় ঠিক করলেই হয় না, পেশাদার জগতে সেই বিষয়ের প্রয়োজনীয়তা কতটা তাও বিচার করতে হয় আগে থেকেই। এর সঙ্গে নিতে হয় বিভিন্ন প্রবেশিকা পরীক্ষার প্রস্তুতি। পরিষেবা-সংক্রান্ত ক্ষেত্রে, বিশেষত আতিথেয়তা শিল্পে বরাবরই চাহিদা রয়েছে দক্ষ কর্মীর। এই শিল্পে কেরিয়ার গড়তে চাইলে পড়তে পারেন হসপিটালিটি অ্যান্ড হোটেল অ্যাডমিনিস্ট্রেশনের ডিগ্রি কোর্স। এই বিষয়টির পঠনপাঠনের দায়িত্বে রয়েছে ন্যাশনাল কাউন্সিল ফর হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং টেকনোলজি এবং ইন্দিরা গান্ধী রাষ্ট্রীয় মুক্ত বিশ্ববিদ্যালয়। এই বিষয়ের সুবিধা হচ্ছে উচ্চমাধ্যমিকের যে-কোনও শাখার ছেলেমেয়েরাই পড়তে পারে। ন্যাশনাল কাউন্সিল ফর হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং টেকনোলজির অধীনস্থ দেশের ৭১টি সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে ভর্তির জন্য দিতে হয় একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা। পরীক্ষাটি পরিচালনা করে ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন টি এ)। এ বছরের পরীক্ষা ২৫ এপ্রিল। আগ্রহীদের জন্য রইল পরীক্ষা-সংক্রান্ত নানা খুঁটিনাটি তথ্য ও পরামর্শ।

**পরীক্ষার ফল প্রকাশিত হলে সফল প্রার্থীদের অনলাইন কাউন্সেলিং করা হবে। এই ধাপে পৌঁছে প্রাপ্ত র‍্যাঙ্ক অনুসারে কোন প্রতিষ্ঠানে পড়ার সুযোগ পাচ্ছেন তা জানতে পারবেন। সেটি পছন্দ না হলে নিজের পছন্দের প্রতিষ্ঠানে ভর্তির জন্য আবেদন করতে পারেন। আসন খালি থাকলে পছন্দের প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবেন।**

## পরীক্ষার ধরন

কম্পিউটারভিত্তিক এই প্রবেশিকা পরীক্ষায় প্রশ্ন আসবে মোট পাঁচটি বিষয়ে। বিষয়গুলি হল— (১) নিউমেরিক্যাল এবিলিটি অ্যান্ড অ্যানালিটিক্যাল অ্যাপ্টিটিউড, (২) রিজনিং অ্যান্ড লজিক্যাল ডিডাকশন, (৩) জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স, (৪) ইংলিশ ল্যাঙ্গুয়েজ এবং (৫) অ্যাপ্টিটিউড ফর সার্ভিস সেক্টর। মোট ২০০টি প্রশ্ন হবে।

উচ্চমাধ্যমিক মানের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। অর্থাৎ প্রতিটি প্রশ্নের সঙ্গে ভুল-ঠিক মিলিয়ে মোট চারটি উত্তর দেওয়া থাকবে। পরীক্ষার্থীকে সঠিক উত্তরটি নির্দিষ্ট করতে হবে। ইংরেজি এবং অ্যাপ্টিটিউড ফর সার্ভিস সেক্টর বিষয়ে প্রশ্ন হবে যথাক্রমে ৬০টি ও ৫০টি। অন্যান্য বিষয়ের ক্ষেত্রে বিষয়প্রতি ৩০টি প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নের মান ৪। প্রতিটি ভুল উত্তরের জন্য কাটা যাবে ১ নম্বর। তাই বেশি সতর্ক হয়েই প্রশ্নের উত্তর করতে হবে। প্রার্থীরা সময় পাবে মোট ৩ ঘণ্টা।

## কম্পিউটারভিত্তিক পরীক্ষার পদ্ধতি ও কাউন্সেলিং

পরীক্ষাকেন্দ্রে প্রার্থীর জন্য নির্দিষ্ট কম্পিউটার স্ক্রিনে আসা নির্দেশ পড়ার পর প্রশ্নপত্র সামনে আসবে। অর্থাৎ পরীক্ষাপত্রের বদলে কম্পিউটার স্ক্রিনের এক-একটি পেজে এক-একটি প্রশ্ন আসবে প্রার্থীর সামনে। স্ক্রিনে আসা মাল্টিপল চয়েস প্রশ্নের উত্তর দেওয়ার জন্য প্রার্থীর পছন্দের অপশনে ক্লিক করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে উত্তর দিয়ে সাবমিট করতে হবে।

প্রথমবার কম্পিউটারের সামনে বসে পরীক্ষা দিতে গেলে নার্ভাস লাগতে পারে। এর জন্য কয়েকবার কম্পিউটারে মক টেস্ট দেওয়ার অভিজ্ঞতা থাকলে ভালো। প্রার্থীরা চাইলে এন টি এ-র ওয়েবসাইটে গিয়ে মক টেস্ট দিতে পারেন। ওয়েবসাইট: www.nta.ac.in

পরীক্ষার ফল প্রকাশিত হলে সফল প্রার্থীদের অনলাইন কাউন্সেলিং করা হবে। এই ধাপে পৌঁছে প্রাপ্ত র‍্যাঙ্ক অনুসারে কোন প্রতিষ্ঠানে পড়ার সুযোগ পাচ্ছেন তা জানতে পারবে। সেটি পছন্দ না হলে নিজের পছন্দের প্রতিষ্ঠানে ভর্তির জন্য আবেদন করতে পারেন। আসন খালি থাকলে পছন্দের প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবেন।

## প্রস্তুতি

ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্টের হসপিটালিটি অ্যান্ড হোটেল ম্যানেজমেন্টের বিভাগীয় প্রধান বনফুল বন্দ্যোপাধ্যায় 'কর্মক্ষেত্র'-কে জানালেন, জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ের প্রস্তুতির জন্য বইপত্রের সঙ্গে নিয়মিত খবরের কাগজ পড়তেই হবে। কোন খবরটা কাজে লাগবে, কোনটা লাগবে না, সে-বিষয়ে বিচার-বিবেচনা করে খবরের কাগজ পড়তে হবে। প্রয়োজনে নোট নেবেন।

বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পড়া ছাত্রছাত্রীরা বাড়তি সুবিধা পাবেন নিউমেরিক্যাল এবিলিটি এবং রিজনিং বিষয়টির ক্ষেত্রে। অন্যান্য শাখার ছাত্রছাত্রীদের জন্য ভয় পাওয়ার মতো বিষয় না হলেও একটু বেশি যত্ন নিয়ে প্রস্তুত হতে হবে এই দুই বিষয়ের জন্য। দু'টি বিষয়ই খুব স্কোরিং। প্রস্তুতির সময় বন্ধুদের সঙ্গে একসঙ্গে বসে প্রশ্নের সমাধান করবেন। জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার জন্য অনেক বই পাওয়া যায়। সেগুলি নিয়ে চর্চা করতে হবে এবং প্রশ্নের ধরন বুঝে তা দ্রুত সমাধান করার পদ্ধতিও রপ্ত করতে হবে।

বনফুলবাবু আরও বলেন, হসপিটালিটি ও হোটেল অ্যাডমিনিস্ট্রেশন কোর্স পড়ে সবাই শেফ হয় না। কাজ করতে হয় অ্যাডমিনিস্ট্রেটিভ সেক্টরেও। এর জন্য ইংরেজি ভাষার উপর দখল থাকা জরুরি। প্রার্থীর ভাষার উপর দক্ষতা যাচাই করার জন্য এন্ট্রান্স পরীক্ষায় বেশি গুরুত্ব দেওয়া হয়েছে ইংরেজি বিষয়ে। এই বিষয়ের প্রস্তুতির জন্য পাঠ্যপুস্তকের পাশাপাশি ভোকাবুলারি বাড়ানোর চেষ্টা করতে হবে। তার জন্য অত্যন্ত খুঁটিয়ে ইংরেজি খবরের কাগজ পড়তে হবে। জোর দিতে হবে ব্যাকরণেও।

তিনি আরও জানান, অ্যাপ্টিটিউড ফর সার্ভিস সেক্টর অংশের প্রশ্নের ধাঁচ কিন্তু উপরোক্ত চারটি ক্ষেত্রের থেকে বেশ খানিকটা আলাদা। এই অংশে দেওয়া হয় বিভিন্ন সিচুয়েশন-বেসড প্রশ্ন। এই অংশে যাচাই করা হয় প্রার্থীর মনোভাব এবং উপস্থিত বুদ্ধি। কল্পিত পরিস্থিতিতে প্রার্থী কীভাবে প্রতিক্রিয়া দেবে তা দেখা হয়। প্রশ্নটা পড়ার পরই যে-উত্তরটি যুক্তিপূর্ণ বলে মনে হবে সেই উত্তরটিই দিতে হবে। একটি প্রশ্নে বেশিক্ষণ সময় দিলে উত্তর ভুল হওয়ার সম্ভাবনা বাড়তে থাকবে।

নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট সংখ্যক প্রশ্নের উত্তর করতে হবে। অর্থাৎ যত বেশি সম্ভব সঠিক উত্তর করতে হবে বেঁধে দেওয়া সময়ের মধ্যে। এর জন্য নিয়মিত অনুশীলনের দরকার হয়। অর্থাৎ পড়াশোনা ও অনুশীলন, দুটোই চলবে নিরবচ্ছিন্নভাবে।



**অ্যাপ্টিটিউড ফর সার্ভিস সেক্টর অংশের প্রশ্নের ধাঁচ কিন্তু উপরোক্ত চারটি ক্ষেত্রের থেকে বেশ খানিকটা আলাদা। এই অংশে দেওয়া হয় বিভিন্ন সিচুয়েশন-বেসড প্রশ্ন। এই অংশে যাচাই করা হয় প্রার্থীর মনোভাব এবং উপস্থিত বুদ্ধি। কল্পিত পরিস্থিতিতে প্রার্থী কীভাবে প্রতিক্রিয়া দেবে তা দেখা হয়।**



---



### উপস্থিত বুদ্ধি ও সপ্রতিভ ব্যবহারে মন জিতিতে হবে অতিথির

**নিরুপম দেবনাথ**, *কেবিন ক্রু, সৌদি এয়ারলাইনস।*
*প্রাক্তন ছাত্র, সুভাষ বোস ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট।*

হসপিটালিটি ও হোটেল অ্যাডমিনিস্ট্রেশন বিষয়টি বহুমুখী হওয়ার কারণে একজন ছাত্র বা ছাত্রী শুধু হোটেল ইন্ডাস্ট্রিতেই নয়, অন্যান্য সেক্টরে চাকরির জন্যও তৈরি হয়ে যায়। হসপিটালিটি ম্যানেজমেন্ট ও হোটেল অ্যাডমিনিস্ট্রেশন পড়ে বড় হোটেল ছাড়াও এয়ারলাইনস, বিলাসবহুল জাহাজ কিংবা পর্যটন সংস্থায় কেরিয়ার গড়ার সুযোগ আছে। আগ্রহীদের বলব, এই সেক্টরে সাফল্য পেতে গেলে মাথা ঠান্ডা রেখে উপস্থিত বুদ্ধি কাজে লাগাতে হবে। এছাড়া মিষ্টভাষী হতে হবে, কাস্টমারদের প্রতিটি সমস্যা যত্ন ও মনোযোগ সহকারে শুনতে হবে এবং দ্রুত সেগুলির সমাধানের চেষ্টা করতে হবে। এর জন্য নিজের ব্যবহার নিয়ে সবসময় সচেতন থাকতে হবে আর পরিশ্রম করার জন্য মানসিকভাবে তৈরি থাকতে হবে।

WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__পর্যালোচনা
GK+GI+GS+CA



# স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার

ফেব্রুয়ারি মাসের প্রতিযোগিতার বিজয়ী জয়ন্তী নাগ ও বিশ্বনাথ বিশ্বাস

দু'জনেই পেলেন ২,৫০০ টাকা পুরস্কার



বিচার করেছেন এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের প্রাক্তন ডিরেক্টর এবং বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের প্রাক্তন ডেপুটি সেক্রেটারি **এম এন মাইতি**



## খাঁকি ক্যাম্পবেল হাঁস পালন

**জয়ন্তী নাগ**, শালবনী, পশ্চিম মেদিনীপুর

**বিচারক:** গ্রামীণ গৃহবধূ ব্যক্তিগত উদ্যোগে খাঁকি ক্যাম্পবেল হাঁস প্রতিপালনের ব্যবসা করছেন। আয়-ব্যয়ের হিসাব মোটামুটি নিখুঁতভাবেই জানিয়েছেন। তবে একসঙ্গে ২ বছরের লাভের হিসাব করে তার থেকে মাসিক আয়ের হিসাব কষেছেন। তাতে মাসিক আয় দশ হাজারে পৌঁছতে পারেনি। বড় আকারে ব্যবসাটি করতে পারলে আয় নিশ্চিতভাবেই বাড়বে।

আমি একজন সাধারণ গৃহবধূ এবং 'কর্মক্ষেত্র' পত্রিকার নিয়মিত পাঠক। 'কর্মক্ষেত্র' পত্রিকায় প্রকাশিত ব্যবসার কথা পড়েই বিকল্প কিছু করার কথা ভাবতে পেরেছি এবং সেই পথে অগ্রসর হয়েছি। আমার নিজস্ব ১০ কাঠা জমি আছে। সেটিকে কাজে লাগিয়ে আমি খাঁকি ক্যাম্পবেল হাঁস পালনের ব্যবসাটি শুরু করেছি।

### ব্যবসাটি বেছে নেওয়ার কারণ

● খাঁকি ক্যাম্পবেল হাঁস উন্নত প্রজাতির মুরগির থেকে অনেক বেশি ডিম দেয়। এই ডিমের আকার বড় হয়। ● বাজারে এই হাঁসের মাংসের প্রচুর চাহিদা আছে। ● মুরগি যেখানে এক বছর ডিম দিতে পারে, সেখানে এই হাঁস থেকে প্রায় তিন বছর ডিম পাওয়া যায়। ● এই হাঁসের রোগ প্রতিরোধ ক্ষমতা মুরগির তুলনায় অনেক বেশি। ● হাঁসের বাচ্চাকে বেশি দিন ব্রুডিং করতে হয় না। ● হাঁস জলজ শৈবাল, ঝিনুক, শামুক ইত্যাদি খায়, ফলে সুষম খাদ্য কম লাগে। এছাড়া হাঁসকে অ্যাজোলা খাওয়ালে ডিমের পরিমাণ বাড়বে। ● হাঁসের বিষ্ঠা থেকে উন্নত মানের সার তৈরি হয়।

### খামারের ২ বছরের আয়-ব্যয়

আমার জমির পরিমাণ ১০ কাঠা।

১০০টি খাঁকি ক্যাম্পবেল হাঁসের ছোট খামারের ২ বছরের আয়-ব্যয়ের হিসাব দিলাম।

### স্থায়ী মূলধন

হাঁসের ঘর তৈরির জন্য যা খরচ হবে সেটাই স্থায়ী মূলধন। প্রতিটি হাঁসের জন্য ঘর তৈরির খরচ যদি ১০০ টাকা হয়, তাহলে ১০০টি হাঁসের ঘর তৈরির খরচ (১০০ × ১০০) টাকা = ১০,০০০ টাকা।

### চলতি খরচ

| | |
|---|---|
| ● ২১ দিন বয়সের ১০০টি বাচ্চার প্রতিটির দাম ৭০ টাকা হলে মোট দাম (৭০×১০০) টাকা | ৭,০০০ টাকা |
| ● খাবারের পাত্র, জলের পাত্র, ডিমের ট্রে, ঔষধ, বিদ্যুৎ ইত্যাদি বাবদ খরচ | ৮,০০০ " |
| ● প্রতিটি হাঁসের জন্য বছরে ৪০ কেজি খাবার লাগলে এবং খাবারের দাম প্রতি কেজি ১৫ টাকা হলে ১০০টি হাঁসের ২ বছরে মোট খাবার লাগবে (৪০ কেজি × ১০০টি হাঁস × ১৫ টাকা × ২ বছর) | ১,২০,০০০ " |
| মোট খরচ | ১,৩৫,০০০ টাকা |

### দু'বছরে আয়

● ধরা যাক, ১০০টি হাঁসের মধ্যে ৯০টি হাঁস ডিম দিচ্ছে। এরা বছরে ৩০০টি করে ডিম দিচ্ছে এবং প্রতিটি ডিমের পাইকারি মূল্য ৫ টাকা।

ডিম বিক্রয় বাবদ আয় (৯০ × ৩০০ × ৫ × ২) টাকা = ২,৭০,০০০ টাকা।

● ২ বছরে ১৩০টি খাবারের বস্তা খালি হবে। প্রতিটি বস্তা ১২ টাকা দরে বিক্রয় করলে ১৩০টি বস্তার বিক্রয়মূল্য: (১৩০ × ১২) টাকা = ১,৫৬০ টাকা।

● হাঁসের বিষ্ঠা জৈব সার হিসাবে বিক্রয় হবে। মনে করি প্রত্যেকটি হাঁস পিছু দৈনিক ৫০ গ্রাম করে বিষ্ঠা পাওয়া যাবে। সুতরাং ২ বছরে মোট বিষ্ঠা পাওয়া যাবে ৩.৬ টন। প্রতি কেজি বিষ্ঠা ১ টাকা হিসাবে বিক্রয় করলে ৩.৬ টন বিষ্ঠার বিক্রয়মূল্য হবে ৩,৬০০ টাকা।

● ডিম পাড়ার শেষে মাংস হিসেবে বাজারে বিক্রি করা হবে। ধরা যাক, ৫টি হাঁস মারা গিয়েছে। প্রতিটি হাঁস ২ কেজি ওজনের এবং প্রতি কেজি ১১০ টাকা হিসেবে ৯৫টা হাঁস বিক্রি করে আয় হবে: ৯৫ × ২ × ১১০ = ২০,৯০০ টাকা।

### দু'বছরে মোট আয়

| | |
|---|---|
| ডিম বিক্রয় বাবদ | ২,৭০,০০০ টাকা |
| খাবারের বস্তা বিক্রয় বাবদ | ১,৫৬০ " |
| হাঁসের বিষ্ঠা বিক্রয় বাবদ | ৩,৬০০ " |
| মাংস বিক্রি বাবদ | ২০,৯০০ " |
| মোট | ২,৯৬,০৬০ টাকা |
| দু'বছরে আয় | ২,৯৬,০৬০ টাকা |
| দু'বছরে ব্যয় | ১,৩৫,০০০ " |
| দু'বছরে লাভ | ১,৬১,০৬০ টাকা |

বাৎসরিক লাভ = (১,৬১,০৬০ ÷ ২) টাকা = ৮০,৫৩০ টাকা

মাসিক লাভ = (৮০,৫৩০ ÷ ১২) টাকা = ৬,৭১০ টাকা প্রায়।


## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। বাস, এ-ই।

**এপ্রিল-এর প্রতিযোগিতার জন্য মার্চ মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ এপ্রিল-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:

সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।




## জৈব পদ্ধতিতে একাঙ্গি চাষ

**বিশ্বনাথ বিশ্বাস**, পাট্টাবুকা, নদিয়া

**বিচারক:** বেশ লাভজনক একাঙ্গি চাষের পদ্ধতি সম্পর্কে বিশদে লিখেছেন। আয়-ব্যয়ের হিসাবও দিয়েছেন অত্যন্ত নিখুঁত ভাবে। সাথী ফসল হিসেবে রহড় চাষের কথাও বলেছেন। এর সঙ্গে এগুলির বিপণনের ব্যবস্থা বিষয়ে কিছু প্রাসঙ্গিক তথ্য যদি যোগ করতেন তাহলে ভালো হতো। সব মিলিয়ে এ চাষের সম্ভাবনা কতটা সে সম্পর্কে একটা সার্বিক ধারণা পাওয়া যেত।

আমি 'কর্মক্ষেত্র' পত্রিকার একজন নিয়মিত পাঠক। নদিয়া জেলার শেষ প্রান্ত, বাংলাদেশ সীমান্তবর্তী করিমপুর থানার অন্তর্গত পাট্টাবুকা গ্রামের একজন স্থায়ী বাসিন্দা ও সাধারণ কৃষক। আমি বি-কম পাশ করে প্রাকৃতিক জৈব পদ্ধতিতে দীর্ঘদিন যাবৎ বিভিন্ন ফসলের চাষাবাদ করছি। তার মধ্যে এই মরশুমে আমি 'একাঙ্গি' (একানি) চাষও করেছি। এটি সবুজ রঙের চার-পাঁচ ইঞ্চি চওড়া ও লম্বা সুগন্ধযুক্ত কন্দ জাতীয় ভেষজ উদ্ভিদ। এই চাষটি সম্পর্কে আমি আমার অভিজ্ঞতার কথা তুলে ধরছি। আশা করি, আমার এই চাষের অভিজ্ঞতা থেকে পত্রিকার পাঠকরা উপকৃত হবেন।

### একাঙ্গি চাষ করবার কারণ

● উৎপাদন খরচ কম ও মাটির স্বাস্থ্য বজায় থাকে। ● ভূগর্ভস্থ জল খরচ ও প্রাকৃতিক দূষণ কম হয়। ● রোগ, পোকা ও আগাছার সমস্যা কম হয়। ● উৎপন্ন ফসলের গুণগত মান বজায় থাকে। ● চাহিদা ভালো থাকায় বিপণনের সমস্যা হয় না। ● অতি সহজেই সাথী ফসলের চাষ করা যায়।

### বীজ সংগ্রহ ও চাষের সময়

একাঙ্গি চাষ করতে সময় লাগে প্রায় দশ মাস। চৈত্র ও বৈশাখ মাসে বীজ রোপণ করে মাঘ ও ফাল্গুন মাসে তোলা হয়। আমাদের এখানে সাধারণত 'ক্যানফেরিয়া প্যালেঙ্গা' জাতের একাঙ্গি চাষ করা হয়। বিশ্বস্ত প্রতিষ্ঠান থেকে বীজ সংগ্রহ করা অতীব আবশ্যক।

### এই চাষের পদ্ধতি ও উপকরণসমূহ

● **মাটি:** জলনিকাশী ব্যবস্থা-সহ দেলে, দোঁআশ, দোআঁশ ও পলিমাটিযুক্ত জৈব পদার্থসমৃদ্ধ মাটিতে একাঙ্গি চাষ ভালো হয়। লোনা মাটিতে চাষ ভালো হয় না।

● **বীজের পরিমাণ:** বিঘাপ্রতি প্রায় ১০০-১২০ কেজি বীজের প্রয়োজন।

● **বীজ শোধন:** সঠিক পরিমাণমতো বীজামৃত দিয়ে অথবা প্রতি লিটার জলে চার গ্রাম 'ট্রাইকোডারমা ভিরিডি' দিয়ে মিশ্রণ তৈরি করে একটি মাটির অথবা প্লাস্টিক পাত্রে বীজের টুকরোগুলোকে কমপক্ষে এক/দেড় ঘণ্টা চুবিয়ে রেখে দিতে হবে। এই চাষে বীজ শোধন গুরুত্বপূর্ণ, নইলে ছত্রাক জাতীয় রোগের প্রকোপ ঘটতে পারে।

● **বীজ বপন:** একাঙ্গি কন্দই বীজ হিসাবে ব্যবহৃত হয়। একে বীজকন্দ বলে। নীরোগ, পুষ্ট ও শুকনো কন্দ বা কন্দের টুকরো বীজ হিসাবে ব্যবহার করা হয়। প্রতি বীজকন্দে যাতে ১-২টি ভালো চোখ থাকে সেদিকে লক্ষ রেখে টুকরো টুকরো করে সেগুলিকে কেটে বীজ শোধনের পর ছায়ায় শুকিয়ে ছয় ইঞ্চি দূরত্বে রোপণ করা হয়।

● **আবহাওয়া:** উষ্ণ ও আর্দ্র আবহাওয়ায় এবং সেচসেবিত এলাকায় হালকা ছায়াযুক্ত স্থানেও এই চাষ ভালো হয়।

● **জমি তৈরি ও সার প্রয়োগ:** একাঙ্গির কন্দ বা বীজ বপন করার প্রায় ১৫/২০ দিন আগে থেকে জমি তৈরি করার কাজ শুরু করা উচিত। ৪-৫ বার লাঙল ও মই দিয়ে আগাছামুক্ত করে ও জমির মাটি সমান করে ঝুরঝুরে থাকাকালীন ২ ইঞ্চি গভীরে বীজগুলি বসাতে হবে। জমি তৈরির শেষ ধাপে মই দেওয়ার আগে বিঘা প্রতি এক কুইন্টাল (১০০ কেজি) ঘন/শুকনো জীবামৃত সার ছড়িয়ে তারপর মই দিয়ে মাটি সমান করে নিতে হবে।

● **আচ্ছাদন:** এই চাষে আচ্ছাদন একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে, কারণ, কন্দগুলি মাটির নীচে থাকায় জমিতে জৈব পদার্থ প্রয়োগের পাশাপাশি মাটির রস ধরে রাখা, সারের অপচয় রোধ করা, মৃত্তিকা ক্ষয় রোধ করা, সর্বোপরি আগাছা রোধের ক্ষেত্রে এর ভূমিকা অতুলনীয়। তাই বীজ রোপণ শেষ হওয়ার পরই শুকনো ঘাস, খড়, বিচালি ইত্যাদি দিয়ে সম্পূর্ণ জমিটিকে ঢেকে দেওয়া বিশেষ প্রয়োজন। সেক্ষেত্রে উৎপন্ন ফসলের পরিমাণ, গুণগত মান বৃদ্ধি পাবে এবং খরচও কম হবে।

● **পরিচর্যা ও জলসেচ:** নিয়মিত আগাছা নিয়ন্ত্রণ, নিকাশী সেচনালা পরিষ্কার করে রাখা, প্রয়োজন অনুযায়ী সেচ দেওয়া ও রোগাক্রান্ত গাছ তুলে ফেলা বিশেষ প্রয়োজন।

● **শস্য সুরক্ষা ও কীটনাশক:** একাঙ্গি গাছের কন্দের পোকা, পাতা মোড়া পোকা, ডগা ছিদ্রকারী পোকা, শোষক পোকা, কন্দের আঁশ পোকা এবং ঢলে পড়া, ধ্বসা ইত্যাদি রোগ দেখা দিলে নিম খইল ও কলিচুন ছড়িয়ে দিতে হবে, সঙ্গে নিমতেল স্প্রে করা যেতে পারে। এছাড়াও প্রতি লিটার জলে ৮ গ্রাম ট্রাইকোডারমা ভিরিডি মিশিয়ে স্প্রে করা যেতে পারে।

● **ফসল তোলা:** একাঙ্গির বীজকন্দ লাগানোর ৯-১০ মাস পর ফসল তোলার উপযোগী হয়। বিঘাপ্রতি ১৫-১৮ কুইন্টাল কাঁচা একাঙ্গি এবং ৫-৬ কুইন্টাল পরিশোধিত একাঙ্গি পাওয়া যেতে পারে।

● **সাথী ফসল:** ১০ সারি পরপর ৪-৫ ফুট দূরত্বে রহড় গাছের ২টি করে বীজ রোপণ করা যেতে পারে। গাছের বাড় অনুযায়ী ভালো একটি রহড় গাছ রেখে অপর গাছটি তুলে ফেলতে হবে। বিঘাপ্রতি ৫০-৬০টি রহড় গাছই যথেষ্ট। এর ফলে একাঙ্গি চাষের জায়গাটি ছায়াপূর্ণ হয়ে থাকবে। পাশাপাশি রহড় চাষ সাথী ফসল হিসাবে অতিরিক্ত আয়ও দেবে।

### এক বিঘা জমিতে একাঙ্গি চাষে আয়-ও ব্যয়-সহ লাভের হিসাব

**ব্যয়:**

| | |
|---|---|
| ● ১ বিঘা জমির ইজারা, ১ বৎসর | ৭,০০০ টাকা |
| ● বীজ ক্রয় ১২০ কেজি, প্রতি কেজি ৬০ টাঃ (১২০ × ৬০) | ৭,২০০ " |
| ● জমি তৈরি, লাঙল ও মই প্রতিটি ৩০০ টাঃ করে × ৪টে চাষ | ১,২০০ " |
| ● প্রতি শ্রমিকের পারিশ্রমিক ২০০ টাঃ × ৩০ জন | ৬,০০০ " |
| ● জৈব সার (জীবামৃত) ১০০ কেজি (প্রতি কেজি ৫ টাঃ) ১০০ × ৫ টাঃ | ৫০০ " |
| ● তরল জীবামৃত ১০০ লিটার (প্রতি লিটার ৫ টাঃ) ১০০ × ৫ | ৫০০ " |
| ● কলিচুন ১০ কেজি, প্রতি কেজি ১০ টাঃ | ১০০ " |
| ● নিমখইল ১০ কেজি, প্রতি কেজি ৫০ টাঃ | ৫০০ " |
| ● জৈব কীটনাশক | ৫০০ " |
| বিবিধ | ৫০০ " |
| মোট | ২৪,০০০ টাকা |

**আয়:**

| | |
|---|---|
| ● ১৫ কুইন্টাল (প্রতি কুইন্টাল ৫,০০০ টাকা) কাঁচা একাঙ্গির বিক্রয়মূল্য | ৭৫,০০০ টাকা |
| ● রহড় ৫০ কেজি (প্রতি কেজি ৪০ টাঃ) | ২,০০০ " |
| মোট | ৭৭,০০০ টাকা |

বিঘাপ্রতি একাঙ্গি চাষে বছরে লাভাংশের পরিমাণ ৭৭,০০০ – ২৪,০০০ টাকা = ৫৩,০০০ টাকা। যদি কোনও পাঠক একাঙ্গি চাষ করতে চান, তাহলে আমার সঙ্গে [illegible] ১টার পর যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৮৭৬৮৩-৬৫৮৬৬।

WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET_WBTET
TET_ পর্যালোচনা
GK+GI+GS+CA

# উড সায়েন্স ও পেপার টেকনোলজির স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি চলছে

**পরিবেশের ক্ষতি কমিয়ে কীভাবে বিজ্ঞানসম্মত ও নিয়ন্ত্রিত উপায়ে কাঠের মতো মূল্যবান প্রাকৃতিক রসদের ব্যবহার করা যায় সেই সংক্রান্ত স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়ায় দেরাদুনের ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউট। পড়া যাচ্ছে উড সায়েন্স অ্যান্ড টেকনোলজি ও পেপার টেকনোলজি-সংক্রান্ত স্নাতকোত্তর ডিগ্রি কোর্স। আবেদন করতে পারেন এখনই।**

**নিজস্ব প্রতিনিধি:** গাছ আমাদের অক্সিজেন দিয়ে বাঁচিয়ে রাখে, তেমনই অন্যদিকে লেখার কাগজ থেকে বাড়ির আসবাব, এমনকী দেশলাই কাঠিটি পর্যন্ত— দৈনন্দিন প্রয়োজনের অনেক কিছুরই জোগান দেয়। সাম্প্রতিক কালে পরিবেশ বাঁচাতে অপরিকল্পিতভাবে গাছ কাটার উপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। কাঠের জোগান অব্যাহত রাখতে করা হচ্ছে নিয়ন্ত্রিত চাষ। আর, সেইসঙ্গে প্লাইউডের মতো কাঠের বিকল্প খোঁজার কাজও চলেছে পুরোদমে। এই পরিস্থিতিতে কাঠের ন্যূনতম ব্যবহারের মাধ্যমে প্রতিদিনের দরকারি সামগ্রী উৎপাদনের পথ বাতলাচ্ছেন এ বিষয়ের দক্ষ পেশাদাররা। এ বিষয়ে পেশাদারদের চাকরির সুযোগও আছে যথেষ্ট।

দেশের প্রথম সারির শিক্ষা-প্রতিষ্ঠান দেরাদুনের ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউটে পড়ানো হয় উড সায়েন্স অ্যান্ড টেকনোলজি এবং সেলুলোজ অ্যান্ড পেপার টেকনোলজির স্নাতকোত্তর ডিগ্রি কোর্স। আগ্রহী ছাত্রছাত্রীরা আবেদন করতে পারেন এখনই।



**দেশের প্রথম সারির শিক্ষা-প্রতিষ্ঠান দেরাদুনের ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউটে পড়ানো হয় উড সায়েন্স অ্যান্ড টেকনোলজি এবং সেলুলোজ অ্যান্ড পেপার টেকনোলজির স্নাতকোত্তর ডিগ্রি কোর্স।**

### কারা পড়বেন

● উড সায়েন্স অ্যান্ড টেকনোলজি-র স্নাতকোত্তর ডিগ্রি কোর্সটিতে ভর্তির জন্য আবেদন করতে পারেন— ফিজিক্স বা ম্যাথমেটিক্স বা কেমিস্ট্রি-সহ বিজ্ঞান শাখায় স্নাতক কিংবা ফরেস্ট্রিতে স্নাতক প্রার্থীরা। আসনসংখ্যা ৩৮টি। ● সেলুলোজ অ্যান্ড পেপার টেকনোলজি-র স্নাতকোত্তর ডিগ্রি কোর্সটিতে ভর্তির জন্য আবেদন করতে পারেন— কেমিস্ট্রি-সহ বিজ্ঞান শাখায় স্নাতক অথবা কেমিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের বি টেক বা বি ই ডিগ্রিধারীরা। আসনসংখ্যা ২০টি।

উভয় কোর্সের ক্ষেত্রেই শিক্ষাগত যোগ্যতায় অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। কোর্স শুরু হবে জুলাইয়ে।

### কী পড়বেন

উড সায়েন্স অ্যান্ড টেকনোলজি-র স্নাতকোত্তর কোর্সটিতে পড়ানো হয় উড অ্যানাটমি, উড ফিজিক্স, উড কেমিস্ট্রি এবং টিম্বার মেকানিক্স। সলিড কাঠ ও কম্পোজিট উড অর্থাৎ প্লাইউড থেকে পণ্য তৈরি করা, পণ্যের নকশা আঁকা ইত্যাদিও শেখানো হয় এই কোর্সে।

ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউটের উড সায়েন্স অ্যান্ড টেকনোলজির কোর্স কো-অর্ডিনেটর শৈলেন্দ্র কুমার 'কর্মক্ষেত্র'কে জানালেন, কোর্স চলাকালীন ছাত্রছাত্রীদের গুজরাতের গান্ধিধাম, যোধপুর, বেঙ্গালুরু এবং মহীশূরের মতো বিভিন্ন শহরে ২ সপ্তাহের শিক্ষামূলক ভ্রমণে পাঠানো হয়। এছাড়া বেঙ্গালুরুর ইনস্টিটিউট অব উড সায়েন্স অ্যান্ড টেকনোলজির অধীনস্থ অ্যাডভান্সড উডওয়ার্কিং ট্রেনিং সেন্টারে আধুনিক যন্ত্রপাতি পরিচালনার প্রশিক্ষণ পান ছাত্রছাত্রীরা। ফাইনাল ইয়ারে তিন সপ্তাহের ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং করানো হয় কাঠের পণ্য প্রস্তুতকারী বিভিন্ন নামী সংস্থায়।

সেলুলোজ অ্যান্ড পেপার টেকনোলজির স্নাতকোত্তর কোর্সটিতে কাগজ তৈরির উপযোগী ফাইবার-যুক্ত বিভিন্ন উপাদান থেকে মণ্ড ও তা থেকে কাগজ তৈরির পদ্ধতি এবং সেই সংক্রান্ত প্রযুক্তির ব্যবহার বিশদে পড়ানো হয়। এছাড়া থাকে এনভায়রনমেন্টাল পলিউশন, সলিড ওয়েস্ট জেনারেশন অ্যান্ড ম্যানেজমেন্ট-সংক্রান্ত পাঠ। এই কোর্সের কো-অর্ডিনেটর বিকাশ রাণা জানালেন, দ্বিতীয় শিক্ষাবর্ষে ছাত্রছাত্রীদের প্রশিক্ষণ দেওয়া হয় সাহারানপুরের সেন্ট্রাল পাল্প অ্যান্ড পেপার রিসার্চ ইনস্টিটিউটে। এর পাশাপাশি ২ মাসের ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিংয়ের জন্য ছাত্রছাত্রীদের পাঠানো হয় স্টার পেপার মিল, সেঞ্চুরি পাল্প অ্যান্ড পেপার, দেবঋষি পেপার মিল প্রভৃতি বৃহৎ সংস্থায়।

### কোর্স ফি

উড সায়েন্স অ্যান্ড টেকনোলজির ক্ষেত্রে ফি ১,৪০,০০০ টাকা এবং

এরপর চোদ্দোর পাতায়

স্বনির্ভরতার নানা পথ

# গ্রামীণ সম্পদকে কাজে লাগিয়ে স্বনির্ভর হোন

**গ্রামাঞ্চলে ছড়িয়ে-ছিটিয়ে থাকা বিভিন্ন সম্পদকে কাজে লাগিয়ে স্বনির্ভর হওয়ার প্রশিক্ষণ দিচ্ছে রামকৃষ্ণ মিশন সমাজসেবক শিক্ষণ মন্দির। ১০ মাসের আবাসিক কোর্স। পড়াশোনা ও থাকা-খাওয়া বাবদ খরচ ৫০০ টাকা। আবেদন করা যাচ্ছে এখনই। কেবল ছেলেরা আবেদন করতে পারবেন।**



**নিজস্ব প্রতিনিধি:** আপনি কি গ্রামাঞ্চলের বাসিন্দা? চাষাবাদ নিয়ে আগ্রহ আছে? তাহলে আপনার অঞ্চলেই আপনার জন্য কাজ আছে। একটু গুছিয়ে, আগাম পরিকল্পনা নিয়ে করতে পারলে নিজের উপার্জনের ব্যবস্থা তো হবেই, সঙ্গে আরও কয়েকজনের উপার্জনের ব্যবস্থা করে দিতে পারবেন। গ্রামীণ সম্পদগুলিই হবে আপনার প্রধান পুঁজি। কাজ করতে গিয়ে যদি আর্থিক পুঁজির প্রয়োজন হয় সে ব্যবস্থাও হতে পারে।

**গ্রামীণ সম্পদকে কাজে লাগিয়ে এই অর্থকরী উদ্যোগকে আরও প্রসারিত করা যায় খাদ্য প্রক্রিয়াকরণের মাধ্যমে। স্থানীয় ভাবে উৎপন্ন টম্যাটো, আম, পেয়ারা থেকে সস, জ্যাম, জেলি, আচার তৈরি হতে পারে। গুণমানে উন্নত হলে এইসব খাদ্যপণ্য বিস্তৃত অঞ্চল জুড়ে বিপণন করা যায়।**

### গ্রামীণ সম্পদ

গ্রামের অব্যবহৃত জলাশয়, অনাদরে পড়ে থাকা পতিত জমি, রেলপথের পাশের নয়ানজুলি, এমনকী ঝোপঝাড়গুলিও মোটেই ফেলনা নয়, বরং সম্পদ। অব্যবহৃত নয়ানজুলিতে অথবা পড়ে থাকা পুকুর সংস্কার করে সাধারণ কিংবা রঙিন মাছ অথবা পদ্মের মতো জলজ ফুলের চাষ করাই যেতে পারে। পুকুরের পাড়ে হতে পারে হলুদের চাষ।

যেসব জমি অনুর্বর বলে অবহেলায় পড়ে আছে, কাজে লাগানো যায় সেগুলিকেও। ঝোপঝাড় পরিষ্কার করে অল্প জমিতেই ফলানো যায় ভেষজ উদ্ভিদ। নানা ধরনের সবজির চাষ করা যায় জৈব পদ্ধতিতে। পড়ে থাকা এইসব জমিতে অতীতে চাষ না হওয়ায় মাটিতে রাসায়নিক সার ও কীটনাশকের বিষক্রিয়া হয়নি। ফলে, এ ধরনের জমিতে জৈবচাষ ভালো হওয়ারই কথা। আবার আম, জাম, নারকেল বাগানের জমির অনেকটা অংশ ফাঁকা পড়ে থাকে। সেই জমিতে হতে পারে ফুলের চাষ।

পদ্ধতিটা জানা থাকলে গ্রামে, নিজের এলাকাতেই এরকম অজস্র অব্যবহৃত বা স্বল্প-ব্যবহৃত প্রাকৃতিক সম্পদকে কাজে লাগিয়ে একা বা দলগত ভাবে অর্থকরী নানা কাজ করা যায়। নিষ্ঠা এবং মানসিক দৃঢ়তা থাকলে সেই কাজে যে সফলও হওয়া যায়, তা দেখিয়ে দিয়েছেন বাঁকুড়ার কৃষকরা। রাঢ় অঞ্চলের রুক্ষ জমিতে তাঁদের উৎপাদিত মুসাম্বি বাজারে এসে গেছে গত বছরই। ছোট গোলাপ চাষেও বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়ার চাষিরা তাক লাগিয়ে দিয়েছেন।

গ্রামীণ সম্পদকে কাজে লাগিয়ে এই অর্থকরী উদ্যোগকে আরও প্রসারিত করা যায় খাদ্য প্রক্রিয়াকরণের মাধ্যমে। স্থানীয় ভাবে উৎপন্ন টম্যাটো, আম, পেয়ারা থেকে সস,

এরপর চোদ্দোর পাতায়

WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__পর্যালোচনা
GK+GI+GS+CA



# মাধ্যমিকের পর টুল অ্যান্ড ডাই মেকিং কোর্স করে প্রচুর চাকরি

**যন্ত্র ছাড়া বানানো যায় না কোনও পণ্যই। আর সেই যন্ত্রটিই বানান টুল অ্যান্ড ডাই মেকাররা। প্রযুক্তিবিদের আঁকা যন্ত্রের নকশাকে বাস্তবে রূপ দেন তাঁরাই। দক্ষ টুল অ্যান্ড ডাই মেকারদের তাই দারুণ চাহিদা কাজের বাজারে। মাধ্যমিকের পরই পড়তে পারেন ডিপ্লোমা কোর্স।**



**নিজস্ব প্রতিনিধি:** যে-কোনও সামগ্রী উৎপাদন বা ম্যানুফ্যাকচারিংয়ের প্রধান মাধ্যম যন্ত্র। উৎপাদনের উপযোগী যন্ত্রের নকশাটাই কেবল এঁকে দেন ইঞ্জিনিয়াররা। সেই নকশা অনুসারে যন্ত্রটি যাঁরা তৈরি করেন তাঁরাই টুল অ্যান্ড ডাই মেকার। দক্ষতা এবং নিখুঁত কাজ যন্ত্র নির্মাণের প্রাথমিক শর্ত। সেজন্য ইঞ্জিনিয়ারদের সঙ্গে সংযোগ রেখে টুল অ্যান্ড ডাই মেকারদের কাজ করতে হয়। এ কাজে পুরনো লেদ মেশিন, গ্রাইন্ডার, মিলিং মেশিনের সঙ্গেই সম্প্রতি কম্পিউটার বা ডিজিটাল প্রযুক্তিরও অনুপ্রবেশ ঘটছে।

যন্ত্র নির্মাণ কারিগরির প্রতি আগ্রহ থাকলে পড়তেই পারেন টুল অ্যান্ড ডাই মেকিং। মাধ্যমিক পাশ করেই ভর্তি হওয়া যায় টুল অ্যান্ড ডাই মেকিং কোর্সে। দক্ষ টুল অ্যান্ড ডাই মেকারদের যথেষ্ট চাহিদা আছে কাজের বাজারে।

## কোথায় পড়বেন

টুল অ্যান্ড ডাই মেকিংয়ের ডিপ্লোমা কোর্স পড়ানো হয় কলকাতার বনহুগলিতে অবস্থিত এম এস এম ই টুল রুম-এ। এটি ভারত সরকারের মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজেস (এম এস এম ই) মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। কোর্সের মেয়াদ ৪ বছর। মোট আসনসংখ্যা ১০০। তফসিলি প্রার্থীদের জন্য সরকারি নিয়মানুসারে আসন সংরক্ষিত হবে। ৫ শতাংশ আসন সংরক্ষিত দৈহিক প্রতিবন্ধীদের জন্য। এই ডিপ্লোমা কোর্সটি অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন (এ আই সি টি ই) কর্তৃক স্বীকৃত। চাইলে হোস্টেলে থেকে পড়ার সুবিধাও আছে। বনহুগলি ক্যাম্পাসের ভিতরেই আছে ছেলে ও মেয়েদের জন্য আলাদা হোস্টেল।

**যন্ত্র নির্মাণ কারিগরির প্রতি আগ্রহ থাকলে পড়তেই পারেন টুল অ্যান্ড ডাই মেকিং। মাধ্যমিক পাশ করেই ভর্তি হওয়া যায় টুল অ্যান্ড ডাই মেকিং কোর্সে। দক্ষ টুল অ্যান্ড ডাই মেকারদের যথেষ্ট চাহিদা আছে কাজের বাজারে। সংস্থার তরফে ব্যবসা করার বিষয়েও অল্পদিনের বিশেষ প্রশিক্ষণ দেওয়া হয় বিনামূল্যে।**





## কারা পড়বেন

এম এস এম ই টুল রুম-এ টুল অ্যান্ড ডাই মেকিংয়ের ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল পাশ। মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। বয়স: ১৫ থেকে ১৯-এর মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা বয়সের ঊর্ধ্বসীমায় ২ বছরের ছাড় পাবেন।

## কীভাবে ভর্তি

এম এস এম ই টুল রুম-এ টুল অ্যান্ড ডাই মেকিংয়ের ডিপ্লোমা কোর্সে ভর্তির প্রক্রিয়া শুরু হবে এপ্রিল মাসে। ওই মাস থেকেই ভর্তির ফর্ম দেওয়া শুরু হবে। ভর্তির প্রক্রিয়া শুরু হলে 'কর্মক্ষেত্র'য় জানানো হবে।

ভর্তির জন্য একটি প্রবেশিকা পরীক্ষায় বসতে হবে। পরীক্ষা জুনে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন থাকে। জুলাই মাসে ভর্তি নেওয়া হয়। কোর্স শুরু হয় অগস্ট মাসে।

## পড়ার খরচ

৪ বছরের ডিপ্লোমা কোর্সে কোর্স-ফি ও সেমিস্টার-ফি বাবদ আনুমানিক খরচ ১ লক্ষ ৬০ হাজার টাকা। তফসিলিদের কোনও কোর্স-ফি লাগে না। দৈহিক প্রতিবন্ধীদের জন্য স্পনসরশিপের ব্যবস্থা আছে।

## চাকরির সুযোগ

প্রেস টুলস ও মোল্ডস তৈরির প্রশিক্ষণ নিয়ে ভবিষ্যতে কাজ করা যায় সব ধরনের টুল রুম কোম্পানি, স্টিল মেটাল গাড়ির যন্ত্রাংশ তৈরির কারখানা থেকে শুরু করে বৃহৎ ম্যানুফ্যাকচারিং সংস্থাগুলিতে। এছাড়া সফল শিক্ষার্থীরা ব্যবসাও করতে পারেন।

এ প্রসঙ্গে সংস্থার ট্রেনিং ম্যানেজার গোবিন্দচন্দ্র দাস জানালেন, সংস্থার তরফে ব্যবসা করার বিষয়েও অল্পদিনের বিশেষ প্রশিক্ষণ দেওয়া হয় বিনামূল্যে।

সংস্থার ঠিকানা: এম এস এম ই টুল রুম কলকাতা। বনহুগলি ইন্ডাস্ট্রিয়াল এরিয়া, কলকাতা ৭০০ ১০৮। খুঁটিনাটি তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ফোন-নম্বরে: ৯৩৩০১-৯৩৩০৪, ৯৪৩৩২-৩০৭৫৩, ২৫৭৮-৮৭৬৯।

অথবা ই-মেল করতে পারেন এই আই ডি-তে: gc.das@msmetoolroomkolkata.com

---



### যন্ত্রপাতির প্রতি টান থাকলে পড়তে আসুন

**গোবিন্দচন্দ্র দাস**
*ট্রেনিং ম্যানেজার, এম এস এম ই টুল রুম, কলকাতা*

টুল অ্যান্ড ডাই মেকিং কোর্সটি করে চাকরির সুযোগ ভালোই পাওয়া যায়। মাধ্যমিকের পর যাঁরা জেনারেল স্ট্রিমে পড়াশোনা করতে চান না তাঁদের জন্য কোর্সটি উপযুক্ত। চার বছরের ডিপ্লোমা কোর্সে প্রথম তিন বছর ট্রেনিং ইনস্টিটিউটেই পড়ানো হয়। ইঞ্জিনিয়ারিং মেট্রোলজি, ওয়ার্কশপ টেকনোলজি, ইঞ্জিনিয়ারিং ড্রয়িং, স্ট্রেন্থ অব মেটিরিয়ালস, মোল্ড, প্রেস টুল, জিগস অ্যান্ড ফিক্সচার ইত্যাদি বিষয়ে থিওরি পড়ানো হয়। প্র্যাকটিক্যাল প্রশিক্ষণ দেওয়া হয় ফিটিং, ড্রিলিং, টার্নিং, মিলিং গ্রাইন্ডিং, টুল ম্যানুফ্যাকচারিং ওয়ার্কস সহ সি এন সি মেশিন চালানোর উপর। এইসব বিষয় পড়ানো ও শেখানো হয় প্রথম তিন বছরে। প্রতি ছ'মাস অন্তর সেমিস্টার হয়। চতুর্থ বছরে ইনপ্লান্ট করতে পাঠানো হয় বিভিন্ন ইন্ডাস্ট্রিতে। এই পর্বে প্রার্থী সেই ইন্ডাস্ট্রির থেকে প্রতি মাসে একটা সাম্মানিক পেয়ে থাকেন। এক বছরে তাঁরা যে পরিমাণ সাম্মানিক পেয়ে থাকেন, তাতে তাঁদের চার বছরের পড়ার খরচের সিংহভাগই উঠে আসে। ফাইনাল ইয়ারে এই এক বছরের কী কাজ তাঁরা করছেন তা প্রোজেক্ট হিসেবে জমা দিতে হয় ইনস্টিটিউটে। এর উপরে নম্বরও আছে। অনেক সফল ইনটার্ন ওই ইন্ডাস্ট্রিতে চাকরি পেয়ে যান। অন্য কোম্পানিতে চাকরি আবেদনের সঙ্গে তাঁদের অভিজ্ঞতা হিসেবে এই এক বছরের কাজ দেখাতে পারেন। শুধু ভালো চাকরি নয়, পরবর্তীকালে মেকানিক্যাল বা প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং নিয়ে বি টেক অথবা নানা বিষয়ে পোস্ট ডিপ্লোমা করার ক্ষেত্রে এই কোর্স যথেষ্ট কাজে দেয়।

---



### পুরনো চাকরি ছেড়ে নিজের শিক্ষা-প্রতিষ্ঠানেই চাকরি করছি

**অনন্যা দাস**
*টেকনিশিয়ান 'বি'- এম এস এম ই, এই সংস্থার প্রাক্তন ছাত্রী*

মাধ্যমিক পাশ করেই এম এস এম ই-তে টুল অ্যান্ড ডাই মেকিং-এর ডিপ্লোমা কোর্সে ভর্তি হই। ২০০৭ সালে পাশ করি। আমার ব্যাচে আমিই একমাত্র ছাত্রী ছিলাম। এখন অবশ্য মেয়েদের সংখ্যা কিছুটা বেড়েছে। একশো জনের মধ্যে ১০-১৫ জন ছাত্রী। এখন এই প্রতিষ্ঠানেই চাকরি করছি। তবে এটা আমার প্রথম চাকরি নয়। এর আগে ইনপুট ইনস্পেক্টর হিসেবে ভিঅ্যাট ইনস্ট্রুমেন্ট প্রাইভেট লিমিটেডে চাকরি করেছি। আমার মতে, এই চার বছরের কোর্সের শেষের বছর অর্থাৎ ইন্টার্নশিপটা ভবিষ্যতে চাকরি পাওয়ার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ। আমি ইন্টার্নশিপ করার সুযোগ পেয়েছিলাম পুণের জয়হিন্দ ইন্ডাস্ট্রিয়াল কোম্পানিতে। সেখানে হাতে-কলমে কাজ শেখার অভিজ্ঞতা প্রোজেক্ট হিসেবে জমা দিতে হয়েছিল এম এস এম ই-তে। ভিঅ্যাট-এ চাকরি করতে করতে কাগজে এম এস এম ই-র বিজ্ঞাপন দেখে চাকরির আবেদন করি। লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ে পাশ করে এম এস এম ই-তে চাকরি পাই। এখানে আমার মতো অনেকেই চাকরি করেন যাঁরা এখানকার প্রাক্তনী।

---



### চতুর্থ বছরটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ

**প্রতিম ভট্টাচার্য**
*অ্যাপ্লিকেশন ইঞ্জিনিয়ার, ওয়েবেল ফুজিসফট ভারা*
*প্রাক্তন ছাত্র-এম এস এম ই*

বিজ্ঞান নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করে চেয়েছিলাম এমন কিছু পড়তে যাতে পাশ করেই চাকরি পাওয়া যায়। তাই টুল অ্যান্ড ডাই মেকিং কোর্সের প্রবেশিকা পরীক্ষায় সুযোগ পেয়ে যাওয়ায় অন্য কোনও বিষয় নিয়ে পড়ার কথা আর ভাবিনি। সাড়ে তিন বছর আগে এম এস এম ই থেকে পাশ করেছি। বর্তমানে অ্যাপ্লিকেশন ইঞ্জিনিয়ার হিসেবে চাকরি করছি 'ওয়েবেল ফুজিসফট ভারা' কোম্পানিতে। এই সংস্থাটি পশ্চিমবঙ্গ ও জাপান সরকারের যৌথ উদ্যোগে গঠিত। আমার কাজ, মেশিনে কোন মেটেরিয়াল দিলে সেটা দীর্ঘমেয়াদি হবে, ব্যবহারে সুবিধা হবে ইত্যাদি বের করা এবং তা হাতেকলমে রূপায়িত করা।

ভবিষ্যতে যাঁরা এই কোর্স করবেন বা যাঁরা ইতিমধ্যে করছেন, তাঁদের উদ্দেশে বলব, ছাত্রাবস্থায় সবচেয়ে গুরুত্বপূর্ণ সময় চতুর্থ বছরটা। এখানে ক্যাম্পাসিংয়ের মাধ্যমে ইন্টার্নশিপ করার সুযোগ পাওয়া যায়। আমি সুযোগ পেয়েছিলাম, অ্যান্ডরয়টিক ইনফর্মেশন সিস্টেমস প্রাইভেট লিমিটেডে। এটি নয়ডার কোম্পানি হলেও আমার পোস্টিং ছিল কলকাতায়। পরে এই কোম্পানিতে চাকরিও পেয়ে যাই। দু'বছর চাকরি করেছি। ইন্টার্নশিপের সময় স্টাইপেন্ড হিসেবে প্রতি মাসে হাতে পেতাম ১০,০০০ টাকা, বর্তমান সংস্থায় আমার বেতন ৫০,০০০ টাকা।

# গ্রামীণ সম্পদকে কাজে লাগিয়ে স্বনির্ভর হোন

বারোর পাতার পর

জ্যাম, জেলি, আচার তৈরি হতে পারে। গুণমানে উন্নত হলে এইসব খাদ্যপণ্য বিস্তৃত অঞ্চল জুড়ে বিপণন করা যায়। এমনকী রপ্তানিও করা যায়। এর পাশাপাশি ব্যবসা হিসেবে লাভজনক হয়ে উঠতে পারে হাঁস, মুরগি, ছাগল, শূকর প্রতিপালনের মতো গ্রামাঞ্চলের নিজস্ব জীবিকা।

গ্রামে স্বনিযুক্তিতে আগ্রহী তরুণ-তরুণীদের সহায়তা দেওয়ার বিষয়ে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারগুলির বিভিন্ন প্রকল্প রয়েছে। প্রয়োজনে স্বনির্ভর গোষ্ঠী ও সমবায় তৈরি করে একই সঙ্গে একাধিক প্রকল্পের কাজ করা যায়। তবে কোন কাজের জন্য গ্রামাঞ্চলের কোন সম্পদটিকে বেছে নিতে হবে, সেটিকে কীভাবে ব্যবহার করতে হবে সে সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা দরকার। ব্যবসায়িক উদ্যোগ শুরুর আগে আধুনিক প্রযুক্তি, কাজগুলো পরিচালনার নিয়মকানুন এবং বিপণনের নানা দিক সম্পর্কে জানাটাও জরুরি।



### কোথায় প্রশিক্ষণ

কৃষি, পশুপালন, মাছের চাষ, খাদ্য প্রক্রিয়াকরণ ইত্যাদির সম্মিলিত গ্রামীণ বৃত্তিমূলক বিষয়ে প্রশিক্ষণ দিয়ে থাকে রামকৃষ্ণ মিশন সমাজসেবক শিক্ষণ মন্দির। নাবার্ড ও ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার সঙ্গে যৌথ উদ্যোগে প্রশিক্ষণ দেওয়া হয়।

১০ মাসের এই আবাসিক কোর্সে গ্রামে ছড়িয়ে থাকা বিভিন্ন মূল্যবান উপকরণকে চিনতে ও সেইসব উপকরণকে বাণিজ্যিক সম্পদে রূপান্তরের পদ্ধতি শেখানো হয়। এই কোর্সে শেখা যাবে— ● বীজ উৎপাদন ● মাটি পরীক্ষা ● কেঁচো সার তৈরি ● পশুপালন ● উদ্যানবিদ্যা ● মাছের চাষ ● কৃত্রিম প্রজনন ● হাঁস-মুরগি পালন ● মাশরুম চাষ ● মৌমাছি পালন ● খাদ্য-প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ (জ্যাম, জেলি, স্কোয়াশ, আচার, সস ইত্যাদি তৈরি) ● বিদেশের পাখি পালন ● রঙিন মাছের চাষ ● কৃষি-সরঞ্জাম মেরামতি ইত্যাদি।

এই কাজগুলো করতে হলে সামাজিক বিভিন্ন বৈশিষ্ট্য, সামাজিক চাহিদা ইত্যাদি সম্পর্কে অবহিত থাকতে হয়। তাই একই সঙ্গে সমাজবিদ্যার প্রশিক্ষণও দেওয়া হয়।

রামকৃষ্ণ মিশন সমাজসেবক শিক্ষণ মন্দিরের অধ্যক্ষ স্বামী শিবকরানন্দ জানালেন, ১০ মাসের এই আবাসিক প্রশিক্ষণ নেওয়ার পর শুধু যে নিজের পায়ে দাঁড়ানোর দিশা পাওয়া যায় এমনটা নয়, আরও পাঁচজনকে সঙ্গে নিয়ে চলার শিক্ষা পাওয়া যায়, আরও অনেককে সুস্থভাবে বাঁচার পথ দেখানো যায়। প্রশিক্ষিত অনেক ছাত্রই নিজেদের স্বনির্ভর করে তোলার পাশাপাশি আরও অনেকের উপার্জনের ব্যবস্থা করে দিচ্ছেন। প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, ব্যবসায় আগ্রহীরা প্রতিষ্ঠান থেকেই প্রোজেক্ট তৈরি করিয়ে নিতে পারেন। ব্যবসা সংক্রান্ত তথ্য-পরামর্শও প্রতিষ্ঠান থেকে পাবেন তাঁরা। স্বনিযুক্তিতে আগ্রহীদের ব্যাঙ্ক থেকে ঋণ পাওয়ার ক্ষেত্রেও প্রতিষ্ঠানই উদ্যোগ নিয়ে সাহায্য করবে। উদ্যোগীরা ইউনাইটেড ব্যাঙ্ক ও নাবার্ড থেকে নানাভাবে সহায়তা পেয়ে থাকেন।

### কারা পড়বেন

অন্তত মাধ্যমিক পাশ হলেই প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করা যায়। কৃষক পরিবারের প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। শুধু অবিবাহিত ছেলেরা এই কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন। ১-৪-২০২০ তারিখে প্রার্থীর বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে।

### কোর্সের খরচ

কোর্স চলাকালীন থাকা, খাওয়া ও পড়াশোনা বাবদ ১০ মাসের খরচ ৫০০ টাকা। কশান ডিপোজিট বাবদ ২০০ টাকা জমা রাখতে হয়। কোর্স শেষে কশান ডিপোজিট ফেরত পাওয়া যায়।

### কীভাবে আবেদন

আগ্রহীরা ২০২০ ব্যাচের কোর্সে ভর্তির জন্য এখনই আবেদন করতে পারেন।

প্রতিষ্ঠানের অফিস থেকে ৩০ এপ্রিল পর্যন্ত আবেদনের ফর্ম সংগ্রহ করা যাবে। ফর্ম ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকেও: www.rkmsssm.org/redp পূরণ করা আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখও ৩০ এপ্রিল। কোর্স শুরু হবে ১৫ মে।

প্রতিষ্ঠানের ঠিকানা: রামকৃষ্ণ মিশন সমাজসেবক শিক্ষণ মন্দির, পোঃ বেলুড় মঠ, হাওড়া-৭১১ ২০২। তথ্যের জন্য সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে ফোন করতে পারেন এই নম্বরে: (০৩৩)২৬৫৪-৮৯০৮।

# উড সায়েন্স ও পেপার টেকনোলজি নিয়ে পড়াশোনা

বারোর পাতার পর

সেলুলোজ অ্যান্ড পেপার টেকনোলজির ক্ষেত্রে ১,৩২,৫০০ টাকা। ফেরতযোগ্য কশান মানি ৩,০০০ টাকা। কিস্তিতে ফি দেওয়ার সুযোগ আছে। প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, কিছু মেধাবী ছাত্রছাত্রীকে সেমেস্টার-পিছু সর্বাধিক ১২,০০০ টাকার স্কলারশিপ দেওয়া হবে। হস্টেলে থেকে পড়াশোনার সুযোগ রয়েছে। হস্টেল ফি অতিরিক্ত।



### ভর্তির পদ্ধতি

প্রার্থী বাছাই করা হবে ২০০ নম্বরের প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। এবারের পরীক্ষা ১০ মে, সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত। লিখিত পরীক্ষার প্রশ্ন আসে বেসিক সায়েন্স, জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, কম্প্রিহেনশন, ভোকাবুলারি, গ্রামার, ইডিয়মস, এরিথমেটিক অ্যান্ড কোয়ান্টিটেটিভ এবিলিটিজ, কম্পিউটেশনাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ রিজনিং, ইন্টারপ্রিটেশন অব টেবলস, গ্রাফ বিষয়ে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা (সেন্টার কোড ৯)।

### কীভাবে আবেদন

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.fridu.edu.in

ফি-বাবদ ব্যাঙ্ক ড্রাফটের মাধ্যমে দিতে হবে ১,৫০০ টাকা। ড্রাফটটি 'Registrar, FRI Deemed to be University'-এর অনুকূলে, দেরাদুনে প্রদেয় হতে হবে।

পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন:

● ডিমান্ড ড্রাফট।

● প্রার্থীর ৩ কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোগুলি আবেদনপত্র, রেজিস্ট্রেশন ফর্ম এবং অ্যাডমিট কার্ডের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।

● বয়স এবং শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট এবং সমস্ত মার্কশিটের প্রত্যয়িত নকল।

● কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

● প্রার্থী শেষ যে-শিক্ষাপ্রতিষ্ঠানে পড়াশোনা করেছেন তার প্রধানের দ্বারা প্রদত্ত ক্যারেক্টার সার্টিফিকেট।

● প্রার্থীর নাম-ঠিকানা লেখা একটি পোস্টকার্ড।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র রেজিস্টার্ড বা স্পিড পোস্ট বা ক্যুরিয়ারের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Registrar, Forest Research Institute Deemed to be University, P.O.I.P.E., Kaulagarh Road, Dehradun-248 195.

আবেদনপত্র পৌঁছনোর শেষ তারিখ ৬ এপ্রিল।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### কাজের সুযোগ

ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউটের কোর্স কো-অর্ডিনেটর শৈলেন্দ্র কুমার 'কর্মক্ষেত্র'কে জানালেন, কোর্স শেষে ছাত্রছাত্রীরা চাকরি পান দেশের বিভিন্ন কাঠ ও কাঠজাত পণ্য প্রস্তুতকারী সংস্থায়। কাঠ এবং কাঠ-সংক্রান্ত পণ্যের বিপণনের কাজে অথবা যন্ত্রপাতি ও ইকুইপমেন্ট প্রস্তুতকারী সংস্থাতেও নিয়োগ পান উড সায়েন্স অ্যান্ড টেকনোলজির পেশাদাররা। প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা চাকরি পেয়েছেন রুশিল ডেকর, মার্ক ইম্পেক্স, গোয়েল এক্সপোর্টস-এর মতো সংস্থায়। আসবাবপত্র ডিজাইনিংয়ের কাজেও নিয়োগ পান তাঁরা।

সেলুলোজ অ্যান্ড পেপার টেকনোলজির পেশাদারদের চাকরির সুযোগ রয়েছে দেশের বিভিন্ন পেপার মিলে প্লান্ট ম্যানেজার, পেপার মেশিন অপারেটর, পাল্প অ্যান্ড পেপার ল্যাব টেস্টার, ফাইবার লাইন সুপারিন্টেন্ডেন্ট পদে। ক্যাম্পাসিংয়ের মাধ্যমে প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের চাকরি হয়েছে বল্লারপুর ইন্ডাস্ট্রিজ, ওরিয়েন্ট পেপার অ্যান্ড ইন্ডাস্ট্রিজ, নয়নী টিস্যুজ-সহ বিভিন্ন সংস্থায়।

# তথ্য-বিশ্লেষকের পেশা

নয়ের পাতার পর

শাখা। ম্যানুফ্যাকচারিং শিল্প, পরিষেবা ক্ষেত্র, সফটওয়্যার শিল্পেও খুব বেশি চাহিদা রয়েছে এই শাখার পেশাদারদের। তথ্য দিয়ে বিষয়কে বোঝার আগ্রহ যাঁদের আছে, রাশিবিজ্ঞানের এই প্রয়োগমূলক বিষয়টি নিয়ে পড়ে নিজের পছন্দের পেশা খুঁজে নিতে পারেন তাঁরা।




### কোথায় পড়বেন

ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট (আই এস আই)-এর কলকাতা কেন্দ্রে কোয়ালিটি, রিলায়েবিলিটি অ্যান্ড অপারেশনস রিসার্চের দু'বছরের স্নাতকোত্তর (এম টেক) কোর্স পড়ানো হয়।

### কারা পড়বেন

স্ট্যাটিসস্টিক্সে স্নাতকোত্তর ডিগ্রি (উচ্চমাধ্যমিকে ফিজিক্স এবং কেমিস্ট্রি পড়ে থাকতে হবে) অথবা অঙ্কে স্নাতকোত্তর ডিগ্রি (স্নাতক বা স্নাতকোত্তরে আবশিক বিষয় হিসেবে স্ট্যাটিসস্টিক্স এবং উচ্চমাধ্যমিকে ফিজিক্স এবং কেমিস্ট্রি পড়ে থাকতে হবে) থাকলে আবেদন করতে পারেন। বি ই অথবা বি টেক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

বিজ্ঞান ও কারিগরি— দু'টি শাখায় কোয়ালিটি, রিলায়েবিলিটি অ্যান্ড অপারেশনস রিসার্চ নিয়ে পড়ার সুযোগ আছে। যাঁরা অঙ্ক বা স্ট্যাটিস্টিক্স নিয়ে স্নাতকোত্তর পড়েছেন তাঁরা স্ট্যাটিসটিক্স শাখায় ডিগ্রি পাবেন। আবার ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির ছাত্রছাত্রী হলে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি পাবেন। আবেদনের জন্য বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই। কোর্স চলাকালীন প্রতি মাসে ছাত্রছাত্রীদের ১২,৪০০ টাকা করে স্টাইপেন্ড দেওয়া হয়।

### কীভাবে ভর্তি

ভর্তি নেওয়া হবে একটি লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা ১০ মে। ভর্তির জন্য অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.isical.ac.in এখন আবেদন করা যাচ্ছে। আবেদনের শেষ তারিখ ৬ মার্চ।

ফি বাবদ দিতে হবে ১,২৫০ টাকা (মহিলা প্রার্থীদের ক্ষেত্রে ৭৫০ টাকা, তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৬২৫ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে নেট ব্যাঙ্কিং অথবা ডেবিট বা ক্রেডিট কার্ড মাধ্যমে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১০ মার্চ। অনলাইন আবেদনের সময় স্ক্যান করে আপলোড করতে হবে এইসব নথি— ● প্রার্থীর ফটো ও সই ● শিক্ষাগত যোগ্যতার যাবতীয় সার্টিফিকেট ● কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।

**বিজ্ঞান ও কারিগরি— দু'টি শাখায় কোয়ালিটি, রিলায়েবিলিটি অ্যান্ড অপারেশনস রিসার্চ নিয়ে পড়ার সুযোগ আছে। যাঁরা অঙ্ক বা স্ট্যাটিস্টিক্স নিয়ে স্নাতকোত্তর পড়েছেন তাঁরা স্ট্যাটিসটিক্স শাখায় ডিগ্রি পাবেন। আবার ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির ছাত্রছাত্রী হলে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি পাবেন।**

### চাকরির সুযোগ

ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটের কোয়ালিটি, রিলায়েবিলিটি অ্যান্ড অপারেশনস রিসার্চ বিভাগের বিভাগীয় প্রধান, অধ্যাপিকা নন্দিনী দাস 'কর্মক্ষেত্র'কে জানালেন, ক্যাম্পাসিংয়ের মাধ্যমে প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের নিয়মিত নিয়োগ করে থাকে দেশি-বিদেশি বিভিন্ন সংস্থা। প্রতিষ্ঠানের সফল ছাত্রছাত্রীরা চাকরি করছেন কমিনস ইন্ডিয়া, জিই অ্যাভিয়েশন, রিলায়েন্স, টি সি এস ইনোভেশন, সিটি ব্যাঙ্ক, পি ডব্লু সির মতো বিভিন্ন সংস্থায়।

কোয়ালিটি, রিলায়েবিলিটি অ্যান্ড অপারেশনস রিসার্চের স্নাতকোত্তর কোর্স করে চাকরির সুযোগ আছে সরকারি-আধা সরকারি শিল্পসংস্থায়, আর্থিক সংস্থায়, কনসালটেন্সি ফার্মে, কোয়ালিটি ইঞ্জিনিয়ার এবং কোয়ালিটি ম্যানেজার পদে। এই বিষয় নিয়ে উচ্চশিক্ষা, গবেষণা ও শিক্ষকতার রাস্তাও খোলা।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ই-মেল করতে পারেন এই মেল আইডিতে: admissionsupport@isical.ac.in

স্বনির্ভরতার নানা পথ

# বিষ্ণুপুরের গোল তাস তৈরির প্রশিক্ষণ

**বিশ্বের বাজারে বঙ্গের হস্তশিল্পের চাহিদা ক্রমবর্ধমান। রাজ্যে ইতিমধ্যেই স্থায়ী বাজার বা মল তৈরি হয়েছে, যেখানে বিভিন্ন জেলার হস্তশিল্পীরা নির্দিষ্ট সময়ের জন্য থেকে তাঁদের জিনিস বিক্রি করতে পারবেন। এ রাজ্যের বহু প্রাচীন হস্তশিল্প বিষ্ণুপুরের দশাবতার তাস, যার চাহিদা ক্রমবর্ধমান অথচ শিল্পীর অভাব। এই তাস তৈরির প্রশিক্ষণ দিয়ে থাকেন বিষ্ণুপুরের শীতল ফৌজদার।**



**নিজস্ব প্রতিনিধি:** পশ্চিমবঙ্গের প্রতিটি জেলার আছে তার নিজস্ব কুটির শিল্প বা হস্তশিল্প। যেমন পুরুলিয়ার ছৌ মুখোশ, বাঁকুড়ার মাটির ঘোড়া, মালদার গম্ভীরা, মেদিনীপুর বা নদিয়ার পট, এছাড়া গালা, ডোকরা, কাঁথা, বাঁশের তৈরি হাজারো জিনিস। এইসব হাতে তৈরি জিনিসের চাহিদা বর্তমানে বেশ ভালোই।

এখন প্রায় সারা বছরই রাজ্যের বিভিন্ন জায়গায় সরকারি উদ্যোগে হস্তশিল্প মেলা হয়। বেসরকারি উদ্যোগেও বিভিন্ন প্রদর্শনী হয়। এখান থেকে শিল্পীদের যেমন আয় হয়, তেমন তাঁদের পরিচিতিও বাড়ে। ইতিমধ্যেই রাজ্য সরকারের তরফে বিভিন্ন জেলায় হস্তশিল্প সামগ্রী বিপণনের জন্য মল বা বাজার তৈরি করার উদ্যোগ নেওয়া হয়েছে। কলকাতার ঢাকুরিয়ার দক্ষিণাপণের পাশে পঞ্চায়েত দফতর ' খুলেছে হস্তশিল্পের একটি পাঁচতারা মল 'সৃষ্টিশ্রী'। বীরভূমের বোলপুরেও নেওয়া হয়েছে এমন একটি উদ্যোগ।

হস্তশিল্পের কাজ যে কেউ শিখতে পারেন। তার জন্য বিরাট পুঁজি বা শিক্ষাগত যোগ্যতার দরকার নেই। এ বঙ্গে এমন বেশ কিছু প্রাচীন হস্তশিল্প আছে যার চাহিদা থাকলেও তৈরি করার উপযুক্ত লোকের অভাবে তা প্রায় হারিয়ে যেতে বসেছে। এমনই একটি হল বিষ্ণুপুরের গোল তাস বা দশাবতার তাস।

বাঁকুড়ার বিষ্ণুপুরে শীতল ফৌজদার ও তাঁর পরিবার বংশপরম্পরায় এই দশাবতার তাস তৈরি করে আসছেন। এই তাসের পাশাপাশি তাঁরা তৈরি করেন নকশা তাস, হিন্দোল পুতুল ও মুখোশ। এই সবকিছু তৈরির প্রশিক্ষণও তিনি দিয়ে থাকেন। বর্তমানে বিশ্ব বাংলার দোকানে বিক্রি হচ্ছে ফৌজদার পরিবারের তৈরি তাস ও অন্যান্য শিল্পকর্ম। বিদেশেও ভালো চাহিদা আছে এই তাসের। লুপ্তপ্রায় এই শিল্পশৈলী শিখে স্বনির্ভর হতে পারেন আপনিও।

**হস্তশিল্পের কাজ যে কেউ শিখতে পারেন। তার জন্য বিরাট পুঁজি বা শিক্ষাগত যোগ্যতার দরকার নেই। বেশ কিছু হস্তশিল্প দ্রব্য আছে যার চাহিদা থাকলেও তৈরি করার উপযুক্ত লোকের অভাবে তা প্রায় হারিয়ে যেতে বসেছে। এমনই একটি হল বিষ্ণুপুরের গোল তাস বা দশাবতার তাস।**

### প্রশিক্ষণের নিয়ম

শীতলবাবু সারা বছরই নিজে প্রশিক্ষণ দেন। বিষ্ণুপুরে নিজের বাড়িতেই তিনি ওয়ার্কশপ করান। কোনও সংস্থা প্রশিক্ষণ শিবিরের আয়োজন করলে সেখানে গিয়েও হাতে-কলমে কাজ শেখান। প্রশিক্ষণ চলাকালীন যাবতীয় রং, তুলি, কাগজের ব্যবস্থা শীতলবাবুই করেন। তাঁর বাড়িতে প্রশিক্ষণ হলে জলযোগের ব্যবস্থাও তিনিই করেন।

### কারা শিখবেন

গোল তাস তৈরি শেখার জন্য ছবি আঁকার প্রাথমিক জ্ঞান থাকতে হবে। তুলি ও রঙের ব্যবহার জানতে হবে। সাত দিনের প্রশিক্ষণ। প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল ৪টে পর্যন্ত ক্লাস। একেকটি গ্রুপে ৫-১৫ জন শিক্ষার্থী প্রশিক্ষণ নেন। প্রশিক্ষণের খরচ দৈনিক মাথাপিছু ৫০০ টাকা। তবে প্রয়োজন হলে প্রশিক্ষণের মেয়াদ বাড়ানো হতে পারে। থাকা-খাওয়ার ব্যবস্থা করে দিতে হলে খরচ বাড়বে। কেউ চাইলে একাও প্রশিক্ষণ নিতে পারেন, তবে এতে খরচ বেশি।

উদ্যোক্তাদের ডাকে প্রশিক্ষণ করালে শীতলবাবুর পারিশ্রমিক প্রতিদিন ৫,০০০ টাকা (থাকা-খাওয়া, যাতায়াতের ভাড়া বাদে)। এক্ষেত্রে তিনি শেখার সব উপকরণ দেবেন। প্রশিক্ষণের পরে শংসাপত্রও দেবেন।

### একদিনেও জানতে পারেন পদ্ধতিটা

দশাবতার তাস, নকশা তাস, হিন্দোল পুতুল দেখতে এতটাই আকর্ষণীয় যে এর নির্মাণশৈলী শিখতে মন চাইবে। হাতে বেশি দিন সময় না থাকলে একদিনেও জেনে নিতে পারেন দশাবতার, নকশা তাস, হিন্দোল পুতুল, মুখোশ ইত্যাদির মধ্যে যে-কোনও একটি বানানোর পুরো পদ্ধতি। মনে রাখবেন, এতে আপনি শুধু পদ্ধতিটা জানতে পারবেন। জিনিসটা তৈরি করা শিখতে হলে অন্তত সাতদিনের প্রশিক্ষণ নিতেই হবে।

যোগাযোগ: ৯৭৩২০-৮৩৪২৮ (শীতল ফৌজদার)। শাঁখারি বাজার, মনসাতলা, বিষ্ণুপুর-৭২২১২২।



### ঘুরে দাঁড়িয়েছে দশাবতার তাস

শীতল ফৌজদার, *হস্তশিল্পী*

দশাবতার তাস বহু প্রাচীন শিল্পকর্ম। এই তাস খেলার পিছনে আছে প্রাচীন ইতিহাস। বিষ্ণুপুরের মল্লরাজা বীর হাম্বীরের উৎসাহে তৈরি হয়েছিল বিষ্ণুপুরের টেরাকোটা মন্দিরগুলি। তাঁর গুরু শ্রীনিবাসের উদ্যোগে দশাবতার তাসের খেলা শুরু হল এখানে। শ্রীনিবাস ছিলেন ওড়িশার বাসিন্দা। ইউরোপীয়রা ভারতে আসার অনেক আগেই এই খেলার শুরু।

বিষ্ণুপুরে দশাবতার তাসের একটি সেট ১২০টি তাস নিয়ে। মৎস্য, কূর্ম, বরাহ, নৃসিংহ, বামন, পরশুরাম, রাম, বলরাম, জগন্নাথ এবং কল্কি, বিষ্ণুর এই দশ অবতারের মূর্তি আঁকা থাকে তাসে। প্রত্যেক অবতারের আবার ১২টি করে তাস। তার মধ্যে একটা রাজা ও একটা মন্ত্রী। বাকি দশটায় থাকে অবতারের প্রহরণ বা জ্ঞাপক চিহ্ন। যেমন মৎস্য অবতারের মাছ, কূর্মর কচ্ছপ, বরাহের শঙ্খ, নৃসিংহের চক্র, বামনের হাঁড়ি, পরশুরামের টাঙ্গি, রামের বাণ, বলরামের গদা, জগন্নাথের পদ্ম এবং কল্কির তরবারি। হাম্বীরের সময় থেকে আমাদের পরিবার এই কাজ করে আসছে। আমি এই কাজ শিখেছি আমার জ্যাঠামশাই ভাস্কর ফৌজদারের কাছে। তাঁর প্রয়াসের ফলেই পৃথিবী জেনেছিল দশাবতার তাসের কথা। লন্ডন, স্কটল্যান্ড, জাপান, দক্ষিণ আমেরিকা প্রভৃতি বহু দেশের আমন্ত্রণে তিনি সাগর পাড়ি দিয়েছিলেন, বহু পুরস্কারে সম্মানিত হয়েছিলেন। কিন্তু তারপরেও এই তাসের প্রচার সেভাবে হয়নি পশ্চিমবঙ্গে। ১২০টি তাসের সেটের দাম মোটামুটি ১০,০০০ টাকা। এখন অবশ্য ১০টি তাসের সেটও পাওয়া যায়। তার দাম ১,৫০০ টাকা। এটা অবশ্য আমার কাছে। বিশ্ব বাংলা স্টলে দাম আরও বেশি।

দশাবতার তাসের খেলার মতোই নকশা তাসের খেলা। ৪৮টি তাস নিয়ে এক সেট নকশা তাস। পরি, ঘোড়া, পাতা, শঙ্খ, ঝাড় ফুল, বরফি ফুল, তরোয়াল, আম ফুল, ঘাস ফুল, কল্লোল ফুল, ঘোড়ার উপরে ঘোড়সওয়ার, হাতির উপর মাহুত— ১২টি চিহ্নের চারটে করে তাস। চারজন লাগে এই খেলার জন্য। তেঁতুলবিচির আঠা, মেটে সিঁদুর, গালা, বেলের আঠা, শিরিষের আঠা, পুরনো কাপড়, খড়িমাটি ইত্যাদি এই তাসের উপকরণ। রং করার জন্য ব্যবহার করা হয় সিমপাতার রস, হলুদ, কালি, নীল ইত্যাদি। পুরনো প্রথা মেনেই তৈরি হয় তাস। তবে আজকাল আধুনিক রং ব্যবহার করতেই হচ্ছে। বৃত্তাকার ৪ থেকে ১০ সেন্টিমিটার ব্যাসযুক্ত এবং ১/৫ ইঞ্চি পুরু এই তাস তৈরি করা কিন্তু সময়সাপেক্ষ ও পরিশ্রমের ব্যাপার। তাই শিখতে হবে মন দিয়ে। হিন্দোল পুতুলেরও চাহিদা ভালো। তাছাড়া স্থানীয় লোকেরাও হিন্দোল পুতুল কিনে নিয়ে যান 'মানত পুতুল' হিসেবে। গতবছর হাওড়ার ষষ্ঠীতলার পুজোর মণ্ডপসজ্জার জন্য দশাবতার তাসের অর্ডার পেয়েছিলাম। এই তাসের চাহিদা এখন বেশ ভালো।

বিষ্ণুপুর ঘুরতে এসে পর্যটকরা আমার কাছে আসেন এসব কিনতে। বিদেশেও চাহিদা আছে। এখন তো খেলা নয়, ঘর সাজানোর জন্য লোকে কিনে নিয়ে যান। তাই ১০টা তাসের সেটের চাহিদা বেশি। তবে এখনও বেশ কিছু পুরনো লোক আছেন যাঁরা এই তাসের খেলা জানেন। আমার মতে, এই তাস তৈরির পাশাপাশি খেলাটা শিখে নিলে ভালো। এতে শিল্প ও খেলা দুটোই বেঁচে থাকবে এবং যাঁরা বাঁচিয়ে রাখার চেষ্টা করবেন তাঁদের জীবিকার জায়গাটিও মজবুত হবে।

# ভেষজ আবির তৈরি

*নয়ের পাতার পর*

'পলাশকন্যা' এবং 'বনপলাশি'। এই বছরও প্রশাসনের একই পরিকল্পনা আছে।

গতবছর ভেষজ আবির তৈরির কাজে স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের যুক্ত করেছিল বাঁকুড়া প্রশাসনও। এখানকার হীড়বাঁধ পঞ্চায়েত সমিতি এলাকার স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের পলাশফুল থেকে আবির তৈরির প্রশিক্ষণ দেওয়া হয়।

কৃষিবিজ্ঞান কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়ে ভেষজ আবির তৈরি করে স্বনির্ভর হচ্ছেন উত্তর দিনাজপুরের ইসলামপুর ও রায়গঞ্জের গ্রামীণ এলাকার মহিলারা। গত দুই বছর ধরে উৎসবের মরশুমে তাঁদের তৈরি দু'কুইন্টাল ভেষজ আবিরের সবটাই বিক্রি হয়ে গিয়েছে। কৃষিবিজ্ঞান কেন্দ্র থেকেও এই ভেষজ আবির বিক্রি করা হয়েছে। রাজ্য সরকারের পাশাপাশি কেন্দ্রীয় সরকার কর্তৃক স্বীকৃত 'প্রগতি' ভেষজ আবির তৈরির প্রশিক্ষণ দিয়ে থাকে। প্রশিক্ষণ ফি ২,০০০ টাকা।

কেন্দ্র বা রাজ্যস্তরে যে-কোনও প্রশিক্ষণের মেয়াদ ১০ থেকে ১২ দিন। কিন্তু মাত্র একদিন প্রশিক্ষণ দিয়ে ভেষজ আবির তৈরির পুরো পদ্ধতি শিখিয়ে দেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ' বিভাগের প্রাক্তন টেকনিক্যাল সুপারিন্টেন্ডেন্ট অসীম চট্টোপাধ্যায়। শুধু প্রশিক্ষণ নয়, তাঁর কাছ থেকে পাইকারি দরে ভেষজ আবির কেনা যায়।

অসীমবাবুর সঙ্গে যোগাযোগের নম্বর: ৯৮৩২২-১১৮৬৮ (রাত ৯টা থেকে ১০টার মধ্যে ফোন করতে হবে)।

# সমাজকল্যাণের কাজ

**সমাজকল্যাণের কাজে আগ্রহ থাকলে, পড়তে পারেন সোশ্যাল ওয়ার্ক ও কমিউনিটি সার্ভিসের ডিপ্লোমা কোর্স। ভর্তির প্রক্রিয়া চলছে।**

**নিজস্ব প্রতিনিধি:** ব্যক্তিগত স্তরে আমরা অনেকেই অল্পস্বল্প সমাজসেবার কাজ করে থাকি, কিন্তু সংগঠিত ভাবে সমাজসেবার কাজটি করতে গেলে পেশাদারি দক্ষতার প্রয়োজন হয়। এই কাজে আগ্রহ থাকলে পেশাদারি ভাবে কাজটি করতেই পারেন। তবে তার আগে প্রথাগত ভাবে এই কাজ-সংক্রান্ত খুঁটিনাটি জানা, প্রয়োজনীয় পড়াশোনা ও হাতে-কলমে কাজ করার অভিজ্ঞতা থাকা জরুরি।

### কোথায় পড়বেন

সোশ্যাল ওয়ার্ক ও কমিউনিটি সার্ভিসের ডিপ্লোমা কোর্স পড়ায় ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশন (বেঙ্গল) স্কুল অব সোশ্যাল ওয়ার্ক অ্যান্ড কমিউনিটি সার্ভিস। পড়ানো হয় যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে। কোর্সের মেয়াদ ৬ মাস। ক্লাস হয় শনিবার ও রবিবার। সময় বেলা দুটো থেকে বিকেল পাঁচটা।

### কারা পড়বেন, কী পড়বেন

অন্তত মাধ্যমিক বা সমতুল পাশ হলে এই কোর্সে আবেদন করতে পারেন। কোর্সের 'থিওরি' অংশে পড়ানো হয় স্বাস্থ্য ও পুষ্টি, জনসংযোগ, আইনকানুন, অর্থনীতি, সমাজতত্ত্ব, অর্থনীতি, মনস্তত্ত্ব এবং কম্পিউটার। প্র্যাক্টিক্যাল পর্যায়ে থাকে ১৫ দিনের ফিল্ডওয়ার্ক। পাঠানো হয় বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থায়। তারা কীভাবে কাজ করে এই পর্যায়ে শিখতে হয়। এ বিষয়ে একটি প্রোজেক্ট রিপোর্টও তৈরি করতে হয় ছাত্রছাত্রীদের। প্রোজেক্টে ১০০ নম্বর থাকে।

### কীভাবে ভর্তি

ইতিমধ্যে বর্তমান শিক্ষাবর্ষের প্রথম ব্যাচের ক্লাস শুরু হয়ে গিয়েছে। দ্বিতীয় ব্যাচের ক্লাস শুরু হবে এপ্রিল মাসে। দ্বিতীয় ব্যাচের জন্য ভর্তির ফর্ম দেওয়া হবে ২৮ মার্চ পর্যন্ত। ১০ টাকার বিনিময়ে ব্রোশিওর-সহ আবেদনপত্র কিনতে পাওয়া যাচ্ছে এই ঠিকানা থেকে: দ্য ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশন (বেঙ্গল), যাদবপুর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস (বেঙ্গল ল্যাম্প বাসস্ট্যান্ড), ১৮৮, রাজা এস সি মল্লিক রোড, যাদবপুর, কলকাতা ৭০০ ০৩২। ফোন: ২৪১৪-৬২৮২। সোম থেকে শনিবার বেলা ১২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

### চাকরির সুযোগ

এই কোর্সের ইনচার্জ দেবব্রত রায় জানালেন, চাকরির সুযোগ আছে বিভিন্ন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানে, সরকারি ও বেসরকারি বিভিন্ন সামাজিক প্রকল্পে, কর্পোরেট সোশ্যাল রেসপন্সিবিলিটি-র আওতায় বিভিন্ন সংস্থায়। কোর্স চলাকালীন ফিল্ডওয়ার্ক ভালো করে করলে দেখা যায় যে-স্বেচ্ছাসেবী সংস্থায় ছাত্রদের প্রোজেক্ট করতে পাঠানো হয়েছে, সেখানেই চাকরি পেয়েছেন তাঁরা। এছাড়া করা যায় এম এস ডব্লিউ বা মাস্টার্স অব সোশ্যাল ওয়ার্ক।

WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__ পর্যালোচনা
GK+GI+GS+CA

# জ্ঞান বিজ্ঞান

## জানার জানালা

### প্রথমবার ২০ ডিগ্রি পেরোল আন্টার্কটিকার পারদ



সর্বকালীন রেকর্ড ভেঙে দিল আন্টার্কটিকার তাপমাত্রা। এই প্রথম সেখানকার তাপমাত্রা ২০ ডিগ্রি সেলসিয়াস পেরিয়ে গেল। বিশ্ব উষ্ণায়নের এই প্রবণতায় হিমবাহ গলে সমুদ্রের জলতল বৃদ্ধির আশঙ্কা আরও বাড়ল বলে মনে করছেন বিজ্ঞানীরা। ৬ ফেব্রুয়ারি আন্টার্কটিকার উত্তরের বিন্দু এস্পেরাঞ্জার তাপমাত্রা ১৮.৩ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছে গিয়েছিল। সেই তাপমাত্রা বৃদ্ধি নিয়ে আলোচনার ফাঁকেই উত্তরের আরেক বিন্দু সিমুর দ্বীপের তাপমাত্রা পৌঁছে গেল ২০.৭ ডিগ্রিতে। ব্রাজিলের বিজ্ঞানীরা ৯ ফেব্রুয়ারি এই তাপমাত্রা রেকর্ড করেন। উল্লেখ্য, গরমের দাপট দিনে দিনে বেড়ে চলায় গত দশককে বিশ্বের উষ্ণতম দশকের তকমা দেওয়া হয়। তার মধ্যে আবার শেষ পাঁচ বছর বিশ্বের উষ্ণতম পাঁচবছর। চলতি বছরের জানুয়ারি মাসই আবার উষ্ণতম জানুয়ারির তকমাও পেয়েছে।

### এক-তৃতীয়াংশ জীবজগতের বিলুপ্তির আশঙ্কা গবেষকদের



জলবায়ু পরিবর্তনের জেরে আগামী ৫০ বছরে বিশ্বের ৩০ শতাংশ জীবজগৎ লুপ্ত হয়ে যেতে পারে বলে এক গবেষণাপত্রে আশঙ্কা প্রকাশ করা হল। আমেরিকার অ্যারিজোনা বিশ্ববিদ্যালয়ের দুই গবেষক পৃথিবীর বিভিন্ন জায়গা থেকে উদ্ভিদ ও প্রাণীর ৫৩৮টি প্রজাতির উপর গবেষণা চালিয়ে দেখেছেন, উষ্ণায়ন এবং বেড়ে-চলা বার্ষিক তাপমাত্রার ফলে আঞ্চলিক প্রাণী ও উদ্ভিদ প্রজাতি দ্রুত লোপ পাচ্ছে। এ ভাবে পরিবেশ দূষণ চললে ২০৭০ সালের মধ্যে জীবজগতের এক-তৃতীয়াংশ লোপ পেয়ে যাবে বলে আশঙ্কা প্রকাশ করেছেন গবেষকরা। গ্রীষ্মপ্রধান দেশে জীবজগতের উপর জলবায়ু পরিবর্তনের প্রভাব অনেক বেশি মারাত্মক হবে বলে তাঁদের অনুমান।

### দক্ষিণমেরুতে তাপশোষী শেওলায় বরফ গলার সম্ভাবনা



বরফের রং লাল। আসলে তা অবশ্য বরফের রং নয়। বরফের উপরে আস্তরণ ফেলা এক ধরনের শেওলার। জলবায়ু পরিবর্তনের জেরে দক্ষিণমেরুতে বরফের উপর বাড়বাড়ন্ত ঘটছে এই ধরনের শৈবালের। ক্ল্যামাইডোমোনাস নিভালিস নামে শৈবালটি এমনিতে সবুজ রঙেরই। পৃথিবীর নানান বরফে ঢাকা প্রান্তরে এদের দেখা মেলে। প্রতিকূল পরিবেশে এদের দেহে এক ধরনের অভিযোজন ঘটে গিয়ে পাল্টে যায় রং। সবুজ রঞ্জক ক্লোরোপ্লাস্ট বদলে গিয়ে লাল রঙের ক্যারটিনয়েড তৈরি হয়। তা থেকেই লাল রং। পরিবেশবিদরা এই লাল শৈবাল দেখে চিন্তায় পড়ে গিয়েছেন। শৈবালটির সূর্যের তাপ ধরে রাখার বিশেষ ক্ষমতা রয়েছে। ফলে এদের বংশবিস্তারের সঙ্গে পাল্লা দিয়ে বরফ গলার হারও বাড়তে থাকে। দক্ষিণমেরুতে ইউক্রেনের গবেষণাকেন্দ্রের কাছে দেখা মিলেছে এই বরফের। ছবিও প্রকাশ করেছে তারা।



দেশীয় সংবাদপত্র আইন কে প্রবর্তন করেন?
**উত্তর:** লর্ড লিটন

- একজন প্রাপ্তবয়স্ক পুরুষের প্রতিদিন গড়ে কত ক্যালোরি শক্তির প্রয়োজন?
**উত্তর:** ২,৫০০-৩,০০০ কিলোক্যালরি
- জীবদেহে রোগ প্রতিরোধ ক্ষমতা কে গড়ে তোলে?
**উত্তর:** ভিটামিন
- সিজোফ্রেনিয়া কী ধরনের অসুখ?
**উত্তর:** মনের অসুখ
- একটি শিশুর বিকাশ বলতে কী বোঝায়?
**উত্তর:** গুণগত পরিবর্তন
- 'বিশ্ব ভিটিলিগো দিবস' কবে পালন করা হয়?
**উত্তর:** ২৫ জুন



'শোলে' ছবির চিত্রপরিচালক কে ছিলেন?
**উত্তর:** রমেশ সিপ্পি

- দেহে ভিটামিনের অনুপস্থিতিকে কী বলা হয়?
**উত্তর:** অ্যাভিটামিনোসিস
- অ্যাট্রোপিন উপক্ষার কোন গাছের মূল ও পাতা থেকে পাওয়া যায়?
**উত্তর:** বেলেডোনা
- গ্যামাক্সিন কী জাতীয় রাসায়নিক?
**উত্তর:** কীটনাশক
- রাইবোফ্লাভিনের উপস্থিতির জন্য গরুর দুধের রং ঠিক কী রকম হয়?
**উত্তর:** হলুদাভ সাদা

- জলে দ্রবীভূত হয় এ রকম একটি ভিটামিন হল:
**উত্তর:** ভিটামিন সি
- সোডা ওয়াটারে কোন গ্যাস ব্যবহৃত হয়?
**উত্তর:** কার্বন ডাইঅক্সাইড
- জিভের অগ্রভাগে কোন স্বাদকোরক থাকে?
**উত্তর:** মিষ্টি
- তুলসীদাস 'রামচরিতমানস' কোন ভাষায় লিখেছিলেন?
**উত্তর:** আওয়াধি
- মানুষের দেহে কোথায় ইউরিয়া পরিস্রুত হয়?
**উত্তর:** বৃক্ক
- ফ্লুওরাইডজনিত দূষণের কারণে সৃষ্ট রোগটির নাম কী?
**উত্তর:** ফ্লুরোসিস



সৌরজগতের সবচেয়ে বড় উপগ্রহ কোনটি?
**উত্তর:** বৃহস্পতির উপগ্রহ গনিমিড

- কোলেস্টেরল রক্তের কোন উপাদান?
**উত্তর:** ফ্যাট
- বসন্ত রোগের টিকা কে আবিষ্কার করেন?
**উত্তর:** এডওয়ার্ড জেনার
- কুইটো কোন দেশের রাজধানী?
**উত্তর:** ইকুয়েডর
- ডায়েট কোন দেশের পার্লামেন্টের নাম?
**উত্তর:** জাপান
- ম্যাপল পাতার দেশ কোন দেশকে বলা হয়?
**উত্তর:** কানাডাকে
- কোয়ান্টোজোম কোথায় থাকে?
**উত্তর:** ক্লোরোপ্লাস্ট



আমলকীতে কোন অ্যাসিড বর্তমান?
**উত্তর:** সাইট্রিক অ্যাসিড



আরাকু ভ্যালি কোন রাজ্যে অবস্থিত?
**উত্তর:** অন্ধ্রপ্রদেশ

## হীরের টুকরো

### পরের স্টপ আই এ এস



মধু এন সি বেঙ্গালুরু সরকারি পরিবহণ নিগমের কন্ডাক্টর। দিনে আট ঘণ্টা বাসের মধ্যে দাঁড়িয়ে দাঁড়িয়ে টিকিট কাটা আর যাত্রীদের ঠিক স্টপে নামিয়ে দেওয়া কাজ তাঁর। এই মধুই সম্প্রতি এই একঘেয়ে সাধারণ জীবনকে পিছনে ফেলে অসাধারণ হয়ে উঠেছেন কেবল তাঁর মেধা ও নিষ্ঠার জোরে। পরিবারে প্রথম স্কুল-কলেজের চৌকাঠ পেরোনো মধু ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের (ইউ পি এস সি) মেন পরীক্ষায় পাশ করেছেন। গত জানুয়ারিতে মেন পরীক্ষার রেজাল্ট প্রকাশিত হয়েছে।

সারাদিন নিজের পেশায় পরিশ্রম করে কীভাবে ইউ পি এস সি-র মতো শক্ত পরীক্ষার গণ্ডি পার হলেন দূরশিক্ষায় রাষ্ট্রবিজ্ঞানের স্নাতকোত্তর ২৯ বছরের এই যুবক? মধু জানিয়েছেন, পরিবারের ভরণপোষণের জন্য অত্যন্ত অল্প বয়সেই চাকরিতে ঢুকে পড়তে হয়েছিল। কিন্তু পড়াশোনা ছাড়েননি। ইউ পি এস সি পরীক্ষার জন্য দিনে পাঁচ ঘণ্টা সময় বের করে পড়তেন। সেই সঙ্গে প্রতি সপ্তাহে ২ ঘণ্টা কোচিং নিতেন পরিবহণ সংস্থার ম্যানেজিং ডিরেক্টর, আই এ এস অফিসার সি শিখার কাছে।

২০১৪-য় কর্নাটকের সিভিল সার্ভিস পরীক্ষা এবং ২০১৮-য় ইউ পি এস সিতে উত্তীর্ণ হতে না পারার হতাশাও কখনও গ্রাস করতে পারেনি মধুকে। নতুন উদ্যমে তিনি লেগে পড়েছেন প্রস্তুতিতে। মেধার সঙ্গে ধৈর্য আর শ্রম যুক্ত হলে যে কী আশ্চর্য সফলতার কাহিনি তৈরি হয়, তারই সাক্ষ্য দিচ্ছে মধু এন সি-র জীবন।

### সাদা কয়লার ভারত জয়



পাটকাঠি থেকে পরিবেশ বান্ধব হোয়াইট কোল উৎপন্ন করে আক্ষরিক অর্থেই গোটা দেশের নজর কেড়ে নিলেন করণ ঘড়াই ও কথা শূর। দু'জনেই নেতাজি সুভাষ ইঞ্জিনিয়ারিং কলেজের ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের তৃতীয় বর্ষের ছাত্র। তাঁদের আবিষ্কারের জন্য তাঁদের 'ছাত্র বিশ্বকর্মা' পুরস্কার দিয়ে সম্মানিত করল কেন্দ্রীয় সরকার।

অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন (এ আই সি টি ই), কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রক, ইঞ্জিনিয়ারিং কাউন্সিল অব ইন্ডিয়া এবং ইন্ডিয়ান সোসাইটি ফর টেকনিক্যাল এডুকেশন যৌথভাবে প্রত্যেক বছর 'ছাত্র বিশ্বকর্মা' পুরস্কার দিয়ে থাকে। এই প্রতিযোগিতায় যোগ দেয় দেশের সবক'টি এ আই সি টি ই-অনুমোদিত ইঞ্জিনিয়ারিং কলেজ। এ বছর প্রাথমিকভাবে সারা দেশ থেকে ৬,৬৭০টি প্রোজেক্ট জমা পড়েছিল। তার মধ্যে থেকে ২৩টি বাছাই প্রকল্প দিল্লিতে প্রদর্শিত হয়। প্রদর্শনীতে সকলেরই বিশেষ প্রশংসা পায় করণ এবং কথার হোয়াইট কোল।

২৫ ফেব্রুয়ারি ২৩ জন 'ছাত্র বিশ্বকর্মা'-র হাতে পুরস্কার তুলে দেন কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়নমন্ত্রী রমেশ পোখরিয়াল 'নিশঙ্ক'।

- মানুষের দেহকোষে ক্রোমোজোম সংখ্যা কত?
**উত্তর:** ২৩ জোড়া
- বংশগতিবিদ্যার জনক কে?
**উত্তর:** মেন্ডেল
- পায়রার চোয়াল কীসে রূপান্তরিত হয়েছে?
**উত্তর:** চঞ্চুতে
- কোন গ্যাসের নাম মার্স গ্যাস?
**উত্তর:** মিথেন
- বাংলার বারো ভুঁইয়ারা কার আমলে বিদ্রোহ ঘোষণা করেন?
**উত্তর:** জাহাঙ্গির
- শেষ রাজপুত রাজা কে ছিলেন?
**উত্তর:** জয়চাঁদ রাঠোর
- প্রথম রৌপ্যমুদ্রা কে চালু করেন?
**উত্তর:** শেরশাহ
- কোন কোষ অঙ্গাণুর অপর নাম লিপোকন্ড্রিয়া?
**উত্তর:** গলগি বডি
- স্বাধীনতালাভের সময় জাতীয় কংগ্রেসের সভাপতি কে ছিলেন?
**উত্তর:** জে বি কৃপালনী
- যখন হর্ষবর্ধন সিংহাসনে বসেন তখন কোন দুই রাজ্য একত্রিত হয়েছিল?
**উত্তর:** কনৌজ ও দাক্ষিণাত্য
- সাতবাহন বংশের সর্বাপেক্ষা বিখ্যাত শাসক কে ছিলেন?
**উত্তর:** গৌতমীপুত্র সাতকর্ণী
- ব্রাজিলের বিখ্যাত 'ক্যাম্পোস' হল:
**উত্তর:** ক্রান্তীয় তৃণভূমি
- পৃথিবীর সবথেকে ভিতরের স্তরটি কী দ্বারা গঠিত?
**উত্তর:** নিকেল ও আয়রন

WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET___পর্যালোচনা
GK+GI+GS+CA



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## পড়াশোনার মধ্যে থাকলে পদোন্নতি এবং মানসিক উন্নতি দুই-ই সহজ হয়



চন্দ্রিমা গঙ্গোপাধ্যায়
রোবোটিক্স প্রসেস অটোমেশন
এরিকসন (বহুজাতিক তথ্যপ্রযুক্তি সংস্থা)

তুমি কী হতে চাও, সেটা পুরোপুরি তোমার সিদ্ধান্ত। তা নিয়ে লোকের মতামতের খুব গুরুত্ব থাকতে পারে কি? জীবনে সাফল্যের রাস্তা কখনওই ধরাবাঁধা ছক মেনে চলে না। স্কুল বা কলেজে পড়ার সময় যে পড়াশোনায় দারুণ সফল ছিল, পরবর্তী জীবনে প্রায়শ দেখা যায় সে হয়ত সাধারণ চাকরি করছে। আর, যে আক্ষরিক অর্থেই ছিল লাস্ট বেঞ্চার, সে পৃথিবী-বিখ্যাত সংস্থায় কর্মরত।

টেকনিক্যাল জ্ঞান বা উচ্চশিক্ষা থাকলে তবেই উন্নতি হবে, এও কিন্তু সব ক্ষেত্রে ঠিক নয়। সবচেয়ে জরুরি দুটো বিষয়— তুমি কীসে ভালো আর তুমি নিজে কী চাইছ। এই দুটো বিষয় সম্পর্কে নিজের কাছে যদি স্পষ্টতা থাকে, তাহলে পরিকল্পনা মাফিক সে পথে এগোনোই ভালো। অন্যরা কী ভাবল, সে নিয়ে ভেবে সময় নষ্ট কোরো না। এই ভাবনাটাই সংশয় আর দোলাচলে ফেলে দেয়। এগোনোর রাস্তাটা আটকে দাঁড়ায়।

### নিজেকে তৈরির জন্য ইচ্ছেটাই আসল

এখন চাকরির বাজারটা খোলা-বাজার। কাজের ধরনও খুব দ্রুত বদলাচ্ছে। যেমন, ডিজিট্যাল কাজের বাজার বাড়ছে, কাস্টমার ইন্টার‍্যাকশনের খুব চাহিদা, কনসাল্টিং বিজনেসের বাজার খুব ভালো এখন। কোন পেশায় তোমার আগ্রহ, সেটা বুঝে প্রয়োজন অনুযায়ী স্বল্প মেয়াদের টেকনিক্যাল কোর্স করে নাও। এগুলো খুব কাজে লাগে। সরকারি-বেসরকারি স্তরে বহু সংস্থা এরকম কোর্স করিয়ে থাকে। তবে, কথোপকথনের ক্ষমতা বা কমিউনিকেশন পাওয়ার যে-কোনও চাকরির যে-কোনও স্তরে এখন সবচেয়ে গুরুত্বপূর্ণ।

প্রথম সুযোগেই দারুণ একটা চাকরি পেয়ে যাবে— এমন আশা না করাই ভালো। আবার ভালো চাকরি কবে হবে সেই আশায় কিছু না করে বাড়িতে বসে থাকাটাও ততোধিক খারাপ। প্রথম কয়েকটা ইন্টারভিউয়ে ব্যর্থ হলেই হতাশ হয়ে পড়ো না। বরং নিজেকে বিশ্লেষণ করো। খামতির জায়গাগুলোকে মেরামত করে ফেলো।

এখন নিজেকে প্রস্তুত করার জন্য একাধিক উপায় রয়েছে সামনে। বই পড়ো, খবরের কাগজ খুঁটিয়ে পড়ো, অনলাইন টক শো দেখো, সব জায়গাতেই অনেক নতুন কথা, নতুন তথ্য, নতুন শব্দের খোঁজ পাবে। ফোনে কোনও ডিকশনারি অ্যাপ রাখো। নতুন কোনও ইংরেজি শব্দ পেলেই একবার দেখে নাও তার অর্থ। আমি নিজে এখনও এভাবে শিখি। নিজেকে আপডেট রাখতে এখনও মাঝেমধ্যেই নতুন কোনও কোর্স করে নিই। পড়াশোনার মধ্যে থাকলে পদোন্নতি এবং মানসিক উন্নতি দুইই সহজ হয়।

### ইন্টারভিউগুলোও একেকটা কোর্স

ক্রিকেট খেলোয়াড়দের লক্ষ করলে দেখবে, সবাই সব রকম স্ট্রোক খেলতে স্বচ্ছন্দ নন। কিন্তু যেখানে ভালো সেইখানেই তিনি সেরা। ইন্টারভিউয়ের সময় তোমারও লক্ষ থাকবে নিজের ভালো স্ট্রোকটা খেলার।

ধরা যাক তুমি গল্পের বই পড়তে ভালোবাসো না, কিন্তু হবিতে সেটাই লিখলে বা ইন্টারভিউয়ারের সামনে বললে। আর ঠিক এইখানেই নিজের বিপদ নিজেই ডেকে আনলে। প্রশ্ন আসবে কোন বই শেষ পড়েছ? সেটা হয়তো বলে দিলে, তখন প্রশ্ন আসবে কোন চরিত্র ভালো লেগেছে? তাও হয়তো বললে। এবার যেই পরের প্রশ্নে জিজ্ঞেস করা হবে 'কেন ওই চরিত্রটা ভালো লেগেছে', তুমি বলতে পারবে না, কারণ গল্পটা তোমার ভালোভাবে পড়া নেই। এর জন্য যে কাজটা সবচেয়ে ভালো পারো বলে আত্মবিশ্বাস আছে, সেটাই জানাবে।

এক কথায়, তুমি সেটাই বলো, যা তুমি নিজে। দুনিয়া তোমাকে যেভাবে দেখতে চাইছে সেটা হওয়ার চেষ্টা কোরো না।

এছাড়াও, স্পোর্টসম্যান স্পিরিট থাকা খুব জরুরি। হারকে সহজভাবে নিতে জানলে তবেই জীবন সহজ হবে। যে-কোনও খেলাধুলার সঙ্গে জড়িয়ে থাকতে চেষ্টা করো সবসময়। নিদেনপক্ষে পাড়ায় ব্যাডমিন্টন খেললেও চলবে।

### লড়াই করার মানসিকতা চাই

অনেককে দেখেছি নামী বহুজাতিক সংস্থায় সুযোগ পেয়েছে, কিন্তু অনেকক্ষণ অফিসে থাকতে হয় বলে ছেড়ে দিয়েছে। এতে শুধুমাত্র তোমারই ক্ষতি। নাইট শিফটে মেয়েরা যাবে না, দেরিতে ছুটি হলে মেয়েরা কাজ করবে না— এই সামাজিক জড়তাগুলোর বাইরে বেরোতে হবে। নিরাপত্তা নিশ্চয়ই একটা বড় ব্যাপার। সেটার ব্যবস্থা যাতে থাকে সেজন্য যথাসম্ভব উদ্যোগী হতেই হবে। রাস্তায় নামলে দেখবে তোমার পাশে অনেকেই রয়েছে। ঘরে-বাইরে লড়াইটা তোমাকেই লড়তে হবে। সেই মানসিকতাটাও তোমার মধ্যে থাকতে হবে।

মুশকিল হল, আমরা সমস্যাটাই কেবল দেখি, সেটা নিয়েই ভাবি, সমাধান খুঁজি কম। তোমাকে সমাধানের রাস্তাটা বার করতে হবে।

## রাজ্যে ১৫ হাজার প্রাথমিক শিক্ষক

### পুরভোটের পরে বিজ্ঞপ্তি প্রকাশের সম্ভাবনা

**নিজস্ব প্রতিনিধি:** সামনেই রাজ্যের পুরভোট। ভোটের পালা সাঙ্গ হলেই টেট-এর মাধ্যমে প্রাথমিক শিক্ষক নিয়োগের প্রক্রিয়া শুরুর যথেষ্ট সম্ভাবনা রয়েছে। সূত্রের খবর, ১৫ হাজারেরও বেশি শূন্যপদে প্রাথমিক শিক্ষক নিয়োগের সম্ভাবনা রয়েছে। এ প্রসঙ্গে শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় জানিয়েছেন, প্রাথমিক স্কুলগুলিতে দ্রুত শিক্ষক নিয়োগের উদ্যোগ নিচ্ছে শিক্ষা দপ্তর। টেট-এর মাধ্যমে নিয়োগ হবে।

স্কুলশিক্ষা দপ্তর সূত্রের খবর, পুজোর আগেই নিয়োগের প্রক্রিয়া মিটিয়ে ফেলার চেষ্টা করা হবে।

উল্লেখ্য, ২০১৭-য় কয়েক হাজার শূন্যপদে প্রাথমিক শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছিল। কয়েক লক্ষ আবেদনপত্রও জমা পড়েছিল। কিন্তু শূন্যপদ-সংক্রান্ত জটিলতার কারণে শেষপর্যন্ত পরীক্ষা আয়োজিত হয়নি। এখনও পর্যন্ত শিক্ষা দপ্তর সূত্রে খবর, ২০১৭ সালের বিজ্ঞপ্তি অনুসারে যাঁরা আবেদন করেছিলেন তাঁদের আর নতুন করে আবেদন করতে হবে না। তবে নতুন প্রার্থীদের জন্য আবেদন করার সুযোগ থাকবে। সাধারণ শিক্ষাগত যোগ্যতার সঙ্গে ডি এল এডের মতো শিক্ষক শিক্ষণের যোগ্যতা থাকলে তবেই আবেদন করা যাবে। পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাইয়ের দায়িত্বে থাকবে প্রাথমিক শিক্ষা পর্ষদ। নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করবে পর্ষদই।

## রাজ্যে ১২ হাজার নার্স, ডাক্তার, মেডিক্যাল টেকনোলজিস্ট

**নিজস্ব প্রতিনিধি:** স্বাস্থ্য ক্ষেত্রে বড়সড় নিয়োগের উদ্যোগ নিল রাজ্য সরকার। ডাক্তার, নার্স, মেডিক্যাল টেকনোলজিস্ট-সহ প্রায় ১২ হাজার কর্মী নিয়োগের পরিকল্পনা কার্যকর করতে চলেছে স্বাস্থ্যভবন। এর মধ্যে ৯ হাজারের বেশি নার্স, ১৫০০ মেডিক্যাল অফিসার তথা ডাক্তার এবং ৮০০-র বেশি মেডিক্যাল টেকনোলজিস্ট নিয়োগের পরিকল্পনা রয়েছে। ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ডসূত্রে এই খবর পাওয়া গেছে। বোর্ডের তরফে জানানো হয়েছে, নার্স ও ডাক্তার নিয়োগের বিজ্ঞপ্তি দ্রুত প্রকাশের যথেষ্ট সম্ভাবনা রয়েছে।

## স্কুল সার্ভিস: শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় বদল আনা হল

**নিজস্ব প্রতিনিধি:** উচ্চ প্রাথমিক থেকে উচ্চমাধ্যমিক, সব স্তরেই শিক্ষক নিয়োগের পদ্ধতিতে বদল ঘটাচ্ছে রাজ্য সরকার। এখন থেকে প্রার্থী বাছাই হবে শুধু লিখিত পরীক্ষার মাধ্যমে। ইন্টারভিউ, কাউন্সেলিং হবে না। প্যানেল তৈরির ক্ষেত্রে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রাপ্ত নম্বরও গণ্য হবে না। অর্থাৎ শুধু লিখিত পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতেই নিয়োগের প্যানেল তৈরি হবে। নতুন নিয়মের কথা জানিয়ে গেজেট বিজ্ঞপ্তিও প্রকাশ করেছে রাজ্য সরকার।

নতুন বিজ্ঞপ্তি অনুসারে, উচ্চ প্রাথমিক, নবম-দশম ও একাদশ-দ্বাদশে শিক্ষকতার জন্য আলাদা পরীক্ষা আয়োজিত হবে না। এখন থেকে একটিই লিখিত পরীক্ষার ব্যবস্থা থাকবে। শিক্ষাগত যোগ্যতা অনুসারে প্রার্থী যে-কোনও একটি স্তর বা চাইলে সবক'টি স্তরের জন্য পরীক্ষা দিতে পারবেন। লিখিত পরীক্ষা হবে দু'টি ধাপে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, স্কুলশিক্ষা দপ্তরের সঙ্গে আলোচনা করে স্কুল সার্ভিস কমিশনকে ক্যাটাগরি অনুসারে শূন্যপদের কথা জানাবে মধ্যশিক্ষা পর্ষদ। পরীক্ষার পরে চাকরিপ্রার্থীদের উত্তরপত্র তিন বছর পর্যন্ত সংরক্ষিত হবে।

নিয়োগ প্রক্রিয়ার দীর্ঘসূত্রিতা এড়াতে এবং স্বচ্ছতার সঙ্গে নিয়োগের প্রক্রিয়া কার্যকর করার লক্ষ্যেই নতুন ব্যবস্থা নেওয়া হয়েছে বলে রাজ্য সরকারের তরফে জানানো হয়েছে।

## ডিজিটাল প্রযুক্তির কর্মশালা

### নিখরচায় অংশগ্রহণের সুযোগ

**নিজস্ব প্রতিনিধি:** ছোট-মাঝারি ব্যবসায় ডিজিটাল প্রযুক্তির প্রয়োগ-সংক্রান্ত একটি কর্মশালার আয়োজন করা হচ্ছে এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে (ই ডি আই)। 'অ্যাওয়ারনেস প্রোগ্রাম অন ডিজিটাল এম এস এম ই' শীর্ষক অনুষ্ঠানটি আয়োজিত হবে ৬ মার্চ, বেলা ১১টা থেকে ৪টে পর্যন্ত। অংশগ্রহণের জন্য কোনও ফি নেই। অনলাইনে উদ্যোগ আধার মেমোরেন্ডাম, জি এস টি রেজিস্ট্রেশন, গভর্নমেন্ট ই-মার্কেটপ্লেসের সুবিধা গ্রহণ, বিভিন্ন বিজনেস সলিউশন সফটওয়্যারের ব্যবহার, ডিজিটাল মার্কেটিং ও ই-কমার্স প্রযুক্তির ব্যবহার ইত্যাদি সম্পর্কে জানাবেন বিশেষজ্ঞরা। উদ্যোগ আধার রেজিস্ট্রেশন আছে এমন ব্যবসায়িক সংস্থার মালিক বা অনুমোদিত প্রতিনিধিরা কর্মসূচিতে অংশ নিতে পারবেন। অংশগ্রহণের জন্য একটি [illegible] পাঠাতে হবে এই ই-মেলে: edikolkata.bncci@gmail.com [illegible] ওয়েবসাইটে: www.edikolkata.org ফোন: ২৩৩৫ [illegible] ২৫৮, ৮৯০২০-৩৩৭৯৯।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

shine.com

Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA

Companies Recruiting This Week

Crowdlink Staffing
Company: Crowdlink Staffing
Position Title: Sales Manager
Experience, Location: 1-6 year, Kolkata, Bhubaneswar, Ranchi, Patna, Guwahati
Profile: VACANCY FOR DIPLOMA/B.TECH fresher Candidates as a Supervisor (Male/female), Salary - 15k to 25k & accommodation for Outstation. Location - Howrah,Hooghly, Kharagpur,Bhubaneswar, Surat. For more details Call HR @ 9874440217 / 8240584749 Email ID: hrd.crowdlinkindia@gmail.com
To apply for this job, log on to www.shine.com

Siemens Limited
Company: Siemens Limited
Position Title: Senior Executive Product & Solution Sales
Experience, Location: 3 to 7 Yrs, Kolkata
Profile: Support in implementing effective Solution partner and Distribution partner program in the Eastern region and the near by cities as a part of Tier-3 city development. Focus on channel development ( RSL / VAP) in the region and to meet all the techno commercial requirements of New VAP/RSL Channel and End customers in the region.
To apply for this job, log on to www.shine.com and search using 10660775 as keyword.

Aviation Connect
Company: Aviation Connect
Position Title: Air Hostress & Ground staff
Experience, Location: Both Fresher & Experience, Kolkata, Bhubaneswar & Delhi
Profile: Aviation connect provide 100% placement to our students after completion of the courses or workshop Age : 16years to 27 years, Education : Min Higher Secondary, Salary : 11,000-34,000/Month, Fresher may apply call on 9051941467/8334803710 2 & also Apply to : info@aviationconnect.in
To apply for this job, log on to www.shine.com

Electrobrain Modern Technologies private Limited
Company: Electrobrain Modern Technologies Pvt Ltd.
Position Title: Cluster Manager
Experience, Location: 2 to 7 Yrs, Kolkata
Profile: Represent the company as frontline Manager in the assigned territory which is away from branch location city.Creating intermediaries as IRDA licensed agents postidentifications of individuals, motor dealers, DSA or anyothers who can qualify regulations.Ensure familiarization of company's product, policies & sales.
To apply for this job, log on to www.shine.com and search using 10638879 as keyword.

SUPRO INFO SOLUTIONS PRIVATE LIMITED
Company: SUPRO INFO SOLUTIONS PRIVATE LIMITED
Position Title: Sales & Marketing Manager
Experience, Location: 2 to 5 Yrs, Kolkata
Profile: Roles and responsibilities for Business Development Manager:Target setting and achieving targets on monthly and annual basis. Guiding the team to sell the products in the market.Collaborate with design and sales teams to ensure that requirements are met. Maintain relationships with current clients and identify new prospects within the area you have been assigned. Recruitment of Team, Field calls and visits with team.
To apply for this job, log on to www.shine.com and search using 10669251 as keyword.

Creamson Intelli Academy
Company: Creamson Intelli Academy
Position Title: Digital Ad Sales
Experience, Location: 3 to 5 Yrs, Kolkata
Profile: Should be able to manage Search and Display campaigns.Exposure to and hands on experiance managing AdWords retargeting/re- marketing campaigns is a must.Should be well versed in implementing ad- extensions like Call- Outs, Sitelinks, Structured Snippets, etc.Proficiency in running ads, maintaining landing pages.
To apply for this job, log on to www.shine.com and search using 10291051 as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203

shine.com
Great careers start here

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

শেষ মুহূর্তের মহড়া

পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার ৩ সেট নমুনা প্রশ্নোত্তর

পরীক্ষা ৮ মার্চ

#### প্রথম সেট

1. যে প্রক্রিয়ায় কোনও ভারী নিউক্লিয়াসকে মোটামুটি দু'টি সমান ভাগে ভাগ করার সঙ্গে সঙ্গে শক্তির নিঃসরণ হয়, তাকে বলে:
(a) ট্রান্সমিউটেশন (b) ফিসন (c) ফিউসন (d) ইমপ্লোশান
2. ইউরেনিয়ামের দু'টি আইসোটোপ 235 U ও 238U-এর:
(a) প্রোটন সংখ্যা সমান (b) নিউট্রন সংখ্যা সমান (c) ইলেকট্রন সংখ্যা ভিন্ন (d) প্রোটন ও নিউট্রন সংখ্যা সমান
3. গ্যাস-অণুগুলির গড় গতিবেগ বলতে গ্যাসের অণুগুলির গড় বর্গবেগের বর্গমূল মানকে বোঝায়— উক্তিটি:
(a) ঠিক (b) ভুল (c) বলা সম্ভব নয় (d) কোনওটিই নয়
4. পরম উষ্ণতা ও সেলসিয়াস স্কেলের উষ্ণতার সম্পর্ক কী?
(a) সেলসিয়াস স্কেলের উষ্ণতা = পরম উষ্ণতা + 273 (b) সেলসিয়াস স্কেলের উষ্ণতা = পরম উষ্ণতা + 100 (c) পরম উষ্ণতা = সেলসিয়াস স্কেলের উষ্ণতা + 100 (d) পরম উষ্ণতা = সেলসিয়াস স্কেলের উষ্ণতা + 273
5. $6.023 \times 10^{23}$টি অক্সিজেন অণুর ওজন কত?
(a) 8 গ্রাম (b) 16 গ্রাম (c) 32 গ্রাম (d) 48 গ্রাম
6. Mach নাম্বার কীসের গতির সঙ্গে সম্পর্কযুক্ত?
(a) শব্দ (b) জাহাজ (c) বিমান (d) মহাকাশযান
7. Shock wave সৃষ্টি হয় কোন কারণে?
(a) বাতাস বন্ধ হলে (b) মাইক বাজলে (c) ঝড় হলে (d) সুপারসনিক বিমান গেলে
8. নীচের কোনটি তড়িৎচুম্বকীয় আবেশের ওপর নির্ভর করে না:
(a) বৈদ্যুতিক পাখা (b) টেলিফোন যন্ত্র (c) কার্বন মাইক্রোফোন (d) ডায়নামো
9. কী ধরনের বস্তুর প্রতিবিম্বের পার্শ্ব পরিবর্তন হবে?
(a) প্রতিসম বস্তুর (b) দীর্ঘ বস্তুর (c) খর্ব বস্তুর (d) অপ্রতিসম বস্তুর
10. মাইকা হল:
(a) তাপের সুপরিবাহী ও বিদ্যুতের সুপরিবাহী (b) তাপের সুপরিবাহী ও বিদ্যুতের কুপরিবাহী (c) তাপের কুপরিবাহী ও বিদ্যুতের সুপরিবাহী (d) তাপের কুপরিবাহী ও বিদ্যুতের কুপরিবাহী
11. m ভরের বস্তুকণা, r ব্যাসার্ধের বৃত্তপথে v দ্রুতি নিয়ে পরিভ্রমণ করলে, ওর অভিকেন্দ্র বল:
(a) $\frac{mr^2}{v}$ (b) $\frac{m^2}{v}$ (c) $\frac{vr^2}{m}$ (d) $\frac{mv^2}{r}$
12. যৌন দ্বিরূপতাবিহীন প্রাণীটি হল:
(a) ময়ূর (b) কেঁচো (c) মাছ (d) ব্যাঙ
13. ইংল্যান্ডের এডিনবার্গে দশম Botanical Congress কত সালে হয়?
(a) 1964 (b) 1960 (c) 1961 (d) 1965
14. অসম্পূর্ণ প্রকটতা দেখা যায় এমন একটি উদ্ভিদ:
(a) স্ন্যাপড্রাগন (b) পিসাম স্যাটিভাম (c) ওপাম স্যাটিভাম (d) কোনওটিই নয়
15. নারীদেহে জরায়ুকণ্ঠ বৃদ্ধি করে কোন হরমোন?
(a) ইস্ট্রোজেন (b) প্রোজেস্টেরন (c) রিল্যাক্সিন (d) GTH
16. নীচের কোনটি মাইক্রো বা ট্রেস বা স্বল্পমাত্রিক উপাদান?
(a) B (b) C (c) S (d) Mg
17. ক্যাটেকোলামাইন হরমোনটি হল:
(a) STH (b) অ্যাড্রিনালিন (c) ইনসুলিন (d) থাইরক্সিন
18. শিশুদের মানসিক বিকাশে আবশ্যিক হরমোন হল:
(a) থাইরক্সিন (b) ইনসুলিন (c) ভাসোপ্রেসিন (d) অ্যাড্রিনালিন
19. টাইপ I ডায়াবেটিস-এর অন্য নাম:
(a) জুভেনাইল ডায়াবেটিস (b) মেলিটাস ডায়াবেটিস (c) ইনসুলিন ডায়াবেটিস (d) গ্লুকাগণ ডায়াবেটিস
20. SA নোড থেকে উৎপন্ন স্পন্দন হল মিনিটে:
(a) 80-90টি (b) 70-80টি (c) 75-85টি (d) 90-100টি
21. ভিটামিন $B_{12}$-এর অভাবে কোন রোগ হয়?
(a) পারনিসিয়াস অ্যানিমিয়া (b) অ্যাপলাস্টিক অ্যানিমিয়া (c) সিকল সেল অ্যানিমিয়া (d) নর্মোসাইটিক অ্যানিমিয়া
22. ভিটামিন D তৈরি হয় কী থেকে?
(a) অ্যামিনো অ্যাসিড (b) আর্টোস্টেরল (c) ফ্যাটি অ্যাসিড (d) কোলেস্টেরল
23. ভিটামিন নামকরণটি নীচের কোন বিজ্ঞানী করেন?
(a) সি ফাঙ্ক (b) ডি ফাঙ্ক (c) জি ফাঙ্ক (d) এম ফাঙ্ক
24. স্মোক বোমা তৈরি করতে নীচের কোনটি ব্যবহৃত হয়?
(a) সালফার (b) ফসফরাস (c) কার্বন (d) হাইড্রোজেন
25. জলের স্থায়ী খরতা কার উপস্থিতিতে হয়?
(a) ক্যালশিয়াম কার্বনেট (b) সোডিয়াম কার্বনেট (c) ক্যালশিয়াম সালফেট (d) ম্যাগনেশিয়াম বাই-কার্বনেট
26. ক্যামেরার ফিল্মে থাকে:
(a) সিলভার সায়ানাইড (b) সিলভার ক্লোরাইড (c) সিলভার ব্রোমাইড (d) সিলভার নাইট্রেট
27. নীচের ক্ষুদ্র কণাগুলির (Particles) মধ্যে কোনটির ভর সবচেয়ে কম?
(a) ইলেকট্রন (b) মেসন (c) নিউট্রন (d) প্রোটন
28. কর্পূরকে সহজেই বিশুদ্ধ করার জন্য কোন প্রক্রিয়ার সাহায্য নেওয়া যেতে পারে?
(a) সাবলিমেশন (b) সেডিমেন্টেশন (c) ডিস্টিলেশন (d) ক্রিস্টালাইজেশন
29. একটি P টাইপ অর্ধ পরিবাহীতে প্রধান তড়িৎপ্রবাহ বহনকারী হল:
(a) ধনাত্মক আয়ন (b) ধনাত্মক হোল (c) ইলেকট্রন (d) ঋণাত্মক আয়ন
30. MRI-এর পুরো কথাটি কী?
(a) ম্যাগনেটিক রেজনেন্স ইমেজিং (b) মাল্টি রিফ্যাক্টিভ ইনডেক্স (c) মেমরি অ্যান্ড রিফ্রেক্স ইন্ডেক্স (d) ম্যাগনেটিক রেজিস্টেন্স ইমেজ
31. বল-পয়েন্ট পেন কে আবিষ্কার করেন?
(a) জেমস পেরি (b) ওয়াটারম্যান (c) জন মিশেল (d) নাজলো জিরো
32. মারাঠা পেশোয়াদের মধ্যে কে 'হিন্দুপাদ-পাদশাহি'র আদর্শ অনুসরণ করেছিলেন?
(a) প্রথম বাজিরাও (b) বালাজি বিশ্বনাথ (c) নারায়ণ রাও (d) মাধব রাও
33. 1887 সালে কে ইন্ডিয়ান ন্যাশনাল সোশ্যাল কংগ্রেস স্থাপন করেন?
(a) গোপালকৃষ্ণ গোখলে (b) রাজা রামমোহন রায় (c) এম জি রানাডে (d) বাল গঙ্গাধর তিলক
34. কমিউনিস্ট ইন্টারন্যাশনালের নেতৃত্ব গ্রহণের জন্য কোন ভারতীয় প্রথম নির্বাচিত হয়েছিলেন?
(a) এম এন রায় (b) এস এ ডাঙ্গে (c) পি সি জোশী (d) মোহন সিং জোশী
35. বঙ্গভঙ্গের পর নবগঠিত পূর্ববঙ্গের প্রথম গভর্নর কে ছিলেন?
(a) র‍্যামফিল্ড ফুলার (b) লর্ড হার্ডিঞ্জ (c) লর্ড ওয়াভেল (d) টেগার্ট
36. 'মিলে সবে ভারত সন্তান'— এই বিখ্যাত গানটি কে রচনা করেছেন?
(a) নজরুল ইসলাম (b) সত্যেন্দ্রনাথ ঠাকুর (c) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় (d) অতুল প্রসাদ
37. সরকারিভাবে ভারতে পাশ্চাত্য শিক্ষার প্রবর্তন কত সালে হয়?
(a) 1835 সালে (b) 1858 সালে (c) 1840 সালে (d) 1851 সালে
38. ঊনবিংশ শতাব্দীতে নিম্নলিখিত ব্যক্তিদের মধ্যে কে হিন্দু ধর্মকে নবপ্রাণে উদ্বুদ্ধ করতে সক্রিয় হয়েছিলেন?
(a) স্বামী বিবেকানন্দ (b) গুরু শঙ্করাচার্য (c) শ্রী শ্রী রামকৃষ্ণ (d) স্বামী দয়ানন্দ
39. কোন ইতিহাসবিদ ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠার ঘটনাকে বর্ণনা করেছেন হিউম ও ডাফরিনের ষড়যন্ত্রের ফলশ্রুতি হিসেবে?
(a) রজনী পাম দত্ত (b) এম এন রায় (c) যদুনাথ সরকার (d) রমেশচন্দ্র মজুমদার
40. পরিকল্পনা কমিশনের প্রথম চেয়ারম্যান কে ছিলেন?
(a) মৌলানা আবুল কালাম আজাদ (b) জওহরলাল নেহরু (c) বল্লভভাই প্যাটেল (d) বি আর আম্বেদকর
41. ভারতে স্বাধীনতালাভের সময় ইংল্যান্ডের প্রধানমন্ত্রী কে ছিলেন?
(a) ক্লিমেন্ট এটলি (b) চার্চিল (c) লর্ড ওয়াভেল (d) আরউইন
42. পৃথিবীর কোন দেশকে 'পৃথিবীর ক্ষুদ্র প্রতিরূপ' (Epitome of the World) আখ্যা দেওয়া হয়?
(a) সুইৎজারল্যান্ড (b) ভারত (c) জাপান (d) শ্রীলঙ্কা
43. ভারতের ব্যারেন দ্বীপে পর্বত দেখা যায়:
(a) সঞ্চয়জাত (b) ক্ষয়জাত (c) ভঙ্গিল (d) স্তূপ পর্বত
44. কোনটির আরেক নাম 'বরফের চাদর'?
(a) হিমশৈল (b) মহাদেশীয় হিমবাহ (c) পর্বত পাদদেশের হিমবাহ (d) উপত্যকা হিমবাহ
45. 'রাজা', রোরার (Roarar), রকেট (Rocket) ও রানি এই চারটি নাম কীসের সঙ্গে যুক্ত?
(a) যোগ জলপ্রপাত (b) সিয়াচেন হিমবাহ (c) গঙ্গা নদীর পার্বত্য প্রবাহ (d) কালবৈশাখী
46. কঙ্গো উপত্যকার অতিশয় খর্বাকৃতি লোকেদের কী বলা হয়?
(a) ইয়াকুট (b) মাসাই (c) পিগমি (d) কাজাক
47. নীচের ইউরোপীয় দেশগুলির মধ্যে কোথায় দু'শোরও বেশি আগ্নেয়গিরি আছে, যেগুলির মধ্যে অনেকগুলিই এখনও সক্রিয়?
(a) নরওয়ে (b) আয়ারল্যান্ড (c) আইসল্যান্ড (d) ফিনল্যান্ড
48. ইউরোপের ক্রীড়াভূমি (Playground) কাকে বলে?
(a) বেলজিয়াম (b) গ্রিস (c) ইতালি (d) সুইৎজারল্যান্ড
49. জাহাজ নির্মাণ শিল্পে বিশ্বে প্রথম স্থান কোন দেশের?
(a) স্কটল্যান্ড (b) জাপান (c) ফ্রান্স (d) চিন
50. যুদ্ধের জন্য বিখ্যাত ওয়াটারলু কোথায়?
(a) বেলজিয়াম (b) ইংল্যান্ড (c) জার্মানি (d) পোল্যান্ড
51. ভূমধ্যসাগরের চাবি হিসেবে কোনটি পরিচিত?
(a) জিব্রাল্টার (b) সুয়েজখাল (c) পোর্তুগাল (d) সিসিলি
52. 'সহস্র হ্রদের দেশ' নামে কোন দেশ পরিচিত?
(a) মালয়েশিয়া (b) স্কটল্যান্ড (c) ফিনল্যান্ড (d) হল্যান্ড
53. কোন শহরের প্রাচীন সংস্কৃত নাম ছিল কুসুমপুর ও পুষ্পপুর?
(a) লখনউ (b) পাটনা (c) বেঙ্গালুরু (d) ভোপাল
54. আমেরিকা যুক্তরাষ্ট্রে যে সব প্রশস্ত রাস্তায় যানবাহন কেবলমাত্র নির্দিষ্ট একইদিকে চলতে পারে, সেইসব রাস্তাকে কী বলে?
(a) হাইওয়ে (b) সুপার ওয়ে (c) মোটেল (d) ব্রডওয়ে
55. কলকাতায় পাতাল রেল প্রথম কত সালে চালু হয়?
(a) 1990 (b) 1992 (c) 1984 (d) 1988
56. লালমুখ বানর কোথায় দেখা যায়?
(a) সুন্দরবন (b) বেথুয়াডহরি অভয়ারণ্য (c) আলিপুরদুয়ার (d) জলদাপাড়া
57. 'গৌড়' কোন জেলার প্রাচীন নাম?
(a) নদিয়া (b) মালদা (c) দিনাজপুর (d) বাঁকুড়া
58. পশ্চিমবঙ্গের কোন নদীকে ত্রাসের নদী (River of horrors) বলে?
(a) জলঢাকা (b) দামোদর (c) রূপনারায়ণ (d) তিস্তা
59. কোন তিনটি গ্রাম নিয়ে কলকাতা শহরের পত্তন হয়?
(a) সুতানটি, বেহালা, গোবিন্দপুর (b) সুতানটি, কলকাতা, গোবিন্দপুর (c) বরানগর, কালীঘাট, ভবানীপুর (d) সুতানটি, কালীঘাট, গোবিন্দপুর
60. মার্বেল রক কোন শহরের কাছে অবস্থিত?
(a) ইন্দোর (b) জয়পুর (c) জব্বলপুর (d) গোয়ালিয়র
61. ভারতে কত সালে 'জাতীয় সংহতি পরিষদ' (National Integration Council) গঠন করা হয়েছিল?
(a) 1986 সালে (b) 1988 সালে (c) 1990 সালে (d) 2000 সালে
62. দুই বা ততোধিক রাজ্যের জন্য একটি সাধারণ হাইকোর্ট কে গঠন করতে পারেন?
(a) রাজ্যপাল (b) রাষ্ট্রপতি (c) পার্লামেন্ট (d) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি
63. রাজ্যসভা কোনও অর্থ বিলকে তার বিবেচনার জন্য কতদিন ধরে রাখতে পারে?
(a) 10 দিন (b) 12 দিন (c) 14 দিন (d) 15 দিন
64. ভারতীয় সংবিধানের কোন অংশে জনকল্যাণকামী রাষ্ট্রের (Welfare State) আদর্শটি প্রতিফলিত হয়েছে?
(a) Part-II (b) Part-III (c) Part-IV (d) Part-IV-A
65. জেলাশাসকদের চাকরির শর্তাবলি কার দ্বারা নির্ধারিত হয়?
(a) কেন্দ্রীয় সরকার (b) রাজ্য সরকার (c) স্থানীয় প্রশাসন (d) কোনওটিই নয়
66. 1986 সালে ইউনিয়ন বাজেটে 'MODVAT' কথাটি প্রথম প্রচলিত হয়। এটি আসলে কী?

এরপর উনিশের পাতায়

স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

## কেন্দ্রীয় সরকারে গ্রুপ-সি 'মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

পরীক্ষা ১৬ থেকে ২৬ মার্চ

*গত সংখ্যার পর*

**Maths**

51. If an angle is its own compelmentary angle, then its measurement is:
(a) $90^\circ$ (b) $80^\circ$ (c) $45^\circ$ (d) $60^\circ$
52. A train 100 m long is running at a speed of 120 km/h. The time taken to pass a person standing near the line, is:
(a) 5 sec (b) 7 sec (c) 3 sec (d) 1 sec
53. G is the centroid of $\Delta$ ABC. If AG = BC, then measurement of $\angle BGC$ is:
(a) $120^\circ$ (b) $45^\circ$ (c) $60^\circ$ (d) $90^\circ$
54. The ratio of present ages of P and Q is 7 : 9. Before 10 years the ratio of their ages was 5 : 7. What is Q's present age?
(a) 25 years (b) 55 years (c) 45 years (d) 35 years
55. If $x - \frac{1}{x} = 4$, then $\left(x + \frac{1}{x}\right) = ?$
(a) $4\sqrt{5}$ (b) $5\sqrt{2}$ (c) $2\sqrt{5}$ (d) $4\sqrt{2}$
56. A and B can do a piece of work in 10 days. B and C can do it in 12 days. A and C can do it in 15 days. How long will A take to do it alone?
(a) 30 days (b) 24 days (c) 20 days (d) 40 days
57. The number of perfect square numbers between 50 and 1000 is:
(a) 24 (b) 23 (c) 22 (d) 21
58. To cover a distance of 81 km in 1.5 hours, what should be the average speed of the car?
(a) 12 m/s (b) 9 m/s (c) 15 m/s (d) 10 m/s
59. A boat goes 20 km downstream in 1h and the same distance upstream in 2h. The speed of the boat in still water is:
(a) 5 km/h (b) 7.5 km/h (c) 10 km/h (d) 15 km/h
60. If $\frac{x}{2x^2 + 5x + 2} = \frac{1}{6}$ then $\left(x + \frac{1}{x}\right) = ?$
(a) $-\frac{1}{2}$ (b) $-2$ (c) $\frac{1}{2}$ (d) 2
61. A man walking with $\frac{3}{4}$ of his usual speed, reaches office 20 min late. His usual time is:
(a) 60 min (b) 70 min (c) 80 min (d) 50 min
62. If $a + \frac{1}{a-2} = 4$, then $(a-2)^2 + \left(\frac{1}{a-2}\right)^2 = ?$
(a) 4 (b) $-2$ (c) 2 (d) 0
63. Sita deposited ₹ 5000 at 10% simple interest for 2 years. How much more money will Sita have in her account at the end of 2 years, if it is compounded semi-annually?
(a) ₹ 85.50 (b) ₹ 50 (c) ₹ 40 (d) ₹ 77.50
64. The cost price of an article is 40% of the selling price. What per cent of the cost price is the selling price?
(a) 220% (b) 250% (c) 200% (d) 140%

**Answers**

51(c), 52(c), 53(d), 54(c), 55(c), 56(b), 57(a), 58(c), 59(d), 60(c), 61(a), 62(c), 63(d), 64(b).

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: এপ্সা কাঁড়ার

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

### পি এস সি-র মাধ্যমে

# মিসলেনিয়াস প্রিলিমিনারি

## পরীক্ষার ৩ সেট নমুনা প্রশ্নোত্তর

*আঠারোর পাতার পর*

(a) করযুক্ত সংশোধিত মূল্য (b) করযুক্ত সাধারণ মূল্য (c) ধার্য শুল্কযুক্ত সাধারণ মূল্য (d) ধার্য শুল্কযুক্ত সংশোধিত মূল্য

67. পশ্চিমবঙ্গে ভূমি অধিগ্রহণ আইনটি কত সালে প্রণীত হয়েছে?
(a) 1953 সালে (b) 1954 সালে (c) 1955 সালে (d) 1956 সালে

68. কোনটি সর্বাপেক্ষা উন্নত কর-ব্যবস্থা?
(a) আয়কর (b) বিক্রয়কর (c) বহিঃশুল্ক (d) অন্তঃশুল্ক

69. কোন ধরনের কর আয়বৈষম্য কমায়?
(a) Proportionate Tax (b) Progressive Tax (c) Regressive Tax (d) সবগুলি

70. 'ইকো মার্ক' কার সঙ্গে সম্পর্কিত?
(a) রপ্তানি দ্রব্য (b) আমদানি দ্রব্য (c) উত্তম গুণসম্পন্ন দ্রব্য (d) পরিবেশের পক্ষে নিরাপদ দ্রব্য

71. '6 বিলিয়ন দিবস' কোনটি?
(a) 12 ডিসেম্বর (b) 12 নভেম্বর (c) 12 অক্টোবর (d) 12 সেপ্টেম্বর

72. ভারতের সবচেয়ে পুরনো স্টক এক্সচেঞ্জ কোনটি?
(a) NSE (b) CSE (c) OTCEI (d) BSE

73. নিফটি (NIFTY) সূচক ক'টি কোম্পানির শেয়ারদর নির্দেশ করে?
(a) 40 (b) 60 (c) 30 (d) 50

74. DAX কোন দেশের শেয়ার-সূচক?
(a) UK (b) Germany (c) USA (d) France

75. ভারতের ক'টি শহরে বস্তি আছে? (2001 সালের গণনায়)
(a) 610 (b) 607 (c) 609 (d) 611

76. বার্ষিক 6% সরল সুদে কোনও টাকার 2 বছরের সুদ 300 টাকা হলে, একই সুদ এবং সময়ে ওই টাকার জটিল সুদ কত হবে?
(a) 310 টাকা (b) 308 টাকা (c) 307 টাকা (d) 309 টাকা

77. বার্ষিক 5% সরল সুদে কোনও নির্দিষ্ট সময়ে সুদ-আসল আসলের 6 গুণ হয়। ওই নির্দিষ্ট সময়ে বার্ষিক সুদের হার কত হলে সুদ-আসল আসলের 12 গুণ হবে?
(a) 10% (b) 12% (c) 9% (d) 11%

78. এক ব্যক্তি ব্যাঙ্কে বার্ষিক 5% সরল সুদে 2400 টাকা জমা রাখলেন। ওই টাকা থেকে 3000 টাকা দিয়ে একটি জিনিস কিনতে তাঁকে কত বছর অপেক্ষা করতে হবে?
(a) 2 বছর (b) $2\frac{1}{2}$ বছর (c) $3\frac{1}{2}$ বছর (d) 5 বছর

79. A বছরের শুরুতে 7500 টাকা নিয়ে ব্যবসা শুরু করার কয়েক মাস পরে B, 18000 টাকা নিয়ে ওই ব্যবসায় যোগ দেয়। বছরের শেষে দু'জনে সমান লভ্যাংশ পায়। B কত মাসের জন্য ব্যবসায় যোগ দিয়েছিল?
(a) 7 মাস (b) 5 মাস (c) 3 মাস (d) 4 মাস

80. স্রোতের অনুকূলে 36 কিলোমিটার পথ অতিক্রম করতে 3 ঘণ্টা এবং স্রোতের প্রতিকূলে 24 কিলোমিটার পথ অতিক্রম করতে 3 ঘণ্টা সময় লাগে। স্থির জলে নৌকার গতিবেগ ঘণ্টায় কত?
(a) 12 কিমি/ঘণ্টা (b) 10 কিমি/ঘণ্টা (c) 8 কিমি/ঘণ্টা (d) 6 কিমি/ঘণ্টা

81. একটি নৌকা স্রোতের প্রতিকূলে 30 মিনিটে যায় 2 কিলোমিটার এবং স্রোতের অনুকূলে 2 ঘণ্টা 20 মিনিটে যায় 14 কিলোমিটার। স্রোতের গতি ঘণ্টায় কত?
(a) 1 কিলোমিটার (b) 1.5 কিলোমিটার (c) 2 কিলোমিটার (d) 2.5 কিলোমিটার

82. একই গতিবেগে বিপরীত দিক থেকে আসা দু'টি ট্রেন, প্রতিটির দৈর্ঘ্য 135 মিটার হলে, একে অপরকে 18 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেন দু'টির গতিবেগ কত?
(a) 104 কিমি/ঘণ্টা (b) 27 কিমি/ঘণ্টা (c) 54 কিমি/ঘণ্টা (d) কোনওটিই নয়

83. দু'টি ট্রেন বিপরীত দিক থেকে যথাক্রমে 12 কিমি/ঘণ্টা এবং 6 কিমি/ঘণ্টা গতিবেগে আসে। যদি প্রথম ট্রেনটি দ্বিতীয় ট্রেনের একজন যাত্রীকে 10 সেকেন্ডে অতিক্রম করে, তবে প্রথম ট্রেনের দৈর্ঘ্য কত?
(a) 50 মিটার (b) 75 মিটার (c) 40 মিটার (d) 150 মিটার

84. রাম ঘণ্টায় 3 কিলোমিটার গতিতে অফিসে গেলে অফিস পৌঁছতে 15 মিনিট দেরি হয় এবং 4 কিলোমিটার গতিতে 15 মিনিট আগে অফিসে পৌঁছলে অফিসে পৌঁছনোর নির্দিষ্ট সময় কত?
(a) 1 ঘণ্টা (b) 1 ঘণ্টা 45 মিনিট (c) 2 ঘণ্টা 15 মিনিট (d) 2 ঘণ্টা

85. দু'জন ব্যক্তি দু'টি স্থান থেকে একে অপরের দিকে একই সময় যাত্রা শুরু করে। যাত্রা শুরুর যথাক্রমে 9 ও 6 ঘণ্টা পরে তারা একে অপরের সঙ্গে মিলিত হয়। দ্বিতীয় জনের গতিবেগ ঘণ্টায় 27 কিলোমিটার হলে, প্রথম জনের ঘণ্টায় গতিবেগ কত?
(a) 30 কিমি (b) 36 কিমি (c) 48 কিমি (d) 40 কিমি

86. পরপর 6টি বিজোড় সংখ্যার গড় 8 হলে, বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য কত?
(a) 10 (b) 12 (c) 9 (d) 8

87. 21 টাকা কিলোগ্রাম দরের কফির সঙ্গে 28 টাকা কিলোগ্রাম দরের কফি কী অনুপাতে মিশ্রিত করলে, মিশ্র কফির দাম হবে 25 টাকা কিলোগ্রাম?
(a) 4 : 3 (b) 4 : 5 (c) 5 : 4 (d) 3 : 4

88. একটি চিড়িয়াখানায় কিছু খরগোশ এবং পায়রা আছে, তাদের মাথার সংখ্যা 100 এবং পায়ের সংখ্যা 290টি হলে, খরগোশের সংখ্যা কত?
(a) 55 (b) 45 (c) 40 (d) 50

89. একটি পাত্রে দুধ ও জলের অনুপাত 5 : 3। ওই পাত্র থেকে কত পরিমাণ মিশ্রণ তুলে সমপরিমাণ জল মিশ্রিত করলে পাত্রে দুধ ও জলের অনুপাত 1 : 1 হবে?
(a) $\frac{1}{5}$ অংশ (b) $\frac{1}{7}$ অংশ (c) $\frac{4}{5}$ অংশ (d) $\frac{3}{10}$ অংশ

90. A, B এবং C তিনটি নল দ্বারা একটি চৌবাচ্চা 18 মিনিটে পূর্ণ হয়। তিনটি নল একত্রে 6 মিনিট চলার পর C নল বন্ধ করে দিলে A ও B নল দ্বারা চৌবাচ্চাটি জলপূর্ণ হতে কত সময় লাগবে?
(a) 30 মিনিট (b) 24 মিনিট (c) 36 মিনিট (d) 45 মিনিট

91. A এবং B দু'টি নল দ্বারা একটি চৌবাচ্চা জলপূর্ণ হতে যথাক্রমে 30 ও 20 মিনিট সময় লাগে। অপর নল C দ্বারা প্রতি মিনিটে চৌবাচ্চা থেকে 6 লিটার জল বাইরে বেরিয়ে যায়। তিনটি নল একসঙ্গে খুলে দিলে ওই ভর্তি চৌবাচ্চাটি 60 মিনিটে পুরোপুরি খালি হয়ে যায়। তবে চৌবাচ্চাটির জলধারণ ক্ষমতা কত?
(a) 10 লিটার (b) 30 লিটার (c) 60 লিটার (d) 45 লিটার

92. একটি চৌবাচ্চার দু'টি নল দিয়ে যথাক্রমে 12 ও 15 মিনিটে চৌবাচ্চাটি পূর্ণ হয়। অপর একটি নল চৌবাচ্চাটিকে খালি করে। যদি তিনটি নল একসঙ্গে খুলে দেওয়া হয়, তবে চৌবাচ্চাটি 10 মিনিটে পূর্ণ হয়। খালি করার নল দিয়ে চৌবাচ্চাটি কতক্ষণে খালি হবে?
(a) 10 মিনিটে (b) 20 মিনিটে (c) 15 মিনিটে (d) 25 মিনিটে

93. A একা একটি কাজ 14 দিনে এবং B একা সেই কাজটি 21 দিনে করতে পারে। তারা দু'জনে একত্রে কাজটি শুরু করে, কাজ শেষ হওয়ার 3 দিন আগে A চলে গেলে কাজটি শেষ করতে মোট কতদিন সময় লাগবে?
(a) 10 দিন (b) 5 দিন (c) $5\frac{1}{5}$ দিন (d) $10\frac{1}{5}$ দিন

94. 1 জন পুরুষ বা 2 জন স্ত্রীলোক বা 4 জন বালক একটি কাজ 56 দিনে শেষ করতে পারে। অনুরূপ একটি কাজ 1 জন পুরুষ, 1 জন স্ত্রীলোক এবং 1 জন বালক কতদিনে শেষ করবে?
(a) 24 দিন (b) 28 দিন (c) 20 দিন (d) 32 দিন

95. এক ব্যবসায়ী 670 টাকায় কিছু বই ক্রয় করে। মোট বইয়ের $\frac{3}{8}$ অংশ 16% ক্ষতিতে বিক্রয় করে। বাকি অংশ শতকরা কত লাভে বিক্রয় করলে মোটের ওপর কোনও লাভ বা ক্ষতি হবে না?
(a) $9\frac{3}{5}$ % (b) $9\frac{2}{5}$ % (c) $9\frac{1}{5}$ % (d) $8\frac{3}{5}$ %

96. এক ব্যক্তি একটি ক্যামেরা 5% লাভে বিক্রয় করে। যদি ক্যামেরাটি আরও 120 টাকা বেশিতে বিক্রয় করা হত, তাহলে 15% লাভ হত। ক্যামেরাটির ক্রয়মূল্য কত?
(a) 1300 টাকা (b) 1200 টাকা (c) 1100 টাকা (d) 1000 টাকা

97. গমের বাজারদাম 40% বৃদ্ধি পাওয়ায় একটি পরিবারে ওই দ্রব্যটির ব্যবহার 25% বৃদ্ধি পেলে নতুন খরচ ও পূর্বের খরচের অনুপাত হবে:
(a) 9 : 20 (b) 20 : 9 (c) 7 : 4 (d) 4 : 7

98. পরীক্ষায় একজন ছাত্র 46% নম্বর পেয়ে 55 নম্বরের জন্য ফেল করে এবং অপর একজন 81% নম্বর পেয়ে পাশ নম্বর অপেক্ষা 15 নম্বর বেশি পায়। তবে পরীক্ষায় মোট কত নম্বর ছিল?
(a) 350 (b) 100 (c) 150 (d) 200

99. আয়তাকার একটি ক্ষেত্রের দৈর্ঘ্য 30% বৃদ্ধি ও প্রস্থ 20% বৃদ্ধি করা হলে, ক্ষেত্রফলের পরিবর্তন হয়:
(a) 50% (b) 59% (c) 56% (d) 55%

100. দু'টি সংখ্যা, তৃতীয় সংখ্যার যথাক্রমে 16% এবং 48% হলে প্রথম সংখ্যা দ্বিতীয় সংখ্যার কত শতাংশ?
(a) $33\frac{1}{2}$ % (b) $33\frac{1}{3}$ % (c) $66\frac{1}{3}$ % (d) $33\frac{2}{3}$ %

### উত্তর

1(b), 2(a), 3(a), 4(d), 5(c), 6(c), 7(d), 8(d), 9(d), 10(b), 11(d), 12(b), 13(a), 14(a), 15(c), 16(a), 17(b), 18(a), 19(a), 20(b), 21(a), 22(b), 23(a), 24(b), 25(c), 26(c), 27(a), 28(a), 29(b), 30(a), 31(a), 32(a), 33(c), 34(a), 35(a), 36(b), 37(a), 38(d), 39(a), 40(b), 41(a), 42(b), 43(a), 44(b), 45(a), 46(c), 47(c), 48(d), 49(b), 50(a), 51(a), 52(c), 53(b), 54(b), 55(c), 56(a), 57(b), 58(d), 59(b), 60(c), 61(a), 62(c), 63(c), 64(c), 65(a), 66(b), 67(d), 68(a), 69(b), 70(d), 71(c), 72(d), 73(b), 74(b), 75(b), 76(d), 77(d), 78(d), 79(b), 80(b), 81(a), 82(b), 83(a), 84(b), 85(b), 86(a), 87(d), 88(b), 89(a), 90(c), 91(c), 92(b), 93(d), 94(d), 95(a), 96(b), 97(c), 98(d), 99(c), 100(b).

### সমাধান

76(d): জটিল সুদ = $\left(\frac{6+200}{200}\times 300\right)$ টাকা = 309 টাকা।

77(d): সুদের হার = $\left\{\left(\frac{12-1}{6-1}\right)\times 5\right\}$ % = 11%.

78(d): মোট সুদ = (3000 − 2400) = 600 টাকা
∴ সময় = $\frac{600\times 100}{2400\times 5}$ = 5 বছর।

79(b): A ও B এর বিনিয়োগের সময়ের অনুপাত = 18000 : 7500 = 12 : 5
∴ B-এর খাটে = 5 মাসের জন্য।

80(b): অনুকূলের গতিবেগ = $\frac{36}{3}$ = 12 কিলোমিটার/ঘণ্টা
∴ প্রতিকূলের গতিবেগ = $\frac{24}{3}$ = 8 কিলোমিটার/ঘণ্টা
∴ স্থির জলে নৌকার গতি = $\left(\frac{12+8}{2}\right)$ 10 কিলোমিটার/ঘণ্টা।

81(a): প্রতিকূলের গতি = $\left(2\div\frac{1}{2}\right)$ = 4 কিলোমিটার/ঘণ্টা
এবং অনুকূলের গতি = $\left(14\div 2\frac{1}{3}\right)$ = 6 কিলোমিটার/ঘণ্টা
∴ স্রোতের গতিবেগ = (6 − 4) ÷ 2 = 1 কিলোমিটার/ঘণ্টা।

82(b): মোট দৈর্ঘ্য = (135 + 135) = 270 মিটার
ট্রেনদু'টির আপেক্ষিক গতিবেগ = $\frac{270}{18}\times\frac{18}{5}$ = 54 কিমি/ঘণ্টা
∴ প্রতিটি ট্রেনের গতিবেগ = $\frac{54}{2}$ কিমি/ঘণ্টা = 27 কিমি/ঘণ্টা।

83(a): প্রথম ট্রেনের দৈর্ঘ্য = $\left\{\frac{5}{18}(12+6)\times 10\right\}$ = 50 মিটার।

84(b): অফিসের দূরত্ব = $\frac{3\times 4}{4-3}\times\frac{15+15}{60}$ = 6 কিমি
নির্দিষ্ট সময় {(6 ÷ 3) ঘণ্টা − 15 মিনিট} = 1 ঘণ্টা 45 মিনিট।

85(b): দু'জনের গতিবেগের অনুপাত = $\sqrt{16}:\sqrt{9}$ = 4 : 3
দ্বিতীয় জনের গতিবেগ = 27 কিলোমিটার/ঘণ্টা হলে
প্রথম জনের গতিবেগ = 27 × $\frac{4}{3}$ = 36 কিমি/ঘণ্টা।

86(a): বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য = 2(6 − 1) = 10.

87(d): মিশ্রণে প্রথম ও দ্বিতীয় প্রকার কফির অনুপাত (28 − 25) : (25 − 21) = 3 : 4.

88(b): খরগোশের সংখ্যা = $\frac{290-(2\times 100)}{2}$ = 45টি।

89(a): মিশ্রণের পরিমাণ = $\frac{1}{5}\left(\frac{5-3}{5}\right)$ অংশ = $\frac{1}{5}$ অংশ।

90(c): নির্ণেয় সময় = $\frac{18\times 24}{24-18+6}=\frac{18\times 24}{12}$ = 36 মিনিট।

91(c): চৌবাচ্চাটির জলধারণ ক্ষমতা = $\frac{6\times(30\times 20\times 60)}{30\times 20+20\times 60+30\times 60}$
= $\frac{6\times 30\times 20\times 60}{3600}$ = 60 লিটার।

92(b): খালি করার নল দিয়ে চৌবাচ্চাটি খালি হবে
= $\frac{12\times 15\times 10}{15\times 10+12\times 10-12\times 15}=\frac{12\times 15\times 10}{150+120-180}=\frac{12\times 15\times 10}{90}$
= 20 মিনিট।

93(d): কাজটি শেষ করতে মোট সময় লাগবে = $\left\{\frac{(14+3)\times 21}{14+21}\right\}$ দিন
= $\frac{17\times 21}{35}=\frac{51}{5}=10\frac{1}{5}$ দিন।

94(d): 1 জন পুরুষ, 1 জন স্ত্রীলোক এবং 1 জন বালক সেই কাজটি করে
$\left\{\frac{56\times 1\times 2\times 4}{1\times 2+2\times 4+1\times 4}\right\}$ = দিন = $\frac{56\times 1\times 2\times 4}{2+8+4}=\frac{56\times 1\times 2\times 4}{14}$
= 4 × 2 × 4 = 32 দিন।

95(a): বাকি অংশ বিক্রয়ে শতকরা লাভের হার = $\frac{\frac{3}{8}\times 16}{1-\frac{3}{8}}=6\times\frac{8}{5}$
= $\frac{48}{5}=9\frac{3}{5}$ %.

96(b): ক্যামেরাটির ক্রয়মূল্য = $\frac{100\times 120}{15-5}$ টাকা = 1200 টাকা।

97(c): অনুপাত = $\frac{\text{নতুন খরচ}}{\text{পূর্বের খরচ}}=\frac{(100+40)(100+25)}{(100)^2}=\frac{140\times 125}{100\times 100}$
= $\frac{7}{4}$ = 7 : 4.

98(d): মোট পরীক্ষার নম্বর = $\frac{100(55+15)}{81-46}=100\times\frac{70}{35}$ = 100 × 2 = 200.

99(c): ক্ষেত্রফল বৃদ্ধি = $\left\{(30+20)+\frac{30\times 20}{100}\right\}$ %
= (50 + 6)% = 56%.

100(b): প্রথম সংখ্যা দ্বিতীয় সংখ্যার = $\left(\frac{16}{48}\times 100\right)$ % = $\frac{100}{3}=33\frac{1}{3}$ %.

### দ্বিতীয় সেট

1. ভারতে পাশ্চাত্য শিক্ষাবিস্তারের ক্ষেত্রে বেমানান নামটি হল:
(a) রাজা রামমোহন রায় (b) কালীপ্রসন্ন সিংহ (c) ডেভিড হেয়ার (d) ড্রিংকওয়াটার বিটন (বেথুন)

2. 'মেট্রোপলিটন ইনস্টিটিউশন' প্রতিষ্ঠা করেন:
(a) রাজা রামমোহন রায় (b) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (c) ডেভিড হেয়ার (d) ড্রিংকওয়াটার বেথুন

3. কলকাতা মেডিক্যাল কলেজের প্রথম মহিলা স্নাতক হলেন:
(a) বিধুমুখী বসু (b) সরোজিনী নাইডু (c) কল্পনা দত্ত (d) বীণা দাস

4. 'ভারতীয় বিশ্ববিদ্যালয় কমিশন' গঠন করা হয়:
(a) 1902 সালে (b) 1904 সালে (c) 1917 সালে (d) 1921 সালে

5. আলেকজান্ডার ডাফ প্রতিষ্ঠা করেন:
(a) বেথুন স্কুল (b) সেন্ট জেভিয়ার্স স্কুল (c) জেনারেল অ্যাসেম্বলিজ ইনস্টিটিউশন (d) হিন্দু কলেজ

6. 'অ্যাংলো-হিন্দু স্কুল' প্রতিষ্ঠা করেন:
(a) বিদ্যাসাগর (b) ডেভিড হেয়ার (c) রাধাকান্ত দেব (d) রাজা রামমোহন রায়

7. 'বিধবা পুনর্বিবাহ আইন' পাশ হয়:
(a) 1829 সালে (b) 1856 সালে (c) 1857 সালে (d) 1900 সালে

8. 'তত্ত্ববোধিনী সভা'-র প্রতিষ্ঠাতা ছিলেন:
(a) রামমোহন রায় (b) কেশবচন্দ্র সেন (c) দেবেন্দ্রনাথ ঠাকুর (d) বিবেকানন্দ

9. নববিধান প্রতিষ্ঠা করেছিলেন:
(a) দয়ানন্দ সরস্বতী (b) কেশবচন্দ্র সেন (c) স্বামী বিবেকানন্দ (d) মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর

10. 'Notes on Bengal Renaissance' গ্রন্থটি রচনা করেন:
(a) সুশোভন সরকার (b) সুমিত সরকার (c) যদুনাথ সরকার (d) তনিকা সরকার

11. ক-স্তম্ভের সঙ্গে খ-স্তম্ভ মিলিয়ে লিখুন:

| স্তম্ভ-ক | স্তম্ভ-খ |
|---|---|
| A. সংবাদ কৌমুদী | 1. বিদ্যাসাগর |
| B. শিক্ষার হেরফের | 2. সুকুমার রায় |
| C. আবোল তাবোল | 3. রবীন্দ্রনাথ |
| D. সীতার বনবাস | 4. রামমোহন |

(a) 4, 3, 2, 1 (b) 1, 2, 3, 4 (c) 4, 2, 1, 3 (d) 3, 2, 4, 1

এরপর কুড়ির পাতায়




বিগত বছরগুলোর পরীক্ষাতে যে PATTERN এর প্রশ্ন করেছে সেই PATTERN কে FOLLOW করে প্রতিটি বিষয়ের উপর SOLVED MCQ PRACTICE SET **( USEFUL FOR WBCS )**

**CONTENTS :**

**1) GENERAL AWARENESS SOLVED PRACTICE SETS**

**( 260 + SOLVED PRACTICE SETS – PHYSICS , CHEMISTRY , BIOLOGY )**

**HISTORY , GEOGRAPHY , POLITY , INDIAN ECONOMY , CURRENT AFFAIRS , COMPUTER ,)**

**3) QUANTITATIVE & REASONING APTITUDE SOLVED PRACTICE SETS**

**( 90 SOLVED PRACTICE SETS – APTITUDE , REASONING )**

**ALL TOTAL 1019 PAGES**

**PRICE : 40 RS**

**DOWNLOAD LINK GIVEN BELOW :**

**https://imojo.in/4bz0n8p**

# চাকরির পরীক্ষায় বর্তমান কোচিং

## পি এস সি-র মাধ্যমে

# মিসলেনিয়াস প্রিলিমিনারি

## পরীক্ষার ৩ সেট নমুনা প্রশ্নোত্তর

*উনিশের পাতার পর*

12. রামমোহন রায় লর্ড আমহার্স্টকে চিঠি লিখেছিলেন 1823 সালে:
(a) সতীদাহপ্রথা বন্ধের অনুরোধ জানিয়ে (b) ভারতে পাশ্চাত্য শিক্ষাবিস্তারের আবেদন জানিয়ে (c) ভারতে সংস্কৃত শিক্ষা বিস্তারের আবেদন জানিয়ে (d) কোনওটিই নয়
13. 1872 সালে সরকার 'তিন আইন' পাশ করে:
(a) এই আইন প্রণয়নের উদ্দেশ্য ছিল হিন্দু-মুসলমান-খ্রিস্টান সমাজকে ঐক্যবদ্ধ করা (b) এই আইন প্রণয়নের উদ্দেশ্য ছিল জনগণের অর্থনৈতিক-সামাজিক-সাংস্কৃতিক উন্নতি সাধন করা (c) এই আইন প্রণয়নের উদ্দেশ্য ছিল বাল্যবিবাহ ও বহুবিবাহ নিষিদ্ধ করা এবং বিধবাবিবাহ আইনসিদ্ধ করা (d) কোনওটিই নয়
14. 1835 সালে মেকলে তাঁর বিখ্যাত 'মেকলে মিনিট' পেশ করেন:
(a) প্রাচ্য শিক্ষা ও সংস্কৃতির প্রসার ঘটানোর জন্য (b) ভারতীয় সমাজ থেকে কুসংস্কার দূর করার জন্য (c) পাশ্চাত্য শিক্ষার প্রসার ঘটানোর জন্য (d) কোনওটিই নয়
15. ডিরোজিওকে হিন্দু কলেজ ত্যাগ করতে হয়, কারণ:
(a) তিনি শিক্ষকতায় সাফল্য অর্জন করতে পারেননি (b) তিনি অসুস্থ হয়ে পড়েন (c) তাঁর প্রগতিশীল মনোভাব কলেজের পরিচালন সমিতির পছন্দ হয়নি (d) কোনওটিই নয়
16. শ্রীরামকৃষ্ণদেব 'সবধর্মসমন্বয়' সাধন করেন:
(a) সকল ধর্মের ঈশ্বর সম্পর্কে বিরোধের অবসান ছিল তাঁর উদ্দেশ্য (b) সকল ধর্মের গঠনগত সমস্যার সমাধান করা ছিল তাঁর উদ্দেশ্য (c) সকল ধর্মের পৃথক পৃথক আদর্শ চিহ্নিত করা-ই ছিল তাঁর উদ্দেশ্য (d) কোনওটিই নয়
17. উনিশ শতকে বাংলার নবজাগরণের ব্যাপ্তি ছিল খুবই সীমিত.
(a) কারণ শুধুমাত্র গ্রাম বাংলায় নবজাগরণ হয়েছিল (b) কারণ এই নবজাগরণ সীমিত ছিল শুধুমাত্র সাহিত্যের ক্ষেত্রে (c) কারণ এই নবজাগরণ শুধুমাত্র পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত প্রগতিশীল সমাজের মধ্যে সীমিত ছিল (d) কোনওটিই নয়
18. দ্বিতীয় পর্বের চুয়াড় বিদ্রোহের নেতা ছিলেন:
(a) সিধু (b) তিতুমির (c) বিরসা মুন্ডা (d) দুর্জন সিং
19. সুই মুন্ডা নেতৃত্ব দিয়েছিলেন:
(a) চুয়াড় বিদ্রোহ (b) কোল বিদ্রোহ (c) সাঁওতাল বিদ্রোহ (d) মুন্ডা বিদ্রোহ
20. কোন মারাঠি চিত্রনাট্যকার ও সাংবাদিক তাঁর নাটক 'কন্যাদান'-এর জন্য কে কে বিড়লা ফাউন্ডেশন থেকে সরস্বতী সম্মান পান?
(a) গিরিশ কারনাড (b) বিজয় তেন্ডুলকার (c) আন্না সাহেব কিরলোস্কার (d) নীলু ফুলে
21. এঁদের মধ্যে কোন ইংরেজ লেখকের মুম্বইয়ের জন্মভিটে তাঁর স্মারক সংগ্রহশালায় পরিণত করা হয়েছে?
(a) রুডইয়ার্ড কিপলিং (b) রবার্ট ব্রাউনিং (c) জিম করবেট (d) উইলিয়াম ব্লেক
22. কেরালায় কোন নৃত্যনাট্য খোলা জায়গায় সারারাত অনুষ্ঠিত হয়?
(a) মোহিনীঅট্টম (b) কথাকলি (c) ওট্টাম থুল্লাল (d) কুচিপুড়ি
23. কুচিপুড়ি নৃত্যটি কোন ভারতীয় রাজ্যের নৃত্য?
(a) কেরল (b) তামিলনাড়ু (c) কর্নাটক (d) অন্ধ্রপ্রদেশ
24. দক্ষিণ ভারতীয় বিখ্যাত কর্নাটিক সংগীতকার ও সাধক:
(a) ত্যাগরাজ (b) ভিভ সুব্রমনিয়াম (c) আর রামচন্দ্রন (d) পি ভেঙ্কটরামন
25. চিনের জাতীয় খেলা হল:
(a) ফুটবল (b) হকি (c) পোলো (d) টেবিল টেনিস
26. ওস্তাদ আমজাদ আলি খাঁ কীসে বিখ্যাত?
(a) সন্তুরবাদন (b) সরোদবাদন (c) বেহালাবাদন (d) তবলাবাদন
27. 'পেনহোল্ড গ্রিপ' কথাটি কোন খেলার সঙ্গে সম্পর্কিত?
(a) টেনিস (b) রোয়িং (c) টেবিল টেনিস (d) হকি
28. ডঃ এম এস শুভলক্ষ্মী কীসের জন্য বিখ্যাত?
(a) কথকনৃত্য (b) ভরতনাট্যম (c) বেহালাবাদন (d) কণ্ঠসংগীত
29. রোলাঁ গারো নামটি কোন খেলার সঙ্গে সম্পর্কিত?
(a) ব্যাডমিন্টন (b) ফুটবল (c) টেনিস (d) রোয়িং
30. চিপকো আন্দোলনের সঙ্গে সংযুক্ত নাম হল:
(a) মেধা পাটেকর (b) সরলা সেন (c) সেলিম আলি (d) বাবা আমতে
31. তালিকোটার যুদ্ধ কত খ্রিস্টাব্দে সংঘটিত হয়?
(a) 1565 (b) 1192 (c) 1191 (d) 1526
32. আকবরনামা কার লেখা?
(a) আবুল ফজল (b) টোডর মল (c) ইবন-বতুতা (d) আব্দুর কাদের বদাউনি
33. ভারতীয় উচ্চাঙ্গসংগীতে 'খেয়াল'-এর উদ্ভাবক কে?
(a) তানসেন (b) আমির খশরু (c) কবির (d) ওঙ্কারনাথ
34. 'কাদম্বরী'-র রচয়িতা কে?
(a) কালিদাস (b) সজনীকান্ত দাস (c) বুদ্ধদেব গুহ (d) বাণভট্ট
35. 'কলকাতা মাদ্রাসা'র প্রতিষ্ঠাতা কে?
(a) লর্ড কর্নওয়ালিস (b) ওয়ারেন হেস্টিংস (c) রাজা রাধাকান্ত দেব (d) রাজা রামমোহন রায়
36. 'সীমান্ত গান্ধী' নামে কে পরিচিত ছিলেন?
(a) মহম্মদ আল হাসান (b) মহম্মদ আলি জিন্না (c) হজরত মোহানী (d) খান আব্দুল গফফর খান
37. রামচরিতের রচয়িতা কে?
(a) ধর্মপাল (b) সন্ধ্যাকর নন্দি (c) গোপাল (d) রামপাল
38. আর্যদের প্রাচীনতম গ্রন্থ কোনটি?
(a) ঋগ্বেদ (b) সামবেদ (c) যজুর্বেদ (d) অথর্ব বেদ
39. ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম অধিবেশন কোথায় অনুষ্ঠিত হয়?
(a) কলকাতা (b) দিল্লি (c) পুনা (d) মুম্বই
40. কোন রাজ্যে জনঘনত্ব সর্বাধিক?
(a) কেরল (b) পশ্চিমবঙ্গ (c) উত্তরপ্রদেশ (d) উত্তরাখণ্ড
41. রণ হচ্ছে:
(a) মরুভূমি (b) উপসাগর (c) প্লায়া হ্রদ (d) বালিয়াড়ি
42. রেগুর হচ্ছে:
(a) লালমাটি (b) ল্যাটেরাইট মৃত্তিকা (c) কৃষ্ণ মৃত্তিকা (d) পলিমাটি
43. কোন দেশে ক্রোম্যাগনন-এর দেহাংশের অস্তিত্ব পাওয়া গিয়েছে?
(a) ভারত (b) ফ্রান্স (c) জার্মানি (d) ইন্দোনেশিয়া
44. সিফ হচ্ছে:
(a) মরুভূমি (b) উপসাগর (c) পায়া হ্রদ (d) বালিয়াড়ি
45. লৌহ আকরিকের সর্বাধিক উৎপাদক:
(a) ঝাড়খণ্ড (b) কর্নাটক (c) ওড়িশা (d) ছত্তিশগড়
46. সবথেকে বেশি ইক্ষু উৎপাদন হয় এই মাটিতে:
(a) ভাবর (b) ভাঙর (c) রেগুর (d) ল্যাটেরাইট
47. রুদ্রপ্রয়াগ এই দুই নদীর সঙ্গমে অবস্থিত:
(a) অলকানন্দা-ভাগীরথী (b) অলকানন্দা-মন্দাকিনী (c) মন্দাকিনী-শোনগঙ্গা (d) মন্দাকিনী-গঙ্গা
48. Shorea Robusta কার লাতিন নাম?
(a) শাল (b) শিশু (c) সেগুন (d) চন্দন
49. কলকাতা পুরসভার সপারিষদ মেয়র গঠিত হয় নীচের ব্যক্তিদের নিয়ে:
(a) মেয়র, ডেপুটি মেয়র এবং 10 কাউন্সিলর (b) মেয়র, ডেপুটি মেয়র এবং 15 কাউন্সিলর (c) মেয়র এবং 10 কাউন্সিলর (d) মেয়র এবং 15 কাউন্সিলর
50. পার্লামেন্ট গঠিত হয় এঁদের নিয়ে:
(a) অধ্যক্ষ, রাজ্যসভা ও লোকসভা (b) উপরাষ্ট্রপতি, রাজ্যসভা ও লোকসভা (c) রাষ্ট্রপতি, রাজ্যসভা ও লোকসভা (d) প্রধানমন্ত্রী, রাজ্যসভা ও লোকসভা
51. ভারতবর্ষে প্রথম কোন ব্যক্তি নির্দল বিধায়ক হিসেবে একটি রাজ্য সরকারের মুখ্যমন্ত্রী হিসেবে নিযুক্ত হয়েছেন?
(a) ঝাড়খণ্ডের অর্জুন মুন্ডা (b) ঝাড়খণ্ডের মধু কোডা (c) কর্নাটকের কুমারাস্বামী দেবগৌড়া (d) ছত্তিশগড়ের অজিত যোগী
52. কোন পুরস্কারটি শুধু সাহিত্যের সঙ্গে সম্পর্কিত?
(a) জ্ঞানপীঠ (b) পদ্মশ্রী (c) ভারতরত্ন (d) ম্যাগসেসে
53. 'If music be the food of love, play on' বক্তা:
(a) উইলিয়াম শেক্সপিয়র (b) জন কিটস (c) জর্জ বার্নার্ড শ (d) অস্কার ওয়াইল্ড
54. 'ডেসডিমোনা' শেক্সপিয়ারের কোন নাটকের চরিত্র?
(a) অ্যাজ ইউ লাইক ইট (b) ওথেলো (c) কিং লিয়ার (d) টেমপেস্ট
55. 'লাইফ ডিভাইন' গ্রন্থটির রচয়িতা কে?
(a) বিবেকানন্দ (b) শ্রীরামকৃষ্ণ (c) শ্রীঅরবিন্দ (d) রবীন্দ্রনাথ ঠাকুর
56. অজন্তার গুহাচিত্রের বিষয়বস্তু কী?
(a) রামায়ণ (b) মহাভারত (c) জাতক (d) উপনিষদ
57. বৈশাখী মজুমদার কোন নাচের সঙ্গে যুক্ত?
(a) কথক (b) ওড়িশি (c) মণিপুরি (d) কথাকলি
58. 'সারে জাঁহাসে আচ্ছা হিন্দুস্তাঁ হামারা' গানটির লেখক:
(a) মির্জা গালিব (b) মহম্মদ ইকবাল (c) নাজির আহমেদ (d) মির আম্মান দেলভি
59. নৃত্য ও কলার কেন্দ্র 'কলাক্ষেত্র' প্রতিষ্ঠা করেন:
(a) বিরজু মহারাজ (b) সোনাল মান সিং (c) রুক্মিণী দেবী (d) সুতপা তালুকদার
60. অস্কারপ্রাপ্ত ছবি 'এলিজাবেথ'-এর পরিচালক কে?
(a) স্টিভেন স্পিলবার্গ (b) আলফ্রেড হিচকক (c) ক্লিন্ট ইস্টউড (d) শেখর কাপুর
61. 'To Live or Not Live' বইটির লেখক হলেন:
(a) লুই ফিশার (b) মার্ক টুলি (c) নীরদ সি চৌধুরি (d) লিও তলস্তয়
62. জীবকোষে কোন অণুকে 'এনার্জি কারেন্সি' বলে?
(a) ক্লোরোফিল (b) ADP (c) ATP (d) মাইটোকন্ড্রিয়া
63. মানুষের সুষুম্নাস্নায়ু কত জোড়া?
(a) 12 জোড়া (b) 31 জোড়া (c) 10 জোড়া (d) 206 জোড়া
64. 'ওভাল উইনডো' কোন অঙ্গে পাওয়া যায়?
(a) চোখ (b) কান (c) নাক (d) হৃৎপিণ্ড
65. কোন অমেরুদণ্ডী প্রাণীর রক্তে শ্বাসরঞ্জক নেই?
(a) আরশোলা (b) জোঁক (c) কেঁচো (d) চিংড়ি
66. লেড পেন্সিলে আছে:
(a) লেড (b) লেড অক্সাইড (c) গ্রাফাইট (d) লেড সালফাইড
67. বায়ুর চেয়ে হালকা গ্যাস হল:
(a) কার্বন-ডাই-অক্সাইড (b) সালফার-ডাই-অক্সাইড (c) হাইড্রোজেন ক্লোরাইড (d) অ্যামোনিয়া
68. J-এর মান:
(a) $4.2 \times 10^2$ আর্গ/ক্যালোরি (b) $4.2 \times 10^3$ জুল/ক্যালোরি (c) 4.2 আর্গ/ক্যালোরি (d) $4.2 \times 10$ আর্গ/ক্যালোরি
69. ভর স্থির রেখে কোনও তারের দৈর্ঘ্য টেনে দ্বিগুণ করলে এর রোধ হয়:
(a) অর্ধেক (b) দ্বিগুণ (c) এক-চতুর্থাংশ (d) চারগুণ
70. মনরোর ছিদ্র কোন কোন ভেনট্রিকলকে যুক্ত করে?
(a) প্রথম ও দ্বিতীয় (b) দ্বিতীয় ও তৃতীয় (c) প্রথম, দ্বিতীয় ও তৃতীয় (d) তৃতীয় ও চতুর্থ
71. অ্যালুমিনিয়াম ধাতু নিষ্কাশন করা হয় কোন আকরিক থেকে?
(a) বক্সাইট (b) ডেলোমাইট (c) গ্যালেনা (d) সিডারাইট
72. যখন জল জমে বরফে পরিণত হয় তখন এর আয়তন:
(a) কমে যায় (b) বেড়ে যায় (c) একই থাকে (d) শূন্য হয়
73. প্রমাণ চাপ ও তাপমাত্রায় যে কোনও গ্যাসের 1 গ্রাম অণুর আয়তন:
(a) 2.24 লিটার (b) 22.4 লিটার (c) 224 লিটার (d) 2240 লিটার
74. কার্বনকে বায়ুর সংস্পর্শে পোড়ালে:
(a) তাপের শোষণ হয় (b) কোনওরকম তাপ পরিবর্তন হয় না (c) তাপের উদ্গীরণ হয় (d) কার্বন হীরকে রূপান্তরিত হয়
75. নীচের গ্যাসগুলির মধ্যে কোনটি নিষ্ক্রিয় গ্যাস?
(a) হাইড্রোজেন (b) আরগন (c) ক্লোরিন (d) নাইট্রোজেন
76. চার অঙ্কবিশিষ্ট যে ক্ষুদ্রতম সংখ্যা 15-এর সঙ্গে যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হয় তা হল:
(a) 1009 (b) 1010 (c) 1100 (d) 1005
77. 60 এবং 75-এর মধ্যে মৌলিক সংখ্যাগুলির যোগফল কত?
(a) 273 (b) 272 (c) 211 (d) 215
78. তিনটি সংখ্যার অনুপাত 3 : 4 : 6 এবং এদের গ.সা.গু. 12 হলে, ল.সা.গু. হবে:
(a) 72 (b) 96 (c) 144 (d) 192
79. বড় সংখ্যাটি ছোট সংখ্যাটির তিনগুণ এবং তাদের গড় 40 হলে বড় সংখ্যাটি হবে:
(a) 45 (b) 60 (c) 75 (d) 90
80. কোনও ভগ্নাংশের লব অপেক্ষা হর 3 বেশি এবং লবের সঙ্গে 7 যোগ করলে ভগ্নাংশটি 1 বৃদ্ধি পায়। ভগ্নাংশটি হল:
(a) $\frac{3}{11}$ (b) $\frac{2}{5}$ (c) $\frac{5}{9}$ (d) $\frac{4}{7}$
81. তিনটি সংখ্যার অনুপাত 5 : 7 : 9 এবং তাদের গ.সা.গু. 45 হলে, বৃহত্তম সংখ্যাটি হল:
(a) 405 (b) 315 (c) 915 (d) 225
82. দু'টি সংখ্যার যোগফল 315 এবং গ.সা.গু. 35 হলে, কত জোড়া সংখ্যা পাওয়া যাবে?
(a) 2 (b) 5 (c) 3 (d) 4
83. কোন সংখ্যাকে 13 দ্বারা গুণ করলে 180 বৃদ্ধি পায়?
(a) 10 (b) 15 (c) 20 (d) 25
84. 30 থেকে 60 পর্যন্ত মৌলিক সংখ্যাগুলির সমষ্টি হল:
(a) 312 (b) 356 (c) 311 (d) 344
85. একটি ভগ্নাংশের লব ও হরের যোগফল 5। লবের 5 গুণ, হরের দ্বিগুণ অপেক্ষা 4 বেশি। ভগ্নাংশটি হল:
(a) $\frac{2}{3}$ (b) $\frac{3}{2}$ (c) $\frac{1}{4}$ (d) $\frac{3}{4}$
86. 71, 72, 73, 74 ও 75-এর গড় কত?
(a) 73 (b) 75 (c) 72 (d) 70
87. একটি ট্রেন কাটোয়া থেকে ব্যান্ডেল যায় 45 কিমি/ঘণ্টা বেগে এবং ব্যান্ডেল থেকে কাটোয়া ফিরে আসে 36 কিমি/ঘণ্টা বেগে। সমগ্র যাত্রাপথে ট্রেনটির গড় গতি ঘণ্টায়:
(a) 42 কিমি/ঘণ্টা (b) 40 কিমি/ঘণ্টা (c) 40.5 কিমি/ঘণ্টা (d) 45 কিমি/ঘণ্টা
88. একটি বিদ্যালয়ে 32 জন ছাত্রছাত্রীর গড় বয়স 10 বছর। যদি শিক্ষক মহাশয়ের বয়স অন্তর্ভুক্ত করা হয়, তবে গড় বয়স 1 বছর বৃদ্ধি হয়। শিক্ষক মহাশয়ের বয়স কত?
(a) 43 বছর (b) 50 বছর (c) 34 বছর (d) 37 বছর
89. একজন ছাত্রের চারটি বিষয়ের গড় নম্বর 75; যদি ছাত্রটি পঞ্চম বিষয়ে 80 নম্বর পেয়ে থাকে তবে তার পাঁচটি বিষয়ের গড় নম্বর কত হবে?
(a) 76 (b) 77 (c) 78 (d) 79
90. একটি শ্রেণির 10 জন ছাত্রের গড় বয়স 15 বছর। 5 জন অতিরিক্ত ছাত্র শ্রেণিতে যোগ দিলে শ্রেণির ছাত্রদের গড় বয়স 1 বছর বৃদ্ধি পায়। অতিরিক্ত ছাত্রদের গড় বয়স কত?
(a) 17 বছর (b) 18 বছর (c) 19 বছর (d) 16 বছর
91. A-র $87\frac{1}{2}$ % = B-এর $41\frac{2}{3}$ % হলে, A : B কত হবে?
(a) 2 : 3 (b) 6 : 5 (c) 10 : 7 (d) 10 : 21
92. একটি গোলকের পৃষ্ঠতলে কালো ও সাদা বর্ণের অনুপাত 2 : 3, উত্তরগোলার্ধে কালো ও সাদা বর্ণের অনুপাত 1 : 4 হলে দক্ষিণগোলার্ধে দুই বর্ণের অনুপাত হবে:
(a) 2 : 3 (b) 3 : 4 (c) 3 : 2 (d) 4 : 3
93. একটি থলিতে 1 টাকা, 50 পয়সা ও 25 পয়সার মুদ্রা মিলিয়ে মোট 256 টাকা আছে। ওই মুদ্রাগুলির সংখ্যার অনুপাত 4 : 5 : 6 হলে, 50 পয়সা মুদ্রার সংখ্যা:
(a) 80 (b) 128 (c) 192 (d) 160
94. তিনটি সংখ্যার অনুপাত 2 : 3 : 4 এবং তাদের বর্গের সমষ্টি 125 সংখ্যাগুলি যথাক্রমে:
(a) 12, 18, 24 (b) 8, 12, 16 (c) 10, 15, 20 (d) 16, 24, 32
95. যদি কোনও আসল $7\frac{1}{2}$ বছরে সুদে-আসলে দ্বিগুণ হয়, তাহলে বার্ষিক সুদের হার হল:
(a) $7\frac{1}{2}$ % (b) $13\frac{1}{3}$ % (c) 15% (d) 25
96. কিছু পরিমাণ টাকা সরল সুদে 4 বছরে 600 টাকা এবং 6 বছরে 650 টাকা হলে, বার্ষিক সুদের হার কত?
(a) 4% (b) 5% (c) 6% (d) 8%
97. 450 টাকায় কিছু সামগ্রী কিনে এক-তৃতীয়াংশ 10% ক্ষতিতে বিক্রয় করা হয় বাকি অংশ শতকরা কত লাভে বিক্রয় করলে মোটের ওপর 20% লাভ হবে?
(a) 25% (b) 30% (c) 35% (d) 40%
98. এক ব্যক্তি 1,350 টাকার বিনিময়ে দু'টি ঘোড়া কিনে একটি 6% ক্ষতিতে এবং অপরটি 7.5% লাভে বিক্রি করলেন। যদি তাঁর মোটের ওপর কোনও লাভ বা ক্ষতি না হয়ে থাকে তবে ক্ষতিতে বিক্রয় করা ঘোড়ার ক্রয়মূল্য কত?
(a) 650 টাকা (b) 700 টাকা (c) 750 টাকা (d) 800 টাকা
99. একজন দোকানদার একটি রেডিওর লিখিত মূল্যের ওপর 10% ছাড় দেওয়ার পর রেডিওটি বিক্রয়ে 10% লাভ করেন। যদি লিখিত মূল্য 330 টাকা হয়, তবে রেডিওটির ক্রয়মূল্য কত?
(a) 300 টাকা (b) 290 টাকা (c) 280 টাকা (d) 270 টাকা
100. একটি পরীক্ষায় 40% ছাত্র অঙ্কে ফেল করে, 30% ছাত্র ইংরেজিতে ফেল করে এবং 20% ছাত্র উভয় বিষয়ে ফেল করে। পাশ করা ছাত্রের শতকরা হার হল:
(a) 10% (b) 30% (c) 40 % (d) 50%

### উত্তর

1(b), 2(b), 3(a), 4(a), 5(c), 6(d), 7(b), 8(c), 9(b), 10(a), 11(a), 12(b), 13(c), 14(c), 15(c), 16(b), 17(c), 18(d), 19(b), 20(b), 21(a), 22(c), 23(d), 24(a), 25(d), 26(b), 27(c), 28(d), 29(c), 30(b), 31(a), 32(a), 33(b), 34(d), 35(b), 36(d), 37(b), 38(a), 39(d), 40(b), 41(c), 42(c),

*এরপর একুশের পাতায়*

# RAIL 2019-20 FULL GUIDE BOOK ( NTPC & GROUP D SPECIAL ) PRELI & MAINS

# (USEFUL FOR SSC CGL)




DESCRIPTION

**CONTENTS**

1) **SUBJECT-WISE SOLVED MCQ PRACTICE SETS** ( **BASED ON** THE **RECENT YEARS' TRENDS** IN **RAIL RRB**

A) GENERAL SCIENCE SOLVED PRACTICE SETS

( 60 SOLVED PRACTICE SETS – PHYSICS , CHEMISTRY , BIOLOGY )

B) GENERAL AWARENESS SOLVED PRACTICE SETS

( 70 SOLVED PRACTICE SETS – HISTORY , GEOGRAPHY , POLITY , INDIAN ECONOMY , CURRENT AFFAIRS , COMPUTER , RAILWAY SPECIAL GK )

C) QUANTITATIVE & REASONING APTITUDE SOLVED PRACTICE SETS

( 87 SOLVED PRACTICE SETS – APTITUDE , REASONING )

2) **MOCK TEST SERIES FOR RAIL NTPC** & **GROUP D 2019**

A) 10 FULL LENGTH MOCK TEST PAPERS ( SOLVED WITH **DETAILED SOLUTION** )

B) 20 TOPIC WISE SOLVED PRACTICE MOCK TEST SETS

These GUIDE BOOK will help you prepare for the actual exam because they will give you an idea of how the pressure and situation will be and this will help you feel more confident and more prepared. The Mock tests will also help you in judging and understanding your strengths and weaknesses so that you can work on them better.

**TOTAL PAGES** : **1089 FILE SIZE** : **26 MB**

**PRICE : 65 RS**

**Download link :**

**CLICK HERE TO DOWNLOAD**

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার ৩ সেট নমুনা প্রশ্নোত্তর

কুড়ির পাতার পর

43(a), 44(d), 45(d), 46(a), 47(b), 48(a), 49(a), 50(c), 51(c), 52(d), 53(a), 54(b), 55(c), 56(c), 57(b), 58(b), 59(c), 60(d), 61(d), 62(c), 63(b), 64(b), 65(d), 66(c), 67(c), 68(a), 69(c), 70(a), 71(a), 72(b), 73(b), 74(c), 75(b), 76(a), 77(b), 78(c), 79(b), 80(d), 81(a), 82(c), 83(b), 84(c), 85(a), 86(a), 87(b), 88(a), 89(a), 90(b), 91(d), 92(c), 93(d), 94(c), 95(b), 96(b), 97(c), 98(c), 99(d), 100(d).

**সমাধান**

76(a): চার অঙ্কের ক্ষুদ্রতম পূর্ণবর্গ সংখ্যা হল 1024
অতএব, নির্ণেয় উত্তর = (1024 − 15) = 1009.

77(b): 60 এবং 75-এর মধ্যবর্তী মৌলিক সংখ্যাগুলির সমষ্টি = 61 + 67 + 71 + 73 = 272.

78(c): তিনটি সংখ্যার অনুপাত = 3 : 4 : 6 এবং তাদের গ.সা.গু. = 12
সুতরাং, সংখ্যাত্রয় হল 3 × 12 = 36, 4 × 12 = 48, 6 × 12 = 72
এখন, 36, 48 ও 72-এর ল.সা.গু. = 144.

79(b): ধরি, ছোট সংখ্যাটি হল x, সুতরাং, বড় সংখ্যাটি = 3x
প্রশ্নানুযায়ী $\frac{3x+x}{2} = 40$ বা, 4x = 80
বা, x = 20, বড় সংখ্যাটি হল = 3 × 20 = 60.

80(d): ধরি, লব = x
∴ হর = x + 3 এবং ভগ্নাংশটি হল $\frac{x}{x+3}$
প্রশ্নানুযায়ী, $\frac{x+7}{x+3} = \frac{x}{x+3} + 1$ বা, $\frac{x+7}{x+3} = \frac{x+x+3}{x+3}$ বা, x + 7 = 2x + 3
বা, x = 4 ∴ ভগ্নাংশটি হল $\frac{4}{4+3} = \frac{4}{7}$.

81(a): তিনটি সংখ্যার অনুপাত = 5 : 7 : 9 এবং তাদের গ.সা.গু. = 45
বৃহত্তম সংখ্যা = 9 × 45 = 405.

82(c): 315 ÷ 35 = 9
9-এর পরস্পর মৌলিক সংখ্যার যোগফল হিসেবে প্রকাশ করলে পাই, 1 + 8, 2 + 7, 4 + 5
সুতরাং, সংখ্যাগুলি হবে, 1 × 35 = 35 8 × 35 = 280
2 × 35 = 70 7 × 35 = 245
4 × 35 = 140 5 × 35 = 175
অতএব, 3 জোড়া সংখ্যা পাওয়া যাবে।

83(b): ধরি, সংখ্যাটি = x, প্রশ্নানুযায়ী, 13x = x + 180 বা, 12x = 180
বা, x = 15 অতএব, নির্ণেয় সংখ্যা = 15.

84(c): 30 এবং 60 -এর মধ্যবর্তী মৌলিক সংখ্যাগুলির সমষ্টি = 31 + 37 + 41 + 43 + 47 + 53 + 59 = 311.

85(a): ধরি, লব = x এবং হর = y
প্রশ্নানুযায়ী, x + y = 5 ... (i)
এবং 5x = 2y + 4 বা, 5x − 2y = 4 ... (ii)
(i) নম্বর সমীকরণ 5 দ্বারা এবং (ii) নম্বর সমীকরণকে −1 দ্বারা গুণ করে পাই,
5x + 5y = 25, −5x + 2y = −4
যোগ করে পাই, 7x = 21 বা, y = 3
∴ x = 5 − 3 = 2 ∴ নির্ণেয় সংখ্যা = $\frac{2}{3}$.

86(a): গড় = $\frac{71+72+73+74+75}{5} = 73$.

87(b): গড় বেগ = $\frac{2\times45\times36}{45+36} = 40$ কিমি/ঘণ্টা।

88(a): শিক্ষক মহাশয়ের বয়স = (শিক্ষক মহাশয় ও 32 জন ছাত্রছাত্রীর মোট বয়স) − (কেবলমাত্র 32 জন ছাত্রছাত্রীর বয়স) = (11 × 33 − 10 × 32) = 43 বছর।

89(a): নতুন গড় = $\frac{75\times4+80}{5} = 76$.

90(b): 15 জন ছাত্রের গড় বয়স = (15 + 1) = 16 বছর
5 জন ছাত্রের গড় বয়স = $\frac{16\times15-15\times10}{5} = \frac{240-150}{5} = \frac{90}{5} = 18$ বছর।

91(d): A-র $87\frac{1}{2}$ % = B-এর $41\frac{2}{3}$ %
বা, $A \times \frac{175}{2} = B \times \frac{125}{3}$ বা, $\frac{A}{B} = \frac{125}{3} \times \frac{2}{175} = \frac{10}{21}$ ∴ A : B = 10 : 21.

92(c): যেহেতু, সম্পূর্ণ ও অর্ধেক অনুপাতের সমষ্টি সমান
সুতরাং, সম্পূর্ণ অংশের কালো ও সাদা বর্ণের অনুপাত = 2 × 2 : 3 × 2 = 4 : 6
এখানে, উত্তরগোলার্ধে, কালো বর্ণ : সাদা বর্ণ = 1 : 4
দক্ষিণগোলার্ধে, কালো বর্ণ : সাদা বর্ণ = (4 − 1) : (6 − 4) = 3 : 2.

93(d): মোট মুদ্রা সংখ্যা = $\frac{256}{(4\times1.00)+(5\times0.50)+(6\times0.25)\times(4+5+6)}$
$= \frac{256}{8} \times 15 = 480$ ∴ 50 পয়সা মুদ্রার সংখ্যা = $480 \times \frac{5}{15} = 160$.

94(c): সংখ্যাগুলি 2x, 3x, 4x
শর্তানুসারে, $(2x)^2 + (3x)^2 + (4x)^2 = 725$
⇒ $29x^2 = 725$ ⇒ $x^2 = 25$ ⇒ x = 5
সংখ্যাগুলি 2 × 5, 3 × 5, 4 × 5 = 10, 15, 20.

95(b): ধরি, আসল = x
∴ সুদ আসল = 2x

প্রশ্নানুযায়ী, $x = \frac{x \times r \times 7\frac{1}{2}}{100}$ বা, $100x = \frac{x \times r \times 15}{2}$ বা, 200x = xr × 15
বা, $r = \frac{200x}{15x} = \frac{40}{3} = 13\frac{1}{3}$ % ∴ নির্ণেয় সুদের হার $13\frac{1}{3}$ %.

96(b): কোনও টাকা $t_1$ ও $t_2$ বছরে $A_1$ ও $A_2$ হলে, বার্ষিক সরল সুদের হার
$= \frac{100(A_2-A_1)}{A_1t_2-A_2t_1} = \frac{100(650-600)}{600\times6-650\times4} = \frac{100\times50}{1000} = 5\%$.

97(c): বাকি অংশে লাভ = x% হলে

প্রথম অংশ অবশিষ্ট অংশ
− 10% x%
20%
1(15) 2(30)

10% ক্ষতি = − 10% লাভ 20 − (−10) = 30, 30-র স্থানে 2 আছে যেখানে 1 আছে, সেখানে 15 হবে ∴ x = 20 + 15 = 35%.

98(c): প্রথম ঘোড়া দ্বিতীয় ঘোড়া
− 6% 7.5%
0%
7.5 − 0 = 7.5% = $\frac{15}{2}$ 0 + 6 = 6%

দামের অনুপাত = $\frac{15}{2}$ : 6 = 15 : 12 = 5 : 4
প্রথম ঘোড়ার ক্রয়মূল্য = $\frac{5}{5+4} \times 1350 = \frac{5}{9} \times 1350$
= 5 × 150 = 750 টাকা।

99(d): বিক্রয়মূল্য = $330\left(1-\frac{10}{100}\right) = 330 \times \frac{90}{100} = 297$ টাকা
$= 330 \times \frac{9}{10} = 297$ টাকা, ক্রয়মূল্য $\left(1+\frac{10}{100}\right)$ = বিক্রয়মূল্য
$\frac{100+10}{100}$ বা, $\frac{110}{100}$ বা, $\frac{11}{10}$ = বিক্রয়মূল্য, $C\left(\frac{11}{10}\right) = 297 \times C$ ক্রয়মূল্য
$C = 297 \times \frac{10}{11} = 27 \times 10 = 270$ টাকা।

100(d): শুধু অঙ্কে ফেল করে (40 − 20) = 20%
শুধু ইংরেজিতে ফেল করে (30 − 20) = 10%
উভয় বিষয়ে ফেল করে 20%
∴ মোট ফেল করে (20 + 10 + 20) = 50%
∴ পাশ করে (100 − 50) = 50%.

### তৃতীয় সেট

1. 1986 সালের 28 এপ্রিল রাত্রি 9টায় ভয়াবহ নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট দুর্ঘটনাটি কোথায় ঘটেছিল?
(a) ফুকুশিমা (b) চেরনোবিল (c) মিনামাটা (d) ভোপাল
2. মেন্ডেলিফের আদি পর্যায় সারণিতে মৌলের সংখ্যা ছিল:
(a) 75 (b) 62 (c) 50 (d) 63
3. পর্যায়-সারণিতে সন্ধিগত মৌলের সংখ্যা:
(a) 38 (b) 14 (c) 28 (d) 10
4. পর্যায় সারণিতে শেষ প্রাকৃতিক মৌলটি হল:
(a) বেরিয়াম (b) থোরিয়াম (c) রেডিয়াম (d) ইউরেনিয়াম
5. কোন মৌলটির জারণক্ষমতা সবচেয়ে কম?
(a) K (b) Na (c) Li (d) Cs
6. নীচের কোন মৌলটি সহজে ইলেকট্রন ত্যাগ করতে পারে?
(a) Mg (b) Na (c) K (d) Ca
7. নীচের কোন মৌলটি 'চ্যালকোজেন' মৌল?
(a) Se (b) Si (c) P (d) Cl
8. কোন পদার্থটির তাপ পরিবাহিতা সবচেয়ে বেশি?
(a) তামা (b) সোনা (c) লোহা (d) হীরে
9. পরিবর্তনশীল যোজ্যতা কোন ধরনের মৌলের ক্ষেত্রে দেখা যায়?
(a) ক্ষার ধাতু (b) হ্যালোজেন মৌল (c) সন্ধিগত মৌল (d) নিষ্ক্রিয় গ্যাস
10. কোনটির গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক সবচেয়ে বেশি?
(a) $CH_4$ (b) $H_2O$ (c) NaCl (d) $N_2$
11. উল্লিখিত কোন যৌগটি অ্যালকোহলে অদ্রাব্য?
(a) ন্যাপথলিন (b) NaF (c) গ্লুকোজ (d) চিনি
12. একটি অন্তরক পদার্থ হল:
(a) গ্রাফাইট (b) পারদ (c) খাদ্যলবণ (d) কাচ
13. তড়িৎবিশ্লেষণ পাত্র হল:
(a) ক্যালোরিমিটার (b) ভোল্টমিটার (c) ভোল্টামিটার (d) হাইগ্রোমিটার
14. তড়িৎবিশ্লেষণ সংক্রান্ত সূত্র প্রতিষ্ঠা করেন:
(a) আইজাক নিউটন (b) অ্যাভোগাড্রো (c) মাইকেল ফ্যারাডে (d) গ্যালিলিয়ো
15. অ্যানোড হিসেবে ব্যবহৃত হয় এরূপ অধাতব দণ্ড:
(a) Zn (b) Pt (c) Cu (d) গ্রাফাইট
16. নীচের কোন ধাতু তড়িৎবিশ্লেষণ পদ্ধতিতে তৈরি করা যায় না?
(a) Na (b) Zn (c) Al (d) K
17. একটি রুপোর বালায় সোনার প্রলেপ দিতে অ্যানোডরূপে কী ব্যবহৃত হয়?
(a) Pt (b) Ag (c) Au (d) Ni
18. টিনের ওপর রুপোর প্রলেপ দিতে অ্যানোড রূপে ব্যবহার করা হয়:
(a) টিন ও রুপোর সংকর ধাতু (b) রুপো (c) জার্মান সিলভার (d) টিন
19. হেবার পদ্ধতিতে অ্যামোনিয়া প্রস্তুতির সময় যে অণুঘটকটি ব্যবহৃত হয়:
(a) $MnO_2$ (b) Pt চূর্ণ (c) Fe চূর্ণ (d) Cu চূর্ণ
20. $NH_3$-কে শুষ্ক করতে ব্যবহৃত হয়:
(a) CaO (b) $P_2O_5$ (c) $CaCl_2$ (d) $H_2SO_4$
21. গভীর সমুদ্রে ডুবুরিরা কোন দু'টি গ্যাসের মিশ্রণ ব্যবহার করে?
(a) $O_2$ এবং $CO_2$ (b) $O_2$ এবং $N_2$ (c) $O_2$ এবং Ar (d) $O_2$ এবং He
22. LPG সিলিন্ডার থেকে গ্যাস নির্গমন হচ্ছে কিনা তা জানার জন্য একটি যৌগ ব্যবহার করা হয়। যৌগটি হল:
(a) অক্সাইড যৌগ (b) হ্যালাইড যৌগ (c) মারক্যাপটান যৌগ (d) নাইট্রাইড যৌগ
23. অন্যান্য জ্বালানির মতো CNG অতি সহজে জ্বলে না, কারণ:
(a) এর জ্বলন-বিন্দু নিম্ন (b) এর জ্বলন-বিন্দু উচ্চ (c) এতে কার্বনের পরিমাণ শতকরা কম (d) এটি বায়ু অপেক্ষা হালকা
24. ওষুধের ক্যাপসুল তৈরি হয় কী দিয়ে?
(a) PHB (b) পলিথিন (c) PVC (d) অরলন
25. গাঢ় নাইট্রিক অ্যাসিডকে রাখা যায়:
(a) তামার পাত্রে (b) অ্যালুমিনিয়ামের পাত্রে (c) রুপোর পাত্রে (d) দস্তার পাত্রে
26. CNG-এর নীচে প্রদত্ত ধর্মাবলির কোনটি সঠিক নয়?
(a) এতে বিউটেন গ্যাস থাকে (b) এটি উচ্চ ক্যালোরিফিক মানযুক্ত (c) CNG-এর দহনে ছাই বা ধোঁয়ার সৃষ্টি হয় না (d) জ্বলন-বিন্দু উচ্চ মানের
27. দাঁতের চিকিৎসায় কোন পারদ সংকর ব্যবহৃত হয়?
(a) Na, Hg (b) Sn, Hg (c) Zn, Hg (d) Ag, Hg
28. দর্শনিকের উল হল:
(a) $ZnSO_4$ (b) Zn (c) ZnO (d) $ZnCO_3$
29. তুরালুমিনে থাকে না:
(a) Mg (b) Cu (c) Ni (d) Al
30. ডায়াস্পোর কার আকরিক?
(a) Fe (b) Mn (c) Cu (d) Al
31. রুবির অন্যতম উপাদান হল:
(a) $CaCO_3$ (b) $Al(OH)_3$ (c) $MgCO_3$ (d) $Al_2O_3$
32. সোনা পালিশের জন্য রুজ নামে যে গুঁড়ো ব্যবহার করা হয় সেটি হল:
(a) FeO (b) $Fe_2O_3$ (c) $Fe_3O_4$ (d) $FeCO_3$
33. দীর্ঘ পর্যায়-সারণি রচিত:
(a) পারমাণবিক গুরুত্বের ভিত্তিতে (b) পরমাণুর ইলেকট্রন বিন্যাসের ভিত্তিতে (c) পরমাণুতে উপস্থিত প্রোটন সংখ্যার ভিত্তিতে (d) পরমাণুতে উপস্থিত নিউট্রন সংখ্যার ভিত্তিতে
34. কোনটি গলিত ফোম?
(a) পাঁউরুটি (b) শেভিং ক্রিম (c) রুবি (d) মাখন
35. অতিরিক্ত আহারের ফলে বদহজমের নিরাময়ে নীচের কী ধরনের ওষুধ ব্যবহার করা হয়?
(a) অ্যানালজেসিক (b) অ্যান্টাসিড (c) অ্যান্টিবায়োটিক (d) অ্যান্টিসেপটিক
36. আংশিক পাতনের সাহায্যে পৃথক করা যায়:
(a) সমুদ্র জল (b) জল ও তেলের মিশ্রণ (c) আলকাতরা (d) ঘোলা জল
37. কে 'নীলদর্পণ' রচনা করেন?
(a) মধুসূদন দত্ত (b) দীনবন্ধু মিত্র (c) হরিশচন্দ্র মুখার্জি (d) কালীপ্রসন্ন সিংহ
38. দিল্লির সুলতানিতে কোন বিখ্যাত কবিকে 'হিন্দুস্থানের তোতা' বলে অভিহিত করা হত?
(a) জিয়াউদ্দিন বারানি (b) উটবি (c) অলবেরুনি (d) আমির খসরু
39. কোন মুঘল শাসক 'জিন্দা পির' (লিভিং সেন্ট) নামে পরিচিত ছিলেন?
(a) আকবর (b) শাহজাহান (c) জাহাঙ্গির (d) ঔরঙ্গজেব
40. দাক্ষিণাত্যের মালভূমির উচ্চতম স্থান হল:
(a) আনাইমুদি (b) কলসুবাই (c) মহাবালেশ্বর (d) নীলগিরি
41. দুর্গাপুর কোন নদীর তীরে অবস্থিত?
(a) অজয় (b) কংসাবতী (c) ময়ূরাক্ষী (d) দামোদর
42. পশ্চিমবঙ্গের সর্ব পশ্চিম জেলা হল:
(a) বাঁকুড়া (b) পশ্চিম মেদিনীপুর (c) পুরুলিয়া (d) বর্ধমান
43. সুবর্ণরেখা নদী কোন জেলা দিয়ে প্রবাহিত?
(a) বাঁকুড়া (b) পশ্চিম মেদিনীপুর (c) পূর্ব মেদিনীপুর (d) পুরুলিয়া
44. জামশেদপুর কোন নদীর তীরে অবস্থিত?
(a) দামোদর (b) সুবর্ণরেখা (c) অজয় (d) রূপনারায়ণ
45. ভিলাই যে রাজ্যে অবস্থিত:
(a) ছত্তিশগড় (b) মধ্যপ্রদেশ (c) ওড়িশা (d) অন্ধ্রপ্রদেশ
46. গারো, খাসি ও জয়ন্তীয়া পাহাড়ের ——— দিকে শিলং অবস্থিত।
(a) দক্ষিণ (b) উত্তর (c) পূর্ব (d) পশ্চিম
47. নৈনিতাল কোন রাজ্যে অবস্থিত?
(a) উত্তরপ্রদেশ (b) হিমাচল প্রদেশ (c) উত্তরাখণ্ড (d) জম্মু ও কাশ্মীর
48. এগুলির মধ্যে কোনটি অভয়ারণ্য?
(a) করবেট (b) গরুমারা (c) সুন্দরবন (d) মুদুমালাই
49. ভারতীয় সংবিধানের ——— ধারাতেই স্বাধীনতার অধিকার সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে।
(a) 23 (b) 25 (c) 18 (d) 19
50. ভারতীয় সংবিধানের 14 নম্বর ধারায় বলা হয়েছে:
(a) আইনের দৃষ্টিতে সমতা ও আইনসমূহ কর্তৃক সমভাবে রক্ষিত (b) ধর্মীয় স্বাধীনতার অধিকার (c) ধর্মীয় অধিকার (d) সাংবিধানিক প্রতিবিধানের অধিকার
51. রাষ্ট্রপতি কখন অধ্যাদেশ (Ordinances) জারি করতে পারেন?
(a) সংসদে অধিবেশন না চলাকালীন (b) জরুরি অবস্থা (c) সংসদ অধিবেশন চলাকালীন (d) ওপরের কোনওটিই নয়
52. নীচের কোন বাদ্যযন্ত্রটি ভি দোরেস্বামী আয়াঙ্গার বাজাতেন?
(a) বাঁশি (b) বীণা (c) সেতার (d) সরোদ
53. ভারতের জাতীয় প্রতীকের নিম্নাংশে খোদিত 'সত্যমেব জয়তে' কথাটি নেওয়া হয়েছে:
(a) রামায়ণ থেকে (b) মুণ্ডক উপনিষদ থেকে (c) ঋগ্বেদ থেকে (d) শতপথ ব্রাহ্মণ্য থেকে
54. 'ধ্রুপদী নৃত্যশৈলী' হল:
(a) ভাঙড়া (b) ভরতনাট্যম (c) ছৌ (d) ওয়াংলা

তিরিশের কাইশের পাতায়

# MOCK TEST SERIES FOR RAIL NTPC & GROUP D 2019

RAIL SPECIAL MOCK TESTS

CONTENTS :

- 10 FULL LENGTH SOLVED MOCK TEST PAPERS
- 20 TOPIC WISE SOLVED MOCK PRACTICE SETS

**MOCK TEST SERIES FOR RAIL NTPC & GROUP D 2019**

**A) 10 FULL LENGTH MOCK TEST PAPERS ( SOLVED WITH DETAILED SOLUTION )**

**B) 20 TOPIC WISE SOLVED PRACTICE MOCK TEST SETS**

**TOTAL PAGES : 469 FILE SIZE : 16 MB PRICE : 30 RS**

**DOWNLOAD LINK :**

**CLICK HERE TO DOWNLOAD MOCK TESTS**

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

# মিসলেনিয়াস প্রিলিমিনারি

## পরীক্ষার ৩ সেট নমুনা প্রশ্নোত্তর

*একুশের পাতার পর*

55. ভারতের প্রথম সবাক চলচ্চিত্র হল:
(a) রাজা হরিশচন্দ্র (b) আলম আরা (c) চণ্ডীদাস (d) ঝাঁসি কি রানি

56. 'My Experiments With Truth' বইটির লেখক হলেন:
(a) মৌলানা আবুল কালাম আজাদ (b) গোবিন্দ বল্লভ পন্থ (c) এম কে গান্ধী (d) তারা আলি বেগ

57. 'ওনাম' কোন প্রদেশের একটি গুরুত্বপূর্ণ উৎসব?
(a) তামিলনাড়ু (b) কেরল (c) অন্ধ্রপ্রদেশ (d) কর্নাটক

58. বিখ্যাত বাংলা গান 'একলা চলো রে'-এর সুরকার হলেন:
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) দেবেন্দ্রনাথ ঠাকুর (c) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (d) সত্যজিৎ রায়

59. বাউল নৃত্য কোন রাজ্যে প্রচলিত?
(a) ওড়িশা (b) ঝাড়খণ্ড (c) পশ্চিমবঙ্গ (d) মধ্যপ্রদেশ

60. 'The White Tiger' বইটির লেখক কে?
(a) জন বুকানন (b) মনোহর মালগাঁওকর (c) অরবিন্দ আডিগা (d) পার্থসারথি গুপ্ত

61. কোন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের জন্য ভাটনগর পুরস্কার প্রদান করা হয়?
(a) অর্থনীতি (b) কৃষি (c) সাহিত্য (d) বিজ্ঞান ও প্রযুক্তি

62. ভারতের সর্বোত্তম পুলিশ স্টেশন হিসেবে নির্বাচিত কালু পুলিশ স্টেশন কোথায় অবস্থিত?
(a) ধারওয়ার জেলা, কর্নাটক (b) মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ (c) বিকানির, রাজস্থান (d) আন্দামান ও নিকোবর

63. MSME গুলির আর্থিক স্থিতিশীলতা রক্ষার পন্থা পদ্ধতি খতিয়ে দেখার উদ্দেশ্যে RBI যে বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে তার চেয়ারপার্সন:
(a) জি এন বাজপেয়ী (b) সি বি ভাবে (c) এম দামোদরন (d) ইউ কে সিনহা

64. আগামী দুই বছরের মেয়াদে রিসার্চ অ্যান্ড অ্যানালিটিকাল উইং (RAW)-এর প্রধান নিযুক্ত হয়েছেন:
(a) আলোক জোশী (b) রাজিন্দর খান্না (c) অনিল কে দশমানা (d) সামন্ত গোয়েল

65. ঝালাই-এর ধাতু কী দিয়ে তৈরি?
(a) সীসা ও তামা (b) সীসা ও লোহা (c) সীসা ও টিন (d) সীসা ও রুপো

66. নীচের কোনটি পলিমার নয়?
(a) নাইলন (b) ভিনাইল ক্লোরাইড (c) শর্করা (d) গ্লুকোজ

67. অগ্নিনির্বাপক যন্ত্রে কী গ্যাসের ব্যবহার আছে?
(a) CO (b) $SO_2$ (c) $CO_2$ (d) $H_2$

68. নীচের কোনটি স্থানীয় হরমোন?
(a) গ্যাসট্রিন (b) ACTH (c) STH (d) LH

69. ব্যাঙের শ্বসন অঙ্গ কী?
(a) ত্বক এবং ফুসফুস (b) ফুলকা (c) পালমোনারি থলি (d) ত্বক

70. আমাদের সবথেকে বড় পৌষ্টিক গ্রন্থি কোনটি?
(a) পিটুইটারি (b) থাইরয়েড (c) যকৃৎ (d) লালাগ্রন্থি

71. বৃক্কের গঠনগত ও কার্যগত একক হল:
(a) নেফ্রন (b) নিউরোন (c) পেরিকার্ডিয়াম (d) পেরিটোরিয়াম

72. রাতকানা রোগ কোন ভিটামিনের অভাবজনিত রোগ?
(a) Vit-$B_1$ (b) Vit-K (c) Vit-A (d) Vit-C

73. ভাইরাসের বাইরের আবরণের নাম কী?
(a) কোট (b) ভিরিয়ন (c) ভাইরয়েড (d) ক্যাপসিড

74. ইউরিয়া তৈরি হয়:
(a) বৃক্ক (b) মূত্রথলি (c) যকৃৎ (d) হৃৎপিণ্ড

75. কোনটি একটি উৎসেচক?
(a) টায়ালিন (b) থিয়ানিন (c) নিয়াসিন (d) অ্যাডেনিন

76. একটি টেবিলের মুদ্রিত মূল্য 1500 টাকা। এর ওপর 20% ছাড় দেওয়া হয়েছে। আরও কত শতাংশ ছাড় দিলে এটির মূল্য 1104 টাকা হবে?
(a) 5% (b) 8% (c) 11% (d) 14%

77. দু'টি সংখ্যা তৃতীয় একটি সংখ্যার চেয়ে যথাক্রমে 20% এবং 50% বেশি। প্রথম সংখ্যাটি দ্বিতীয় সংখ্যার শতকরা কত?
(a) 80% (b) 90% (c) 93% (d) 95%

78. এক ব্যবসায়ীর কাছে তিন প্রকারের চা আছে। প্রথম প্রকার 171 কিলোগ্রাম, দ্বিতীয় প্রকার 190 কিলোগ্রাম এবং তৃতীয় প্রকার 209 কিলোগ্রাম। ওই চা অমিশ্রিত অবস্থায় কমপক্ষে ক'টি সমায়তন পিপায় পূর্ণ ভর্তি করা যায়?
(a) 10টি (b) 15টি (c) 25টি (d) 30টি

79. তিন অঙ্কবিশিষ্ট এমন একটি সংখ্যা নির্ণয় করতে হবে যার অঙ্কগুলি বিপরীতক্রমে বসালে সংখ্যাটি একই থাকে, এবং যার অঙ্কগুলির যোগফল 16 এবং একক ও দশক স্থানের অঙ্কগুলির অন্তরফল 2। তিন অঙ্কবিশিষ্ট সংখ্যাটি হল:
(a) 464 (b) 646 (c) 868 (d) 232

80. কোনও মেশিন প্রতি বছর 10% হারে অপচয় হয়। নতুন অবস্থায় মেশিনটির মূল্য 12000 টাকা। কত বছর ব্যবহার করার পর মেশিনটির দাম হবে 8748 টাকা?
(a) 3 বছর (b) 5 বছর (c) 7 বছর (d) 9 বছর

81. একটি পাত্রে 125 লিটার লাল রং আছে। পাত্রটি থেকে 25 লিটার রং তুলে নিয়ে সমপরিমাণ জল মিশ্রিত করা হল। এই পদ্ধতি 3 বার করার পর ওই পাত্রে রং-এর পরিমাণ কত?
(a) 50 লিটার (b) 64 লিটার (c) 70 লিটার (d) 84 লিটার

82. 1 থেকে 23 পর্যন্ত পরপর প্রকৃত সংখ্যাগুলির বর্গের গড় কত?
(a) 124 (b) 150 (c) 188 (d) 190

83. এক ব্যক্তি রিকশাতে চড়ে 12 কিমি/ঘণ্টা বেগে রওনা হল। 3 ঘণ্টা পর বাড়ির লোক তাকে ধরার জন্য মোটরগাড়িতে রওনা হল এবং 4 ঘণ্টা পরে তাদের দেখা হল। মোটরগাড়ির গতিবেগ কত?
(a) 15 কিমি/ঘণ্টা (b) 21 কিমি/ঘণ্টা (c) 23 কিমি/ঘণ্টা (d) 30 কিমি/ঘণ্টা

84. এক চা ব্যবসায়ী 1 কিলোগ্রামের পরিবর্তে 870 গ্রাম চা দেয় এবং ক্রয়মূল্যের ওপর 16% লাভে চা বিক্রয় করেন। প্রকৃত লাভ বা ক্ষতির হার কত?
(a) $33\frac{1}{3}$ % লাভ (b) $38\frac{1}{4}$ % ক্ষতি (c) $39\frac{1}{3}$ % লাভ (d) $33\frac{1}{3}$ % ক্ষতি

85. 5 বছর পূর্বে স্বামী ও স্ত্রীর গড় বয়স ছিল 23 বছর। বর্তমানে স্বামী, স্ত্রী ও একমাত্র সন্তানের গড় বয়স 20 বছর। সন্তানের বর্তমান বয়স কত?
(a) 3 বছর (b) 4 বছর (c) 5 বছর (d) 6 বছর

86. A নল, B নলের 4 গুণ ক্ষমতাসম্পন্ন। একটি চৌবাচ্চা A নল 15 মিনিটে জলপূর্ণ করতে পারে। একত্রে ওই দু'টি নল দিয়ে চৌবাচ্চাটি জলপূর্ণ করতে কত সময় লাগবে?
(a) 10 মিনিট (b) 12 মিনিট (c) 14 মিনিট (d) 16 মিনিট

87. 8 জন বালিকা এবং 12 জন মহিলা একটি বাগান তৈরির কাজ 9 দিনে করতে পারে। যদি প্রত্যেক বালিকার কাজটি করতে প্রত্যেকে মহিলার চেয়ে দ্বিগুণ সময় লাগে তবে 12 জন মহিলা ওই কাজটি কতদিনে শেষ করতে পারবে?
(a) 8 দিনে (b) 9 দিনে (c) 12 দিনে (d) 15 দিনে

88. সমগ্র পৃথিবীতে স্থল ও জলের অনুপাত 1 : 2 উত্তরগোলার্ধে অনুপাত 2 : 3, দক্ষিণগোলার্ধের অনুপাত হবে:
(a) 4 : 11 (b) 11 : 4 (c) 8 : 11 (d) 11 : 8

89. গ্যাসের বাজারদাম 25% বৃদ্ধি পাওয়ায়, একটি পরিবারের গ্যাসের খরচ একই রাখতে গ্যাসের খরচ হ্রাস পায়:
(a) 10% (b) 15% (c) 20% (d) 25%

90. 125 মিটা দৈর্ঘ্যের একটি ট্রেন 175 মিটার দৈর্ঘ্যের একটি সেতুকে 20 সেকেন্ডে অতিক্রম করে। ওই ট্রেনটি কত সময়ে 115 মিটার দৈর্ঘ্যের একটি প্ল্যাটফর্মকে অতিক্রম করবে?
(a) 12 সেকেন্ডে (b) 14 সেকেন্ডে (c) 16 সেকেন্ডে (d) 18 সেকেন্ডে

91. একটি লঞ্চের স্থির জলে বেগ 3 কিমি/ঘণ্টা। স্রোতের বেগ 2 কিমি/ঘণ্টা। 10 কিমি স্রোতের অনুকূলে গিয়ে ফিরে আসতে তার কত সময় লাগবে?
(a) 10 ঘণ্টা (b) 11 ঘণ্টা (c) 12 ঘণ্টা (d) 13 ঘণ্টা

92. A, B ও C একটি যৌথ ব্যবসায় 7 : 3 : 2 অনুপাতে টাকা বিনিয়োগ করে। যদি তাদের লভ্যাংশের অনুপাত 2 : 3 : 7 হয়, তবে তাদের বিনিয়োগের সময়ের অনুপাত কত?
(a) 49 : 14 : 4 (b) 4 : 14 : 49 (c) 49 : 14 : 11 (d) 14 : 9 : 14

93. 15% হারে 3125 টাকার 73 দিনের সুদ কত?
(a) 92 টাকা (b) 93.75 টাকা (c) 98.70 টাকা (d) 99 টাকা

94. স্টপেজ না দিলে একটি বাসের বেগ 54 কিমি/ঘণ্টা। স্টপেজ দিলে 45 কিমি/ঘণ্টা। 1 ঘণ্টায় বাসটি কতবার দাঁড়াবে, যদি প্রতি স্টপেজ 1 মিনিট করে দাঁড়ায়?
(a) 9 বার (b) 10 বার (c) 11 বার (d) 12 বার

95. 200 এবং 300 এর মধ্যে কোন বৃহত্তম সংখ্যাকে 6, 8 ও 9 দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে 5 অবশিষ্ট থাকবে?
(a) 288 (b) 289 (c) 293 (d) 297

96. দু'টি সংখ্যার যোগফল ও বিয়োগফল যথাক্রমে 38 এবং 4 হলে, সংখ্যাদু'টির গুণফল কত?
(a) 357 (b) 570 (c) 468 (d) 251

97. একটি থলিতে 25 পয়সা, 10 পয়সা এবং 5 পয়সার মুদ্রা 1 : 2 : 3 অনুপাতে আছে। থলিটিতে মোট 30 টাকা আছে। তাহলে থলিতে 5 পয়সার মুদ্রা আছে:
(a) 50টি (b) 100টি (c) 120টি (d) 150টি

98. দু'টি সংখ্যার অনুপাত 3 : 4 এবং গ.সা.গু. 4 হলে, ল.সা.গু. কত?
(a) 24 (b) 36 (c) 48 (d) 60

99. দু'টি সংখ্যার সমষ্টি 36 এবং তাদের পার্থক্য 6 হলে, সংখ্যাদু'টির অনুপাত কত?
(a) 7 : 5 (b) 5 : 7 (c) 3 : 7 (d) 2 : 5

100. বেলা 9টা 45 মিনিট। ঘড়িতে কাঁটা দু'টির মধ্যবর্তী কোণ কত?
(a) $22^\circ$ (b) $22\frac{1}{2}^\circ$ (c) $25^\circ$ (d) $25\frac{1}{2}^\circ$

### উত্তর

1(b), 2(d), 3(a), 4(d), 5(d), 6(c), 7(a), 8(d), 9(c), 10(c), 11(b), 12(d), 13(c), 14(c), 15(d), 16(b), 17(c), 18(b), 19(c), 20(a), 21(d), 22(c), 23(b), 24(d), 25(b), 26(a), 27(d), 28(c), 29(c), 30(d), 31(d), 32(b), 33(c), 34(a), 35(c), 36(b), 37(b), 38(d), 39(d), 40(c), 41(d), 42(c), 43(b), 44(b), 45(a), 46(c), 47(c), 48(d), 49(d), 50(a), 51(a), 52(b), 53(b), 54(b), 55(b), 56(c), 57(b), 58(a), 59(c), 60(c), 61(d), 62(c), 63(d), 64(d), 65(c), 66(a), 67(c), 68(d), 69(a), 70(c), 71(a), 72(c), 73(d), 74(c), 75(a), 76(b), 77(a), 78(d), 79(b), 80(a), 81(b), 82(c), 83(b), 84(a), 85(b), 86(b), 87(c), 88(a), 89(c), 90(c), 91(c), 92(b), 93(b), 94(b), 95(c), 96(a), 97(d), 98(c), 99(a), 100(b).

### সমাধান

76(b): মুদ্রিত মূল্য = 1500 টাকা

ছাড় দেওয়ার পর মূল্য $= \frac{1500 \times 80}{100} = 1200$ টাকা

1104 টাকা মূল্য হলে আরও (1200 – 1104) = 96 টাকা ছাড় দিতে হবে

ছাড়ের শতাংশ $= \frac{96}{1200} \times 100 = 8\%$.

77(a): ধরি, তৃতীয় সংখ্যা = 100, প্রথম সংখ্যা = 120, দ্বিতীয় সংখ্যা = 150

∴ প্রথম সংখ্যাটি দ্বিতীয় সংখ্যার $= \left(\frac{120 \times 100}{150}\right)\% = 80\%$.

78(d): 171, 190, 209-এর গ.সা.গু. = 19

মোট পিপার সংখ্যা $= \frac{171 + 190 + 209}{19} = \frac{570}{19} = 30$টি।

79(b): ধরি, শতক ও এককের অঙ্ক = x এবং দশকের অঙ্ক y

তাহলে সংখ্যাটি 100x + 10y + x

প্রশ্নানুসারে, 2x + y = 16 এবং x – y = 2

সমাধানে পাই, x = 6, y = 4 ∴ সংখ্যাটি 646.

80(a): মেশিনটির প্রাথমিক মূল্য 12000 টাকা

$8748 = 12000 \times 1 - \left(\frac{10}{100}\right)^n$ বছর = n

$\frac{8748}{12000} = \left(1 - \frac{1}{10}\right)^n = \left(\frac{9}{10}\right)^n \therefore \left(\frac{9}{10}\right)^n = \frac{729}{1000} = \left(\frac{9}{10}\right)^3 \quad \therefore n = 3$

∴ 3 বছর ব্যবহার হয়েছে।

81(b): রঙের পরিমাণ $= 125\left(\frac{125 - 25}{125}\right)^3 = 125 \times \frac{4}{5} \times \frac{4}{5} \times \frac{4}{5} = 64$ লিটার।

82(c): নির্ণেয় গড় $= \frac{(23+1)(2 \times 23 + 1)}{6} = \frac{24 \times 47}{6} = \frac{1128}{6} = 188$.

83(b): প্রথম ব্যক্তি দেখা হওয়ার পূর্বে (4 + 3) = 7 ঘণ্টা রিকশায় চড়েছেন

7 ঘণ্টায় প্রথম ব্যক্তি যায় (12 × 7) = 84 কিমি

মোটরগাড়িতে থাকা লোকটি 84 কিমি যায় 4 ঘণ্টায়

∴ মোটরগাড়ির গতিবেগ $\frac{84}{4} = 21$ কিমি/ঘণ্টা।

84(a): প্রকৃত লাভ বা ক্ষতি $= \left\{\frac{(100 + 16) \times 1000}{870} - 100\right\}\%$

$= \left(\frac{116 \times 100}{87} - 100\right) = \frac{400}{3} - 100 = \frac{100}{3} = 33\frac{1}{3}\%$

∴ $33\frac{1}{3}$ % লাভ হয়েছে।

85(b): স্বামী স্ত্রী ও সন্তানের বর্তমানে মোট বয়স 3 × 20 বছর

5 বছর পূর্বে স্বামী ও স্ত্রীর মোট বয়স ছিল = 23 × 2 বছর

স্বামী ও স্ত্রীর বর্তমান মোট বয়স = (2 × 23) + (2 × 5) = 2(23 + 5) বছর

∴ সন্তানের বর্তমান বয়স = (3 × 20) – 2(23 + 5) = 4 বছর।

86(b): নির্ণেয় সময় $= \left(\frac{4}{4+1} \times 15\right) = 12$ মিনিট।

87(c): দু'জন বালিকা = 1 জন মহিলা

∴ 1 জন বালিকা $= \frac{1}{2}$ জন মহিলা, 8 বালিকা $= \frac{1}{2} \times 8$ জন মহিলা = 4 জন মহিলা

1 জন মহিলা কাজটি 9 × 16 দিনে করবে

12 জন মহিলা কাজটি $\frac{9 \times 16}{12}$ দিনে করবে = 12 দিনে করবে।

88(a): ধরা যাক, দক্ষিণগোলার্ধে স্থল ও জলের অনুপাত x : y

$\left(\frac{2}{5} + \frac{x}{x+y}\right) : \left(\frac{3}{5} + \frac{x}{x+y}\right) = 1 : 2$

বা, $\frac{2x + 2y + 5x}{5(x+y)} : \frac{3x + 3y + 5x}{5(x+y)} = 1 : 2$ বা, $\frac{7x + 2y}{3x + 8y} = \frac{1}{2}$

বা, 14x + 4y = 3x + 8y বা, x : y = 4 : 11.

89(c): গ্যাসের বরাদ্দ খরচ হ্রাস পায় $= \left(\frac{25}{100 + 25} \times 100\right)\% = 20\%$.

90(c): নির্ণেয় সময় $= \frac{125 + 115}{125 + 175} \times 20 = \frac{240}{300} \times 20 = 16$ সেকেন্ড।

91(c): অনুকূলে বেগ = (3 + 2) = 5 কিমি/ঘণ্টা

প্রতিকূলে বেগ = (3 – 2) = 1 কিমি/ঘণ্টা ∴ সময় লাগবে $\frac{10}{5} + \frac{10}{1} = 12$ ঘণ্টা।

92(b): সময়ের অনুপাত $= \frac{2}{7} : \frac{3}{3} : \frac{7}{2} = \frac{2}{7} : 1 : \frac{7}{2} = 4 : 14 : 49$.

93(b): $SI = \frac{ptr}{100}, \frac{3125 \times \frac{73}{365} \times 15}{100} = \frac{3125 \times 3}{100} = \frac{9375}{100} = 93.75$.

94(b): বাসটি স্টপেজ দেওয়ায় কম যায় = (54 – 45) = 9 কিমি

54 কিমি যায় 60 মিনিটে, 1 কিমি যায় $\frac{60}{54}$ মিনিটে

9 কিমি যায় $\frac{60 \times 9}{54}$ মিনিটে = 10 মিনিটে

যেহেতু 1 মিনিট করে স্টপেজ দেয়, তাই বাসটি মিনিটে দাঁড়াবে $\frac{10}{1} = 10$ বার।

95(c): 6, 8, 9-এর ল.সা.গু. = 72

200 এবং 300-এর মধ্যে 72-এর বৃহত্তম গুণিতক 72 × 4 = 288

∴ নির্ণেয় সংখ্যা = 288 + 5 = 293.

96(a): গুণফল $= \frac{38 + 4}{2} \times \frac{38 - 4}{2} = \frac{42}{2} \times \frac{34}{2} = 357$.

97(d): 25 পয়সা মুদ্রা xটি, 10 পয়সার মুদ্রা 2xটি, 5 পয়সার মুদ্রা 3xটি আছে

4টি 25 পয়সা = 10টি 10 পয়সা = 20টি 5 পয়সা

প্রশ্নানুসারে, $\frac{x}{4} + \frac{2x}{10} + \frac{3x}{20} = 30 = \frac{5x + 4x + 3x}{20} = 30$

বা, 12x = 600 বা, x = 50

∴ 5 পয়সার মুদ্রা আছে 3 × 50 = 150টি।

98(c): ল.সা.গু. = গ.সা.গু. × অনুপাতের গুণফল

∴ ল.সা.গু. = 4 × (3 × 4) = 48.

99(a): (36 + 6) : (36 – 6) = 42 : 30 = 7 : 5.

100(b): মধ্যবর্তী কোণের মান $= \left\{30 \times \left(9 - \frac{45}{5}\right) + \frac{45}{2}\right\}^\circ$

$= \left\{30 \times 0 + 22\frac{1}{2}\right\}^\circ = 22\frac{1}{2}^\circ$

*প্রস্তুত করেছেন: চন্দন ঘোষ ও অভিষেক রায়*

**WEST BENGAL POLICE SI 2019 GUIDE BOOK**




বিগত বছরগুলোর পরীক্ষাতে যে PATTERN এর প্রশ্ন করেছে সেই PATTERN কে FOLLOW করে প্রতিটি বিষয়ের উপর **SOLVED MCQ PRACTICE SET**

CONTENTS :

1) GENERAL AWARENESS SOLVED PRACTICE SETS

( **300 SOLVED PRACTICE SETS** – PHYSICS , CHEMISTRY , BIOLOGY ) HISTORY , GEOGRAPHY , POLITY , INDIAN ECONOMY , CURRENT AFFAIRS , COMPUTER ,)

3) QUANTITATIVE & REASONING APTITUDE SOLVED PRACTICE SETS

( **100 SOLVED PRACTICE SETS** – APTITUDE , REASONING ) **পুলিশ সাব ইন্সপেক্টর MAINS এবং ICDS MAINS এর ক্ষেত্রেও এই পার্টটি কাজে লাগবে**

**ALL TOTAL 1130 PAGES** **PRICE : 40 RS**

**DOWNLOAD LINK GIVEN BELOW :**

https://imojo.in/41vuvl7

## অ্যাডভান্সড সিস্টেমস ল্যাবরেটরিতে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

৬০ জন তরুণ-তরুণীকে গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসশিপ এবং ট্রেড অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে ট্রেনিং দেবে অ্যাডভান্সড সিস্টেমস ল্যাবরেটরি। এটি ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডি আর ডি ও)-এর অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিস অ্যাক্ট, ১৯৬১, অ্যাপ্রেন্টিস রুলস, ১৯৯২ এবং অ্যাপ্রেন্টিসশিপ (অ্যামেন্ডমেন্ট) রুলস, ২০১৫ অনুসারে এক বছরের ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: ASL/23/2020/3322/OR/1.

**বিষয় অনুসারে আসন: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস:** এরোস্পেস ইঞ্জিনিয়ারিং: ৩টি। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং: ৩টি। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং: ২টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং: ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। **স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ৯,০০০ টাকা।

**টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস:** কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং: ২টি। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং: ৪টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন: ৪টি। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: ১০টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। **স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ৮,০০০ টাকা।

**ট্রেড অ্যাপ্রেন্টিস:** সি এন সি প্রোগ্রামার-কাম-অপারেটর: ২টি। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ২টি। ইলেক্ট্রিশিয়ান: ৮টি। ফাইবার রিইনফোর্সড প্লাস্টিক্স প্রসেসর: ২টি। ফিটার: ৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই। **স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ৭,৭০০ থেকে ৮,০০৫০ টাকা।

প্রার্থীকে অবশ্যই ২০১৭, ২০১৮ বা ২০১৯ সালের পরীক্ষায় পাশ করে থাকতে হবে। নিয়মানুসারে তফসিলি, ও বি সি, আর্থিকভাবে অনগ্রসর এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓তিন কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। একটি ফটো আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় সেঁটে তার উপর সই করে দেবেন। অন্য দু'কপি ফটো আবেদনপত্রের সঙ্গে গেঁথে দেবেন। ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট বা দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

আবেদনপত্র ভরা খামের উপর লিখবেন: 'APPLICATION FOR APPRENTICESHIP TRAINING-2020 GRADUATE/DIPLOMA/ITI'

২১ মার্চের মধ্যে আবেদনপত্র পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director, Afvanced Systems Laboratory, Dr. A.P.J. Abdul Kalam Missile Complex, Defence Research & Development Organisation, P.O. Kanchanbagh, Hyderabad-500 058.

*আবেদনপত্রের বয়ান আগামী সংখ্যায়*

রাজ্য পুলিশে

## সফটওয়্যার সাপোর্ট পার্সোনেল

সফটওয়্যার সাপোর্ট পার্সোনেল পদে ৮ জনকে নেবে রাজ্য পুলিশ। চুক্তিতে নিয়োগ হবে রাজ্যের পশ্চিমাঞ্চলের সাইবার ক্রাইম পুলিশ স্টেশনে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wbpolice.gov.in এর পাশাপাশি কম্পিউটারে প্রার্থীর পাসপোর্ট মাপের ফটো, সই, বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র এবং প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র স্ক্যান করে রাখবেন।

স্ক্যান করা প্রয়োজনীয় নথি-সহ পূরণ করা দরখাস্ত পাঠাতে হবে এই ই-মেল ঠিকানায়: igpwest@gmail.com দরখাস্তের শেষ তারিখ ৩১ মার্চ।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## দক্ষিণ ২৪ পরগনায় অঙ্গনওয়াড়ি কর্মী

*প্রথম পাতার পর*

হতে হবে।

**অঙ্গনওয়াড়ি সহায়িকা:** ৪৩টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত অষ্টম শ্রেণি পাশ। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির অন্তর্ভুক্ত গ্রাম পঞ্চায়েতের স্থায়ী বাসিন্দা হতে হবে।

**বয়স:** ২৮-২-২০২০ তারিখে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে ৯০ নম্বরের লিখিত পরীক্ষা ও ১০ নম্বরের ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: http://s24pgs.gov.in পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓দু'কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। অপর ফটোটি দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।
✓শিক্ষাগত যোগ্যতা ও বয়সের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓স্থায়ী বাসস্থানের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা ও ৫ টাকার ডাকটিকিট সাঁটানো ৯×৪ ইঞ্চি মাপের একটি খাম।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের উপর পদের নাম ও গ্রাম পঞ্চায়েতের নাম লিখে দেবেন। যে-কোনও কাজের দিন দরখাস্ত দুপুর ১২টা থেকে বিকেল ৩টের মধ্যে সরাসরি গিয়ে জমা দিতে হবে এই ঠিকানায়: মগরাহাট-১, সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প, গ্রাম ও পোঃ উস্থি, জেলা দক্ষিণ চব্বিশ পরগনা, পিন-৭৪৩৩৭৫। দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ২৩ মার্চ।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## মালদায় ১২৯ আশাকর্মী

*প্রথম পাতার পর*

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.malda.nic.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন: ✓প্রার্থীর ২ কপি রঙিন পাসপোর্ট মাপের প্রত্যয়িত ফটো। ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট বা অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত নকল। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓বিবাহিত মহিলাদের ক্ষেত্রে ম্যারেজ সার্টিফিকেট, বিবাহবিচ্ছিন্নাদের ক্ষেত্রে ডিভোর্স ডিক্রি এবং বিধবাদের ক্ষেত্রে স্বামীর ডেথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓স্বনির্ভর গোষ্ঠীর সদস্যপত্র বা প্রশিক্ষণপ্রাপ্ত দাই এবং লিংক ওয়ার্কার হিসেবে কাজের অভিজ্ঞতা সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত ১৯ মার্চের মধ্যে সরাসরি জমা দিতে হবে সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিক (বি ডি ও)-এর অফিসে রাখা ড্রপ বক্সে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## হিন্দুস্তান উর্বরক অ্যান্ড রসায়নে ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

২০১৯ পরীক্ষায় সংশ্লিষ্ট 'ই ই' (ইলেক্ট্রিক্যাল) পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

**ভ্যাকেন্সি নম্বর ০৪/২০:** ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং: শূন্যপদ ১২টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা কন্ট্রোল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং)। সেই সঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় 'আই এন' (ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং) বা 'ই সি' (ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং) পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

**বয়স:** ১৫-৩-২০২০ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে।

প্রাথমিক ভাবে গেট-২০১৯ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের বাছাই করা হবে। নির্বাচিত প্রার্থীদের বিহেভিয়োরিয়াল টেস্ট, গ্রুপ ডিসকাসন বা গ্রুপ টেস্ট এবং পার্সোনাল ইন্টার‍্যাকশনের জন্য ডাকা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hurl.net.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৫ মার্চ।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## জীবনবিমায় অফিসার ও ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**অ্যাসিস্ট্যান্ট অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার:** চার্টার্ড অ্যাকাউন্টেন্সি: ৪০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১, আর্থিকভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, চলাফেরায় অসুবিধা আছে এমন প্রতিবন্ধী এবং বৌদ্ধিক প্রতিবন্ধী বা একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত। ইনফর্মেশন টেকনোলজি: ৫০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিকভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত এবং চলাফেরায় অসুবিধা আছে এমন প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। অ্যাকচুয়ারিয়াল: ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮, আর্থিকভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, চলাফেরায় অসুবিধা আছে এমন প্রতিবন্ধী এবং বৌদ্ধিক প্রতিবন্ধী বা একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত। লিগাল: ৪০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০, আর্থিকভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ২টি শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধী বা একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থী এবং ১টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং চলাফেরায় অসুবিধা আছে এমন প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। রাজভাষা: ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ২টি শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধী বা একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য এবং ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা:** আই টি শাখার ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স শাখায় স্নাতক অথবা এম সি এ অথবা কম্পিউটার সায়েন্সে এম এসসি।

চার্টার্ড অ্যাকাউন্টেন্সি শাখার ক্ষেত্রে স্নাতক, সঙ্গে ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়া-র ফাইনাল পরীক্ষায় পাশ করে থাকতে হবে এবং আর্টিকলস সম্পূর্ণ করে থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়ার অ্যাসোসিয়েট মেম্বার হতে হবে।

অ্যাকচুয়ারিয়াল শাখার ক্ষেত্রে স্নাতক, সঙ্গে ইনস্টিটিউট অব অ্যাকচুয়ারিজ অব ইন্ডিয়া বা ইংল্যান্ডের ইনস্টিটিউট অ্যান্ড ফ্যাকাল্টি অব অ্যাকচুয়ারিজ থেকে অন্তত ছ'টি পেপার পাশ করে থাকতে হবে এবং বৈধ মেম্বারশিপ থাকতে হবে। ১-২-২০২০ তারিখের আগে প্রার্থীকে উপরোক্ত যোগ্যতা অর্জন করে থাকতে হবে।

লিগাল শাখার ক্ষেত্রে আইনে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি, এর পাশাপাশি আদালতে আইনজীবী হিসেবে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

রাজভাষার ক্ষেত্রে হিন্দি বা হিন্দি অনুবাদে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে স্নাতকস্তরে অন্যতম বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে। অথবা ইংরেজিতে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে স্নাতকস্তরে অন্যতম বিষয় হিসেবে হিন্দি পড়ে থাকতে হবে। অথবা সংস্কৃতে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে স্নাতকস্তরে অন্যতম বিষয় হিসেবে ইংরেজি এবং হিন্দি পড়ে থাকতে হবে।

**বয়স:** ১-২-২০২০ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৩২,৭৯৫-৬২,৩১৫ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের অনলাইন পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। সবশেষে থাকবে মেডিক্যাল এক্সামিনেশন। প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য তারিখ ৪ এপ্রিল। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: বৃহত্তর কলকাতা, শিলিগুড়ি, আসানসোল, হুগলি, কল্যাণী। প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং এবিলিটি ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ (গ্রামার, ভোকাবুলারি, কম্প্রিহেনশন) বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন। মোট নম্বর ৭০। সময়সীমা ১ ঘণ্টা।

মেন পরীক্ষায় ১২০টি প্রশ্ন হবে রিজনিং এবিলিটি, জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স, ইনশিওরেন্স অ্যান্ড ফিনান্সিয়াল মার্কেট অ্যাওয়্যারনেস এবং সংশ্লিষ্ট শাখা বিষয়ে। মোট নম্বর ৩০০। এর পাশাপাশি থাকবে ইংরেজিতে লেটার ও এসে রাইটিং (লিগাল শাখার ক্ষেত্রে লিগাল ড্রাফটিং)। মোট সময়সীমা ২ ঘণ্টা ৩০ মিনিট। মেন পরীক্ষার দিনক্ষণ এখনও প্রকাশিত হয়নি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.licindia.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৫ মার্চ পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০০×২৩০ পিক্সেলে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালিতে করা সই (১৪০×৬০ পিক্সেলে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেলে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং প্রার্থীর নিজের হাতে লেখা একটি ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেলে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ডিক্লারেশনের বয়ান পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

ফি বাবদ দিতে হবে ৭০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৮৫ টাকা)। জি এস টি ও ট্রানজাকশন চার্জ অতিরিক্ত। অনলাইন ব্যবস্থায় ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আই এম পি এস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্ট এবং অনলাইন অ্যাপ্লিকেশনের প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে।

অনলাইন পরীক্ষার কললেটার ২৭ মার্চ থেকে উপরোক্ত ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.licindia.in

## এয়ার ইন্ডিয়ায় ১২২

*প্রথম পাতার পর*

বি এসসি নার্সিং। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ ২-৩-১৯৯০ থেকে ১-৩-২০০২-এর মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ২১,৩০০ টাকা।

**জুনিয়র এক্সিকিউটিভ (টেকনিক্যাল):** ১০টি। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল বা অটোমোবাইল বা প্রোডাকশন বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। সেই সঙ্গে লাইট মোটর ভেহিক্যাল থাকতে হবে। পাশাপাশি, নিয়োগের এক বছরের মধ্যে প্রার্থীকে হেভি মোটর ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স দেখাতে হবে। উড়ান-অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ২৮ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ ২-৩-১৯৯২ থেকে ১-৩-২০০২-এর মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ২৫,৩০০ টাকা।

বয়সের ক্ষেত্রে তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে। কাস্টোমার এজেন্ট পদের ক্ষেত্রে ১১ মার্চ এবং জুনিয়র এক্সিকিউটিভ ও প্যারা মেডিক্যাল এজেন্ট পদের ক্ষেত্রে ১০ মার্চ পরীক্ষা হবে। সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত। পরীক্ষাকেন্দ্রের ঠিকানা: সিস্টেমস অ্যান্ড ট্রেনিং ডিভিশন সেকেন্ড ফ্লোর, জি এস ডি কমপ্লেক্স, নিয়ার সহর পুলিশ স্টেশন, এয়ারপোর্ট গেট নম্বর ৫, সহর, আন্ধেরি-ই, মুম্বই-৪০০০৯৯।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiatsl.com পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓এক কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে তার উপর সই করে দেবেন।
✓ফি বাবদ ৫০০ টাকার ডিমান্ড ড্রাফট। এটি 'AIR INDIA AIR TRANSPORT SERVICES LTD'-র অনুকূলে মুম্বইয়ে প্রদেয় হতে হবে। তফসিলি ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না। ড্রাফটের পিছনে প্রার্থীর নাম ও মোবাইল নম্বর লিখে দেবেন।
✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
✓ডোমিসাইল সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓আধার কার্ড ও প্যান কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
✓আর্থিকভাবে অনগ্রসরদের ক্ষেত্রে ইনকাম অ্যান্ড অ্যাসেট সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

উপরোক্ত নথিপত্রের মূল কপিও ইন্টারভিউয়ের সময় সঙ্গে রাখবেন। প্রয়োজন হতে পারে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।